# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 35 ■ Issue No. 35 ■ 27th August 2022 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88



কম্পিউটারে দক্ষ ও অভিজ্ঞ
স্মার্ট কর্মী চাই (M/F), উচ্চশিক্ষিত অগ্রাধিকার
সরাসরি INTERVIEW এর মাধ্যমে নিয়োগ
মাসিক বেতন ₹ 9,000 to 12,000/-
HALDAR GROUP OF INSTITUTIONS
WB GOVT. REG. No. : IV-1903-00118/2022
ISO 9001:2008 Certified
হেড অফিস : সোনারপুর, কলকাতা- ৭০০১৫০
www.haldargroup.org
Bio-Data WhatsApp করুন : 8334923405 (দয়া করে Call করবেন না)


# আড়াই লাখ পোস্টম্যান, মেলগার্ড, পোস্টাল অ্যাসিস্ট্যান্ট ডাকবিভাগে

**মাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট**

**রঞ্জিৎ ঘোষ** : ভারতীয় ডাক বিভাগের পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতের বিভিন্ন সার্কেলে প্রায় ২,৪৩,০৫৯টি শূন্যপদ পূরণের সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার। ২০০১ সাল থেকে ২০২২ সালের ১ আগস্ট পর্যন্ত সারা ভারতে ডাক বিভাগের বিভিন্ন সাকেলে বিভিন্ন পদে এই শূন্যপদ তৈরি হয়েছে। মোট শূন্যপদের মধ্যে পশ্চিমবঙ্গে শূন্যপদ আছে ২১,৩৩০টি। এইসব পদে চলতি বছর থেকেই ধারাবাহিকভাবে শূন্যপদ পূরণ করা হবে। মেল মোটর সার্ভিস, পোস্টাল সার্ভিস, পোস্টাল অপারেটিভ সার্ভিস, রেলওয়ে মেল সার্ভিস, সেভিংস ব্যাঙ্ক কন্ট্রোল অর্গানাইজেশন, সার্কেল অফিস / রিজিওন্যাল অফিস, স্টেনোগ্রাফার ক্যাডার ও ডিপার্টমেন্ট অফ ক্যান্টিন ইত্যাদি বিভাগে নওয়া হবে এইসব পদে : পোস্টম্যান, মেল গার্ড, মাল্টি টাস্কিং স্টাফ, এরপর ২ পাতায়


VANIK
Admission open for
Bank / SSC
Rail/WBCS
SLST/TET
7449556677


কলেজ সার্ভিস কমিশনের 'সেট' পরীক্ষার মাধ্যমে

# কলেজে সহ-অধ্যাপক

**নিজস্ব প্রতিনিধি** : পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে কলকাতা-সহ অন্যান্য বিশ্ববিদ্যালয় ও ওই সব বিশ্ববিদ্যালয়ের অধীন বেসরকারি কলেজগুলির 'অ্যাসিস্ট্যান্ট প্রফেসর' ও 'লাইব্রেরিয়ান' পদে চাকরির জন্য '২৪তম সেট (স্টেট লেভেল এলিজিবিলিটি টেস্ট) বা, SET' পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। এবার 'সেট' পরীক্ষা নেওয়া হবে এই সব ৩৩টি বিষয়ের 'অ্যাসিস্ট্যান্ট প্রফেসর' পদের জন্য (ব্রাকেটে কোড নং দেওয়া হল) : ইংরিজি (০১), বাংলা (০২), সংস্কৃত (০৩), হিন্দি (০৪), উর্দু (০৫), কমার্স (০৬), অর্থনীতি (০৭), ইতিহাস (০৮), দর্শন (০৯), রাষ্ট্রবিজ্ঞান (১০), এডুকেশন (১১), কেমিক্যাল সায়েন্সেস (১২), ভূগোল (১৩), লাইফ সায়েন্স (১৪), ম্যাথমেটিক্যাল সায়েন্সেস (১৫), ফিজিক্যাল এরপর ৪ পাতায়


সরকারি চাকরির প্রস্তুতি
ICE Academy
WBCS SSC PSC
Post Office Police
School Service
বালিগঞ্জ কেন্দ্র
9804412898
7044517509


## ৩৬ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা** : কেন্দ্রীয় সরকারি সংস্থা ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ডি.আর.ডি.ও.)'এর অধীন যোধপুর ডিফেন্স ল্যাবরেটরি ট্রেড অ্যাপ্রেন্টিস হিসাবে ৩৬ এরপর ১৩ পাতায়

# আর্মিতে মহিলা 'অগ্নিবীর' র‍্যালি

**নিজস্ব প্রতিনিধি** : ভারতীয় স্থলবাহিনী 'অগ্নিপথ' স্কিমে 'অগ্নিবীর জেনারেল ডিউটি (উইমেন)' পদে ৪ বছরের চুক্তিতে কয়েক হাজার তরুণী নেওয়া হচ্ছে। কলকাতা হেড কোয়ার্টার্স রিক্রুটিং অফিস সরাসরি র‍্যালির মাধ্যমে নিয়োগ করবে। র‍্যালি হবে ১৯ ডিসেম্বর। এই ঠিকানায় : সেরষা স্টেডিয়াম, খড়গপুর (পশিমবঙ্গ)। কারা আবেদন করতে পারবেন :

মোট অন্ততঃ ৪৫% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ মেয়েরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৩৩% (অতিরিক্ত বিষয় ছাড়া) নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। হাল্কা গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে অগ্রাধিকার এরপর ১০ পাতায়

স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে

# কেন্দ্রে কয়েকশো স্টেনো

**নিজস্ব সংবাদদাতা** : কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে কাজের জন্য 'স্টেনোগ্রাফার গ্রেড-সি' ও 'স্টেনোগ্রাফার গ্রেড-ডি' পদে কয়েকশো ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। গ্রেড 'ডি' স্টেনোগ্রাফার পদের বেলায় ইংরিজি শর্টহ্যান্ড ও কম্পিউটার টাইপিংয়ে মিনিটে যথাক্রমে অন্তত ৮০টি ও ৫০টি শব্দ তোলার গতি থাকা দরকার। আর গ্রেড 'সি' স্টেনোগ্রাফার পদের এরপর ৪ পাতায়


ফার্মেসি, প্যারামেডিক্যাল ও নার্সিং কোর্সে সরাসরি ভর্তি চলছে
D.PHARM 80K FOR 2 YRS.
B.PHARM 2 LAC FOR 4 YRS.
M.PHARM • PHARM.D
Approved by PCI & State Govt. 9330161567
DMLT BMLT CCT OT
DPT BPT X-RAY ECG
Contact : 8240152898
NEET, JENPAS, GNM / ANM
(Online / Offline Coaching for 2023)
DIPLOMA IN PHARMACY EXIT EXAMINATION (DPEE)
Entrance Exam Coaching will be started on
15th Sept., 22 onwards
RELIABLE ACADEMY
Contact : 8100513198
GNM • B.SC. (NURSING)
Contact - 7003007707
Any information call : 8017811251


বর্ডার রোডস অর্গানাইজেশনে

# ২৪৬ মাল্টি টাস্কিং স্টাফ

কেন্দ্রীয় সরকারের সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক মন্ত্রকের অধীন বর্ডার রোডস অর্গানাইজেশনের জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার ফোর্স ড্রাফটসম্যান, সুপারভাইজর স্টোর্স, সুপারভাইজর সিপার, অপারেটর, ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার, মাল্টি স্কিল্ড ওয়ার্কার ট্রেডে ২৪৬ জন ছেলে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**পোস্ট কোড 01: ড্রাফটসম্যান।** বিজ্ঞান বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে আর্কিটেকচার বা, ড্রাফটসম্যানশিপের ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। ড্রাফটসম্যান (সিভিল) ট্রেডে ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট কোর্স পাশরা ১ বছরের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। এরপর ৬ পাতায়

## ১৩ অ্যাসিস্ট্যান্ট

**নিজস্ব সংবাদদাতা** : ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেড 'ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট ট্রেনি' পদে ১৩ জন লোক নিচ্ছে। ইলেক্ট্রনিক্স বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, এরপর ৫ পাতায়

## ICDS ইন্টারভিউ

আই.সি.ডি.এস সুপারভাইজর পদের প্রথম ফেজ'এর ইন্টারভিউ চলছে। দ্বিতীয় ফেজ'এর ইন্টারভিউ শুরু ১ থেকে ২৯ সেপ্টেম্বর পর্যন্ত। ৫০ নম্বরের ইন্টারভিউয়ের টিপস নিয়ে বিস্তারিত আলোচনা আছে ৮ পাতায়।


**ভেতরের পাতায় আছে :**

- রেলের গ্রুপ 'ডি' পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
- নানান চাকরির পরীক্ষার জিজ্ঞাসার উত্তর


# NCC পাশদের সেনাবাহিনীতে চাকরি

**নিজস্ব সংবাদদাতা** : ভারতীয় সেনাবাহিনী এন.সি.সি. পাশ করা প্রার্থীদের মধ্যে থেকে শর্ট সার্ভিস কমিশনে 'এন.সি.সি. স্পেশাল এন্ট্রি স্কিমে' ৫৩তম কোর্সে ৫৫ জন অবিবাহিত ছেলেমেয়ে নিচ্ছে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ডিগ্রি কোর্সের তৃতীয় বর্ষের প্রার্থীরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায় প্রথম ২ বছরে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। এন.সি.সি.'র সিনিয়র ডিভিশনে অন্তত ২ বছর থাকার পর 'সি' সার্টিফিকেট পরীক্ষায় অন্তত 'বি' গ্রেড থাকা দরকার।

বয়স হতে হবে ১-১-২০২৩'এর হিসাবে ১৯ থেকে ২৫ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯৮ থেকে ১-১-২০০৪'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি আর মেয়েদের বেলায় ১৫২ সেমি। ছেলেদের বেলায় এরপর ৩ পাতায়


SLST PRELIMINARY TEST School Service Commission IX-X & XI-XII
এছাড়াও SLST-র সমস্ত বিষয়ভিত্তিক বই (IX-X & XI-XII) আলাদাভাবে প্রকাশিত হয়েছে
কলকাতা পুলিশ কনস্টেবল প্র্যাকটিস সেট ও Mock Test
INDIAN POLITY & CONSTITUTION
ENCYCLOPEDIA (English Version)
Chapterwise Solved Pre. Years' Exam Questions upto 2022
ইতিহাস এনসাইক্লোপিডিয়া 7000+ MCQ
২০২২ সাল পর্যন্ত সমস্ত কম্পিটিটিভ পরীক্ষার অধ্যায়ভিত্তিক প্রশ্নোত্তর
তপতী® পাবলিশার্স
৯/৪ টেমার লেন, কোলকাতা-০৯ e.mail: tapatipublishers@gmail.com
Our Books Now Available on Amazon and Flipkart Follow us on

WBCS (MAINS)
আবশ্যিক পত্র
বাংলা ও ইংরাজি
68 Practice set
2021 সালের WBCS (Mains) পরীক্ষায়
এই বই থেকে কমনযোগ্য প্রশ্ন
বাংলা: দাগ নং-১.ক. (পৃষ্ঠা-৭৬), খ. (পৃষ্ঠা-১৭৭), গ. (পৃষ্ঠা-৬১)
Q.2. (Page-240), 3.a (Page-230), 4. (Page-249)
MISSION I'MPOSSIBLE
Mock Test Series for
WBCS Exam. (Preli.) 89 Set
কলকাতা পুলিশ কনস্টেবল (Guide Book 2022)
EPH EDUCON®
PUBLISHING HOUSE
Our Books Now Available on Amazon and Flipkart Follow us on

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন, কলকাতা - ৭০০ ০১৯
হেল্প লাইন
(০৩৩) ২৪৬০ ৪৫১১/ ৪৫১২/ ৪৫০৬ ফ্যাক্স নং: ২৪৬০ ৪২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

## স্কুল-কলেজ-শিক্ষা

**ENDEAVOUR**
Medical Representative Training for Graduates. 100% Job. Kolkata : 8961061014, Midnapore : 9038000263, Siliguri : 9875559677
SH(A)

**GNM Nursing**
Admission in WB/ Karnataka Council. 100% Placement Assistance. M: 6290755703
D

LLB (3 yrs) যে কোন বয়সে। যোগ্যতা : যে কোন গ্রাজুয়েট ও 45% নম্বর, SC/ST-40%, OBC-42%, নং সরকারী 9830132343
S

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## স্কুল-কলেজ-শিক্ষা

সংস্কৃত, বাংলা, SSC, NET, SET, TET, BA, MA স্পেশাল কোচিং দিচ্ছেন ভারত খ্যাত পণ্ডিত জয়দীশ্বর। M: 9831518417
SH

মানসিক ও বিপ্রতী কলেজের উদ্যোগে বারাসাত বিশ্ববিদ্যালয় স্বীকৃত Phychologycal First Aid-এর 6 মাসের সার্টিফিকেট কোর্সে ভর্তি চলছে। M : 9831433930
SH(S)

**GNM, B.Sc. Nursing**
D. Pharma ও B. Pharma. সরাসরি ভর্তির জন্য যোগাযোগ- M: 8582831515, 9330836135
B

**COMPETITIVE MATHS**
সকল সরকারি চাকরির পরীক্ষার অঙ্ক করানো হয়। মাসিক ফি 201/- মাত্র। M: 9007595993, মধ্যমগ্রাম।
S

NSDC অনুমোদিত ফিজিওথেরাপি, Nursing, X-Ray কোর্সে ভর্তি চলছে। CBMC - 7980637213, 32, Surya Sen St. Kol-9
CM

**B.Ed, D.El.Ed (কম ফি)**
Nursing, D.Pharm, LLB কোর্সগুলিতে পশ্চিমবঙ্গে সরাসরি ভর্তি চলছে। M : 9609491755
MS

এখন Bangalore-এর খরচেই West Bengal থেকে
GNM নার্সিং, B.Sc. নার্সিং
D.Pharmacy, B.Pharmacy
প্যারামেডিকেল
B.Ed., D.Ed., M.Ed
রবীন্দ্র অ্যাকাডেমী
www.rabindragroup.com
7980602015

## স্কুল-কলেজ-শিক্ষা

নার্সিং কাউন্সিলে রেজিস্ট্রেশন চলছে। মাধ্যমিক / H.S. / B.A. / D.Ed. / B.Ed. / Engineering / B.Libs. / GNM / D.Pharma. / LL.B. / Ph.D. ডাইরেক্ট সার্টিফিকেটের জন্য যোগাযোগ করুন। M: 9476470958
B

**B.Sc. Nursing, GNM**
ANM, B.Pharma, D.Pharma. সরাসরি ভর্তির জন্য, Mob-9143237745, 8910797294
M(A)

TET, WBCS, WBSSC, স্কুল সার্ভিস, রেল, পুলিশ, PSC, SSC, মাসে 800/-। শিয়ালদহ, কৃষ্ণনগর, বানাঘাট, বড় জাগুলি, কাঁচড়াপাড়া, শ্যামনগর। PH : 7584006555
LG

সরকারি চাকরির প্রস্তুতিতে
**CACES**
আমাদের তিনটি পরীক্ষিত কোর্স WBCS, SLST (PT/TET) ও CPTP (Comb)। প্রিলি : মেইনে বসার প্রাপ্তবর্গ কমন সিলেবাস ভিত্তিক এই টেস্টে উত্তরণ। মেইন : ডাইভায় অংশ নিতে ও র‍্যাঙ্কিংয়ে প্রথম দিকে থাকতে পৃথক পৃথক সিলেবাসভিত্তিক এই টেস্টে সর্বোচ্চ নম্বর পেতেই হবে। প্রস্তুতি : প্রিলি (50%) + মেইন (50%)। উপরিউক্ত কোর্সগুলিতে সাফল্য পেতে এক বিজ্ঞানভিত্তিক প্রশিক্ষণ দিচ্ছে CACES, 2/80, দমদম রোড (Opp. GTR), কলি-74, M : 9062756906, 9123846235
SH(A)

## কর্মখালি

**BANK-AIRPORT**
Govt. Reg. No.-2248 সমস্ত জেলায় বিনা ডোনেশনে ব্যাঙ্ক, Airport-এ ৮ম/স্নাতক M/F কর্মী চাই। বেতন : (17200–42000) থাকা-খাওয়া ফ্রি। PF, ESI, বোনাস। 9432957601
SA

**এয়ারপোর্ট ও ব্যাঙ্ক DSA**
M/F কর্মী নিয়োগ চলছে। বেতন : 17,500–52,600, থাকা-খাওয়া, যাতায়াত ফ্রি। এছাড়া Ex-Army দের বিশেষ সুবিধা দেওয়া হচ্ছে। বিশদ জানতে Mobile : 7596831900, ফর্ম - 100+
SA

## কর্মখালি

**সরাসরি নিয়োগ**
প্রতিটি জেলায় গার্ড, SV, ইনচার্জ, ওয়ার্ডবয়, পিওন, অফিসবয়, ক্লার্ক, ATM গার্ড চাই। বেতন : 13500–22500. M : 8961921488
SA

**সরাসরি ৭ দিনে চাকরি**
গভঃ রেজি নং : 254/01, বেতন: 17,900/-–39,500/-, উঃ বঙ্গ-সহ 23 জেলায় ক্লার্ক, SV, ইনচার্জ, ASV-ম্যানেজার, পিওন, ব্যাঙ্ক (DSA) ATM টাওয়ার গার্ড Ex আর্মি গানম্যান, মেট্রো, এয়ারপোর্ট, জাহাজ বন্দর Co-তে (M/F) সমস্ত সুবিধা। G.C.A., Barasat, Ph : 99335-27495 / 80136-07954, এজেন্ট স্বাগত।
SP

**পুজোর ভ্যাকান্সি**
বিনা ডোনেশনে Airport ও Bank-এ M/F, অষ্টম-স্নাতক 5 দিনে জয়েনিং। বেতন : 22,000–47,000, থাকা-খাওয়া ফ্রি। M : 8902427408
SA

**হোটেলে চাকরি**
সরাসরি 3 দিনে জয়েনিং। আয় : 10,000 থেকে শুরু সঙ্গে থাকা-খাওয়া ফ্রী + ধাপে ধাপে উন্নতি। বয়স -18-30. গড়িয়া-9231680651
CM

**Airport এ নিয়োগ**
No Donation, সরকারি কন্ট্রাক্টরের অধীনে ৮ম/স্নাতক নিয়োগ। পদ- S/V, G/FS, চেকিং - পোস্টিং দমদম, বর্ধমান, অণ্ডাল, শিলিগুড়ি। বেতন - 17,900/- – 42,400/-। শীঘ্র যোগাযোগ-M : 9434564954
SA

**জাহাজে ও ডকে চাকরি**
L/C No. KOL69WB, পঃবাংলার 23টি জেলার কর্মপ্রার্থীদের যোগ্যতানুযায়ী বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে 193 জন M/F নিয়োগ করানো হচ্ছে। Salary : 23,750–53800, MP-স্নাতক, Age : 18–38, 3 মাস 7 দিন ডব করার পর 22 দিনের ছুটি with Salary-সহ। থাকা, খাওয়া-সহ ছুটি, বোনাস, ESI, PF, এছাড়া অন্যান্য সুবিধা - 7477530111
SA

## কর্মখালি

**প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব**
Front & Back office. Age : 18-35, HS & Graduate. Salary :12k-20K. নিজ এলাকা। হাওড়া-হুগলি : 9477762102, 6291125164, 8697616100.
R

**ব্যাঙ্ক, এয়ারপোর্ট**
বিনা ডোনেশনে Bank ও এয়ারপোর্টে অষ্টম/স্নাতক M/F কর্মী চাই। বেতন : 22,000/-–42,700/-, PF, ESI, বোনাস-সহ থাকা-খাওয়া ফ্রি। 9434566004
SA

**ট্রেনিং দিয়ে চাকরি**
ট্রেনিং দিয়ে দেশ ও বিদেশে কর্মী নিয়োগ। ব্যাঙ্গালোরে বিনা খরচে সিভিল / মেকানিক্যাল ট্রেডে Ltd. Company-তে ট্রেনিং দেওয়া হয়। ট্রেনিং শেষে ১০০% কাজের ব্যবস্থা করা হয়। Engg. Trade-এ ITI / Diploma পড়ার ব্যবস্থা আছে। যোগ্যতা- মাধ্যমিক / ওয়েল্ডার। বয়স- 18-30. বেতন- 15-22,000/-. SAGPA- Kol-48, M- 8167258938
D

**জাহাজ ও ডকে চাকরি**
জাহাজে অষ্টম-স্নাতক 107 জন নিয়োগ। খিদিরপুর, হলদিয়া হইতে আন্দামান। বেতন : 27,400/-65,700/- +PF, শীঘ্র যোগাযোগ, M : 9434565014
SA

**আর্জেন্ট ভ্যাকান্সি**
মিটার রিডিং ও বিলিং কাউন্টারের কাজে জেলাভিত্তিক Male/ Female কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা : ৮ম-স্নাতক। বেতন : 17,500/–21,300/-+TA, ESI, PF, OT, Ex-আর্মিদের বিশেষ ছাড়। যোগাযোগ M : 8420113156
SA

**ব্যাঙ্কে চাকরি**
পশ্চিমবঙ্গের সমস্ত জেলাভিত্তিক ব্যাঙ্কে DSA তে নিয়োগ চলছে। যোগ্যতা : মাধ্যমিক-স্নাতক। বেতন : 13,500/- –56,000/-. M/F নিয়োগ। Ex-Army বিশেষ সুবিধা আছে। M : 8336096323
SA

মাধ্যমিক-উচ্চ মাধ্যমিক পাস করে কি করবেন ভাবছেন ?
**রবীন্দ্র পাঠ ভবন ITI College**
Affiliated to National Council of Vocational Training, Govt. Of India
**Admission Open - 2022-24**
- Electrician 2 Years
- Fitter 2 Years
- Draughtsman Civil 2 Years
- Surveyor 2 Years
- সরকারি Teachers Training 1 Year

College Campus
**For Admission - 8335047935**
Web : rabindrapathbhabantechnical.com

**Gorubathan Government ITI College**
- Electrician 2 Years
- Fitter 2 Years
- Cosmetology (Beautician) 1 Year
- Driver Cum Mechanic 6 Month
- Draughtsman Civil 2 Years
- Surveyor 2 Years
- সরকারি Teachers Training

Running Under PTP — Rabindra Path Bhaban — Management Quota Direct Admission OPEN
Campus-Upper Fagu Tea Garden, Gorubathan, Kalimpong
**For Admission - 8335066918**

**Arambagh Government ITI College**
- Electrician 2 Years
- Fitter 2 Years
- Warehouse Technician 1 Year
- Physiotherapy 1 Year
- Draughtsman Civil 2 Years
- Surveyor 2 Years
- সরকারি Teachers Training

Running Under PTP — Run & Managed by Rabindra Path Bhaban — Management Quota Direct Admission OPEN
Campus-Kapsit, PS-Arambagh, Dist.-Hooghly, 712613
**For Admission - 8670046962**

## কর্মখালি

**শীঘ্র নিয়োগ**
অজন্তা (DSA)-তে বিস্কুট, মেডিসিন, চিপস, জল, Co.-তে M/F চাই। থাকা-খাওয়া ফ্রী। বেতন : 12000/– 18000/-, M : 8370952035
SA

**প্রাইভেট ব্যাঙ্কে জেলাভিত্তিক স্থায়ী জব**
L/C No. KOL-WB50C97, পঃ বাংলার বিভিন্ন প্রান্তে প্রাঃ ব্যাঙ্কে Back-Office, এছাড়া বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে ৯৩ জন M/F জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। Salary - 16,500/- – 26,700/-, MP–স্নাতক, Age - 18–41, ছুটি, বোনাস, ESI, PF এছাড়া অন্যান্য সুবিধা। M - 7602640505
SA

## বিশেষ বিজ্ঞপ্তি

'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।
— সম্পাদক, কর্মসংস্থান।

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম সহ যাবতীয় প্রমাণপত্রের এক কপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

**স্বাস্থ্য পরিষেবায় চাকুরীমুখী কোর্স**
নার্সিং অনুমোদিত Council / UGC & BSS অনুমোদিত
GNM, B.Sc. Nursing, P.B.B.Sc (নার্সিং কোর্সের জন্য বিশেষ সুবিধা)
Paramedical Course BMLT / DMLT, Diploma / Bachelor in Radiology & OT, BPT / DPT, D.Optm, ECG, Critical Care, Dental (DDH & T), CSSD, অ্যালোপ্যাথি (CMS & ED), আয়ুর্বেদিক (DAMS); হোমিও (DHom & DHMS), ফেরোথেরাপি, Dialysis, D.Pharm & B.Pharm ... Own Campus, Hostel & Hospital)
CENTRAL INSTITUTE OF MEDICAL SCIENCE & TECHNOLOGY
9888 295 882 / 9331 062 421

**সরকার স্বীকৃত কোর্সে ভর্তি চলছে**
1. ADVANCE GDA-ICCU(NURSING) 2. PHLEBOTOMIST(BLOOD COLLECTOR)
3. YOGA THERAPY- (6 Months) Affiliated to Health Care Sector Skill Council - NSDC - M.S.D.E. Govt. of India JOB ASSISTANCE
Diploma Courses: 1. Diploma in Medical Laboratory Technician 2. Diploma in O.T Technician 3. Diploma in X-Ray & Imaging Technology
Affiliated to Indian Medical Association HQ-New Delhi (Duration : 2 years + Internship)
Recognised by Health & Family Welfare, Govt. of NCT New Delhi
**SCHOOL OF MEDICAL TECHNOLOGY**
Affiliated Training Institute : 24 Girish Ch. Bose Road, Kolkata - 14
Ph :9231520480, 33-22272310 (Entaly, above SBI)
Asansol - [illegible] • Burdwan - [illegible] • Purulia - [illegible] • Berhampore - [illegible]

## ডাকবিভাগে পোস্টম্যান, মেলগার্ড

১ পাতার পর

পোস্টাল অ্যাসিস্ট্যান্ট, সর্টিং অ্যাসিস্ট্যান্ট, ক্লার্ক, ক্যান্টিন অ্যাটেন্ড্যান্ট, অ্যাসিস্ট্যান্ট হালওয়াই কাম কুক, আর্টিজন, অ্যাসিস্ট্যান্ট সুপারিন্টেন্ডেন্ট, ডেপুটি ম্যানেজার, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, স্টোর অফিসার, টেকনিক্যাল সুপারভাইজার, ডেসপ্যাচ রাইডার, ইন্সপেক্টর, ম্যানেজার, সিনিয়র ম্যানেজার ইত্যাদি পদে। মাধ্যমিক, আই.টি.আই. [illegible] উচ্চমাধ্যমিক, গ্রাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি. [illegible] [illegible] ভারত সরকার চিফ পোস্টমাস্টার জেনারেল [illegible] (পি.ই.-।) ১১ আগস্ট এক বিজ্ঞপ্তিতে রাজ্যের সব সার্কেল হেড-কে এই নির্দেশ দিয়েছেন। কোন কোন পদে লোক নেওয়া হবে, কোন সার্কেলে ক'টি শূন্যপদ ও শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি তথ্য দেওয়া হল।

**(ক) পোস্টম্যান, মেলগার্ড** : যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মাধ্যমিক পর্যন্ত স্থানীয় ভাষায় পড়াশোনা করে থাকতে হবে। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে। দু'চাকার গাড়ি বা, হাল্কা মোটর ভেহিক্যাল'এর বৈধ লাইসেন্স থাকতে হবে। কোন ডিভিশনে কোন পদে ক'টি শূন্যপদ : মোট শূন্যপদ —পোস্টম্যান পদে ৫৯,০৯৯টি, মেলগার্ড পদে ১,৪৪৫টি। এর মধ্যে পশ্চিমবঙ্গ সার্কেলে পোস্টম্যান পদে ৫,২৩১টি, মেলগার্ড পদে ১৫৫টি।

**(খ) মাল্টি টাস্কিং স্টাফ (এম.টি.এস.)** : মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট রাজ্যের স্থানীয় ভাষায় মাধ্যমিক স্তরে পড়াশোনা করে থাকতে হবে। মোট শূন্যপদ — এম.টি.এস. পদে ৩৭,৫৩৯টি। এর মধ্যে পশ্চিমবঙ্গ সার্কেলে ২,৭৪৪টি।

**(গ) আর্টিজান** : আই.টি.আই. থেকে সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন [illegible] [illegible] স্কিল্ড আর্টিজন — আর্টিজন গ্রেড-। পদে [illegible], আর্টিজন গ্রেড-।। পদে ৫৯টি, স্কিল্ড আর্টিজন পদে ৩২৯টি। এর মধ্যে পশ্চিমবঙ্গ সার্কেলে আর্টিজন গ্রেড-। পদে ১৮টি, আর্টিজন গ্রেড-।। পদে ১০টি, স্কিল্ড আর্টিজন পদে ৪৯টি।

**(ঘ) পোস্টাল অ্যাসিস্ট্যান্ট** : উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মোট শূন্যপদ — ৬৯,৯৯৬টি। এর মধ্যে পশ্চিমবঙ্গ সার্কেলে ৫,৬৩৯টি।

**(ঙ) পোস্টাল সার্ভিস গ্রুপ-বি'তে** শূন্যপদ আছে ৮২৬টি। এর মধ্যে পশ্চিমবঙ্গে শূন্যপদ : ৭২টি।

**(চ) অ্যাসিস্ট্যান্ট সুপারিন্টেন্ডেন্ট** পদে শূন্যপদ আছে ১,৯০৯টি। এর মধ্যে পশ্চিমবঙ্গে শূন্যপদ : ১৬৪টি।

**(ছ) ডেপুটি ম্যানেজার ও অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার** পদে শূন্যপদ আছে ৪৫টি। এর মধ্যে পশ্চিমবঙ্গে শূন্যপদ : ১১টি।

**(জ) স্টোর অফিসার, টেকনিক্যাল সুপারভাইজার**, ডেসপ্যাচ রাইডার পদে শূন্যপদ আছে [illegible]টি। এর মধ্যে পশ্চিমবঙ্গে শূন্যপদ : [illegible]টি।

**(ঝ) ইন্সপেক্টর** পদে শূন্যপদ আছে ২,১৪৯টি। এর মধ্যে পশ্চিমবঙ্গে শূন্যপদ : ১৩৭টি।

**(ঞ) রেলওয়ে মেল সার্ভিসে** শূন্যপদ আছে ২০,১৩২টি। এর মধ্যে পশ্চিমবঙ্গে শূন্যপদ : ২,১১৯টি।

**(ট) সেভিংস ব্যাঙ্ক কন্ট্রোল অর্গানাইজেশনে** শূন্যপদ আছে ৩,৭১২টি। এর মধ্যে পশ্চিমবঙ্গে শূন্যপদ : ২৮৫টি।

**(ঠ) সার্কেল / রিজিওনাল অফিসে** শূন্যপদ আছে ৩,৩৬৪টি। এর মধ্যে পশ্চিমবঙ্গে শূন্যপদ : ২৯৪টি।

**(ড) স্টেনোগ্রাফার ক্যাডারে** শূন্যপদ আছে ৭৫৪টি। এর মধ্যে পশ্চিমবঙ্গে শূন্যপদ : ৫৮টি।

**(ঢ) ক্যান্টিন বিভাগে** শূন্যপদ আছে ৫৪৬টি। এর মধ্যে পশ্চিমবঙ্গে শূন্যপদ : ৬৪টি।

ডাকবিভাগ সূত্রে জানা গেছে, ওপরের এইসব শূন্যপদ ধাপে ধাপে পূরণ করা হবে। সংশ্লিষ্ট পোস্টাল সার্কেল বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেবে। বিজ্ঞপ্তি বেরোলে যথাসময়ে 'কর্মসংস্থানে' দেওয়া হবে।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশের পর স্বাস্থ্য ক্ষেত্রে প্রচুর কাজ

# কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত প্যারামেডিক্যালের নানান কোর্সে ভর্তি চলছে

**নিজস্ব সংবাদদাতা, কল্যাণী :** কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত Susrijo Institute of Paramedical Technology and Optometry-তে নতুন অ্যাকাডেমিক সেশনে এই ১২টি কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে : (১) ডিপ্লোমা ইন অপ্টোমেট্রিক্যাল সায়েন্স অ্যান্ড অপথ্যালমিক টেকনিক, (২) ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিক, (৩) ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনিক, (৪) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনিক, (৫) ডিপ্লোমা ইন ডেন্টাল টেকনিক অ্যান্ড ওরাল হাইজিন, (৬) ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি, (৭) ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি। (৮) ডিপ্লোমা ইন ইলেক্ট্রোকার্ডিওগ্রাফি টেকনিক, (৯) ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনিশিয়ান। সবক'টি কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ। তবে কমার্স ও আর্টস শাখার ছেলেমেয়েরাও আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে তাদের ৬ মাসের একটি ব্রিজ কোর্স 'প্রি অপ্টোমেট্রি অ্যান্ড প্রি টেকনোলজি' মূল কোর্সের সাথে একই সঙ্গে করে নিতে হবে। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এখানে মাধ্যমিক যোগ্যতায় ভর্তি নেওয়া হচ্ছে এই কোর্সে : (১) ডিপ্লোমা ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগ, (২) সার্টিফিকেট ইন স্যানিটারি ইন্সপেকশন। দু'টি কোর্সের মেয়াদ ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এছাড়াও গ্র্যাজুয়েটদের জন্য চাকরির উপযোগী পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স পড়ানো হয়। সময়সীমা ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ।

এখানে ভর্তি হলে ছেলেমেয়েরা ব্যাঙ্ক লোনের সুবিধা পাবে। এছাড়াও রয়েছে মাসিক কিস্তিতে কোর্স ফী দেওয়ার সুযোগ। দূরবর্তী ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। কোর্স শেষে ছাত্রছাত্রীরা The West Bengal Allied-Medical and Para-Medical Council-এ নাম নথিভুক্ত করতে পারবে। এখান থেকে পাশ করার পর ছেলেমেয়েদের পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর ছাড়াও বিভিন্ন সরকারি, বেসরকারি হাসপাতালে প্রচুর চাকরির সুযোগ রয়েছে। রয়েছে স্বাধীন ব্যবসার সুযোগ। তাই সময় নষ্ট না করে তাড়াতাড়ি ও কিছুটা অভিনব এইসব চাকরির জন্য ভর্তি হতে পারেন কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত এই প্রতিষ্ঠানে। ভর্তির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : Susrijo Institute of Paramedical Technology and Optometry (SIPTO), Webel IT Park, Krishnagar, Nadia – 741101 (Near Krishnagar Horticulture Office). ফোন : 9064922886, 7001279061. ওয়েবসাইট : www.sipto.org ই-মেল : www.sipto19@gmail.com

## NCC পাশদের

১ পাতার পর

ওজন বয়সের সঙ্গে সুসামঞ্জস্যপূর্ণ আর মেয়েদের বেলায় ৪২ কেজি। দৃষ্টিশক্তি দরকার দূরের বেলায় ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/১৮ আর মায়োপিয়া '–3.50'-র কম। শুরুতে ৪৯ সপ্তাহের ট্রেনিং হবে চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে। তখন স্টাইপেন্ড পাবেন। ক্যাডেট ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন মাসে ৫৬,১০০ টাকা। সফল হলে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে শর্টসার্ভিস কমিশনে চাকরি। তখন ৬ মাস প্রবেশনে থাকতে হবে। মোট ১০ বছরের চাকরি। যা আরো ৪ বছর পর্যন্ত বাড়তে পারে। মূল মাইনে : ৫৬,১০০ - ১,৭৭,৫০০ টাকা। শূন্যপদ : ৫৫টি। এর মধ্যে ছেলেদের জন্য ৫০টি ও মহিলা ৫টি। যুদ্ধে আহত পরিবারের ছেলেমেয়েদের জন্য যথারীতি সীট সংরক্ষিত। দরখাস্ত দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের গ্রুপ টেস্ট, ইন্টারভিউ ও সাইকোলজিক্যাল টেস্টের 'কল লেটার' পাঠানো হবে। ৫ দিনের পরীক্ষা হবে এলাহবাদ, ভোপাল, বেঙ্গালুরু, কাপুরথালায়। সফল হলে ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ সেপ্টেম্বরের মধ্যে। এইওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in প্রার্থী বাছাই পরীক্ষার সময় সঙ্গে নিয়ে যাবেন : (১) এখনকার তোলা গেজেটেড অফিসারের প্রত্যয়িত করা ১ কপি পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে), (২) ডিগ্রি কোর্স পাশের মার্কশীটের প্রত্যয়িত নকল, (৩) এন. সি. সি.'র 'সি' সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৪) মাধ্যমিক পাশের সার্টিফিকেটের প্রত্যয়িত নকল। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


সবচেয়ে কম খরচে হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্ট

- ভর্তির সময় লিখিত JOB গ্যারান্টি পেপার
- কোর্স চলাকালীন কোর্স ফি ফেরত
- হোস্টেল ফ্রি

ডিগ্রি - Rs. 1,50,000
ডিপ্লোমা কোর্স ফি - Rs. 22,500 to Rs. 60,500

বিদেশ ও ক্রুজে চাকরি পাওয়ার সুযোগ

www.bshm.co.in

গড়িয়া 9836046860



**Berhampore Science and Management College**
*Approved by Govt of W.B, Affiliated to MAKAUT, WB (Formerly WBUT)*

**BBA & BCA**
Bachelor of Business Administration — Bachelor of Computer Application

CET-এর মাধ্যমে উচ্চমাধ্যমিক / ভোকেশনাল উত্তীর্ণদের Professional Graduation কোর্সে ভর্তির সুযোগ

Fees: ₹22500/- per Semester
Minimum 2 Placement Assistance Guaranteed
website:- https://berhamporesmc.org

সৈদাবাদ (আর্মেনিয়াম চার্চের সন্নিকটে), বহরমপুর, মুর্শিদাবাদ
Helpline :- 9434135557/ 9434029671



**HARICHAND GURUCHAND UNIVERSITY**
Thakurnagar, 24 Pgs (N)

ADMISSION IN POST-GRADUATE COURSES 2022 - 2024

For details please visit : harichandguruchanduniversity.com
Opening online Portal : 1 - 15, September 2022
Any queries please call at : (M) 8961672736
or E-mail : hgunivoffice@gmail.com
Registrar



**সরকারি চাকরির পরীক্ষায় নিশ্চিত সাফল্য মানেই GSCE-র গাইডেন্স**

২০ হাজারের বেশি শূন্যপদে শিক্ষক নিয়োগ শীঘ্রই

স্কুল সার্ভিস পরীক্ষার নয়া নিয়ম ⇨ প্রিলিমিনারি পরীক্ষা ১০০ নম্বর, বিষয়ের পরীক্ষা ১০০ নম্বর ও ইন্টারভিউ হবে ১০ নম্বরের। লিখিত পরীক্ষার প্রশ্নের ধরন হবে অবজেক্টিভ টাইপের। এই নতুন নিয়মে ক্লাস চলছে GSCE-তে।

গ্রুপে একসাথে ৫ জন ভর্তি হলে কোর্স ফি-তে আকর্ষণীয় ছাড়। আসন সীমিত।

কেন্দ্রীয় সরকারে ১০ লাখ নিয়োগ হবে আগামী ১৮ মাসের মধ্যেই। UPSC, Rail, Bank, Staff Selection, Insurance, Army ইত্যাদি একাধিক পরীক্ষায় ইতিমধ্যেই আবেদনগ্রহণ চলছে।

GSCE-র ছাত্রছাত্রীরা কেন সরকারি চাকরির পরীক্ষায় সর্বদা এগিয়ে

• ১০০% কমনযোগ্য প্রশ্নোত্তর সেট • সাবজেক্ট/এক্সাম ওরিয়েন্টেড স্পেশাল স্টাডি মেটিরিয়ালস • ডেইলি/উইকলি কারেন্ট অ্যাফেয়ার্স এবং অনলাইন ও অফলাইন মকটেস্ট • অভিজ্ঞ ফ্যাকাল্টি টিম • ডাউট ক্লিয়ারিং ক্লাস • মক ইন্টারভিউ অ্যান্ড পার্সোনালিটি গ্রুমিং • ফ্রি লাইব্রেরি ফেসিলিটি, লাস্ট মিনিট সাজেশন্স ইত্যাদি।

Helpline : 9830277100 / 200 / 300 | Website : www.gsceindia.org

GSCE কেন্দ্র

| | |
|---|---|
| শিয়ালদহ (HO) | 9674087465 |
| | 9051040306 |
| কোচবিহার | 9830277023 |
| আলিপুরদুয়ার | 9674033336 |
| দিনহাটা | 9830277698 |
| জলপাইগুড়ি | 9674025600 |
| ধূপগুড়ি | 9830277257 |
| শিলিগুড়ি | 9674087473 |
| কালিম্পং | 9830277171 |
| মালদা | 9674087472 |
| বহরমপুর | 9674087471 |
| কৃষ্ণনগর | 9674087470 |
| রানাঘাট | 9674083508 |
| কল্যাণী | 9674087469 |
| ব্যারাকপুর | 9230056668 |
| ডানলপ | 9230056673 |
| বারাসাত | 9674087467 |
| কোন্নগর | 9230056667 |
| সোনারপুর | 9674087466 |
| পঃ মেদিনীপুর | 9230056671 |
| ঝাড়গ্রাম | 9674087874 |
| বর্ধমান | 9674025700 |
| বোলপুর | 9674012025 |
| ব্যান্ডেল | 9230056669 |
| কাটোয়া | 9830277230 |

GSCE পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920



SRI SHRIDEVI CHARITABLE TRUST (R)

**SHRIDEVI GROUP OF EDUCATIONAL INSTITUTIONS**

SIRA ROAD, TUMAKURU- 572 106, KARNATAKA, INDIA | Recognized by : MCI, AICTE, INC, PCI, KNC, DTE & Paramedical Board | Affiliated to : VTU, TU & RGUHS

ADMISSION OPEN 2022-23

Excellent Placement Records Every Year — 80+ Companies — 90% Placements — in Engineering, MBA, Nursing & Paramedical

COURSES OFFERED

**MEDICAL SCIENCES**
[Recognised by MCI, New Delhi and Affiliated to RGUHS, Bangalore]
• MBBS

**ENGINEERING** BE/B.Tech
(An ISO 9001:2015 Certified Institution)
• Civil Engineeging • Mechanical • Electrical & Electronics • Computer Science • Electronics & Communication • Information Science
M.Tech : Machine Design • Computer Science & Engg • VLSI & Embedded System • CAD Structures
MBA (Dual Specialization) : HR / Finance / Marketing

**POLYTECHNIC**
• Civil • Mechanical • E & C • Mechatronics
• Electrical & Electronics • Computer Sc. & Engg.

**DEGREE & PG**
UG Courses : B.Sc.- Physics, Chemistry, Mathematics
B.Com / BCA
PG Courses : M.Sc.- Physics, Chemistry, Mathematics
M.Com / M.A.- Economics

**NURSING**
B.Sc.- Nursing | M.Sc. - Nursing
P.C.B.Sc. - Nursing | GNM
Post Basic Diploma in :
• Neonatal Care • Critical Care



**PARAMEDICAL**
B.Sc.- Medical Lab Technology • Renal Dialysis
• Operation Theater • Respiratory Care
• Anesthesiology • Neurology • Radiology
• Perfusion Technology • Optometry • Cardiology
M.Sc.- Medical Lab Technology
Diploma In : Medical Lab Technology
• Health Inspector • Operation Theater
• Medical Record Technology
• Renal Dialysis • X-Ray Technology • Optometry

**PHYSIOTHERAPY**
• BPT • MPT

**PHARMACY**
• B.Pharma • D.Pharma

**INDUSTRIAL TRAINING CENTER**
• Fitter • Electronics • Electronic Mechanic



Campus Key Features : • Having 750 Bedded Shridevi Medical College Research Hospital
• Highly Qualified and Experienced Faculty • World Class Infrastructure & Laboratories
• Green Campus with wifi Internet Connection • Soft Skills Training & Spoken English Classes
• National and International Journals & Magazines • Digital OPAC Library System with Book Reservation
• Good Tranportation Facility • MoUs with Industries and Universities • Industrial Visits & Study Tours
• Outstanding Placement Record • Separate Hostels for Boys and Girls • Workshops, Seminars & Conferences
• Canteen, Gym, Yoga and Sports Facilities • Student Forum & Adventure Activities

For Admission Campus :
+91 9686114813 +91 9449863468, +91 7259011111 Email: shridevieducation@gmail.com | Web: http://www.shridevieducation.org
For West Bengal Admission : A. Sarkar : 9564818258, 8918863968

# বিভিন্ন সরকার স্বীকৃত কর্মমুখী প্যারামেডিকেল কোর্স

**বিশেষ প্রতিনিধি :** স্কুল অফ মেডিকেল টেকনোলজি-তে হেলথ কেয়ার ও প্যারামেডিকেল কর্মমুখী সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্স করানো হয়। এই প্রতিষ্ঠানটি স্থাপিত হয় ১৯৯২ সালে। এখানে প্রত্যেকটি কোর্স কর্মমুখী হওয়ায় কোর্সের বেশিরভাগটাই হয় প্র্যাকটিক্যাল ভিত্তিক। এখানে রয়েছে অত্যন্ত উন্নত মানের সর্বাধুনিক পরিকাঠামো ও শিক্ষকমণ্ডলী, যাঁরা নিরলস পরিশ্রম করে ছাত্রছাত্রীদের পেশাদার ও দক্ষ টেকনিশিয়ান করে তুলতে সাহায্য করেন। এছাড়াও এই প্রতিষ্ঠানটির রাজ্যব্যাপী ৩০টির বেশি হাসপাতালের সঙ্গে সমঝোতা চুক্তি রয়েছে। প্রতিটি বিষয়ে সম্পূর্ণ দক্ষ ও পেশাদার কর্মী তৈরির কারিগর আমরা। এখান থেকে পাশ করা ছাত্রছাত্রীরা পশ্চিমবঙ্গ সহ ভারতের বিভিন্ন সরকারি ও বেসরকারি হাসপাতালে ও ডায়াগনস্টিক সেন্টারে কর্মরত। প্রত্যেক বছর আগস্ট ও জানুয়ারি সেশনে এইসব কোর্সগুলিতে আমাদের প্রতিষ্ঠানে ভরতি করা হয়। সার্টিফিকেট কোর্স (যোগ্যতা- মাধ্যমিক / সমতুল্য), মেয়াদ : ৬ মাস। (১) অ্যাডভান্স জিডিএ — ক্রিটিক্যাল কেয়ার (নার্সিং), (২) ফ্লেবোটমি (ব্লাড কালেক্টর), (৩) যোগা থেরাপিস্ট। ডিপ্লোমা কোর্স (যোগ্যতা : উচ্চ মাধ্যমিক), মেয়াদ : ২ বছর + ৬ মাস ইন্টার্নশিপ। (১) এক্স-রে উইথ ইমেজিং টেকনোলজি (CT Scan), (২) মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি, (৩) অপারেশন থিয়েটার টেকনোলজি, (৩) ফিজিওথেরাপি। যোগাযোগ- স্কুল অফ মেডিকেল টেকনোলজি, ২৪ গিরিশচন্দ্র বোস রোড, এন্টালি, কলকাতা- ৭০০০১৪। মোবাইল- ৯২৩১৫২০৪৮০, ৯৮৭৪৭৬০০, ০৩৩-২২২২৩১০। ওয়েবসাইট : www.ssmthope.org

## কলেজে সহ-অধ্যাপক হওয়ার

১ পাতার পর

সায়েন্সেস (১৬), সোশিওলজি (১৭), সাইকোলজি (১৮), লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স (১৯), ফিজিক্যাল এডুকেশন (২০), ইলেক্ট্রনিক সায়েন্স (২১), কম্পিউটার সায়েন্স (২২), হোম সায়েন্স (২৩), সাস্তাড় (২৪), জার্নালিজম অ্যান্ড ম্যাস কমিউনিকেশন (২৫), অ্যানথ্রোপলজি (২৬), আর্থ সায়েন্স (২৭), মিউজিক (২৮), আইন (২৯), নেপালি (৩০), ম্যানেজমেন্ট (৩১), আরবি (৩২), এনভায়রণমেন্টাল সায়েন্স (৩৩)।

ওপরের ওইসব বিষয়ে অন্তত দ্বিতীয় শ্রেণির ৩ বছরের ডিগ্রি কোর্স পাশের পর ওইসব বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (তপশিলী, ই.ডব্লু.এস., ও.বি.সি., ট্রান্সজেন্ডার, শারীরিক প্রতিবন্ধী আর দৃষ্টিহীন প্রতিবন্ধী প্রার্থী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। এবছর যাঁরা ওইসব বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সের ফাইনাল পরীক্ষা দেবেন বা, দিয়েছেন, তারা 'সেট' পরীক্ষা হওয়ার দিন থেকে ২ বছরের মধ্যে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পাশের মার্কশীট দেখাতে পারলে ও ওই শতকরা হারে নম্বর পাওয়ার বিষয়ে নিশ্চিত হলেও আবেদনের যোগ্য।

১৯-৯-১৯৯১'র মধ্যে যাঁরা মাস্টার ডিগ্রি করে পিএইচ.ডি. ডিগ্রি করেছেন, তাঁরা এই পরীক্ষা দেওয়ার জন্য শতকরা হারে ৫% নম্বর ছাড় পাবেন।

'ম্যাথমেটিক্যাল সায়েন্স' বিষয়ের বেলায় 'পিওর ম্যাথমেটিক্স', 'অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্স' বা, 'স্ট্যাটিস্টিক্স' বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলেও যোগ্য।

'লাইফ সায়েন্স' বিষয়ের বেলায় বায়োলজিক্যাল সায়েন্স, বটানি, জুলজি, মাইক্রোবায়োলজি, মলিকিউলার বায়োলজি, অ্যানিম্যাল সায়েন্স, বায়োলজিক্যাল সায়েন্স, বায়ো-কেমিস্ট্রি, বায়োটেকনোলজি বা, ফিজিওলজি বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলেও যোগ্য।

'লাইব্রেরি সায়েন্স' বিষয়ের বেলায় এম.লিব. বা, এম.লিস পাশ হলেও যোগ্য।

'ফিজিক্যাল এডুকেশন' বিষয়ের বেলায় ফিজিক্যাল এডুকেশনের মাস্টার ডিগ্রি (এম.পি.এড.) কোর্স পাশ হতে হবে।

ওপরের সব ক্ষেত্রে শতকরা হার নির্ণয়ের বেলায় কোনো গ্রেস নম্বর বা, রাউন্ডিং অফ নম্বর ধরা হবে না। 'সেট' পরীক্ষা দেওয়ার জন্য উর্ধ্বতম বয়সের কোনো কড়াকড়ি নেই।

প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন'। ২০২৩ সালের স্টেট এলিজিবিলিটি টেস্ট বা, 'সেট' পরীক্ষার মাধ্যমে। একদিনের লিখিত পরীক্ষা হবে আগামী বছর ৮ জানুয়ারি, এইসব কেন্দ্রে (ব্র্যাকেটে ডিস্ট্রিক্ট কোড নং দেওয়া হল) : কলকাতা (১১), দক্ষিণ ২৪ পরগনা (১২), উত্তর ২৪ পরগনা (১৩), হাওড়া (১৪), হুগলি (১৫), পূর্ব বর্ধমান (১৬), পশ্চিম বর্ধমান (১৭), বীরভূম (১৮), বাঁকুড়া (১৯), পুরুলিয়া (২০), ঝাড়গ্রাম (২১), পূর্ব মেদিনীপুর (২২), পশ্চিম মেদিনীপুর (২৩), নদিয়া (২৪), মুর্শিদাবাদ (২৫), মালদহ (২৬), উত্তর দিনাজপুর (২৭), দক্ষিণ দিনাজপুর (২৮), জলপাইগুড়ি (২৯), আলিপুরদুয়ার (৩০), কোচবিহার (৩১), দার্জিলিং (৩২), কালিম্পং (৩৩)। মোট ২টি পেপারের পরীক্ষা হবে। প্রথম পেপারের পরীক্ষা হবে সাড়ে ১০টা থেকে সাড়ে ১১টা পর্যন্ত। দ্বিতীয় পেপারের পরীক্ষা হবে ১২টা থেকে ২ টো পর্যন্ত।

প্রথম পেপারে থাকবে ১০০ নম্বর ও সময় ১ ঘন্টা। দ্বিতীয় পেপারে থাকবে ২০০ নম্বর ও সময় ২ ঘন্টা।

প্রথম পেপারে ৫০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে টিচিং, রিসার্চ অ্যাপ্টিটিউট, রিজনিং এবিলিটি, কমপ্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং ও জেনারেল অ্যাওয়ারনেস। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর।

দ্বিতীয় পেপারে ১০০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর।

দুই পেপারের ক্ষেত্রেই উত্তর দিতে হবে ও.এম.আর. শীটে। নেগেটিভ মার্কিং নেই। প্রথম ও দ্বিতীয় পেপারে ৪০% (ও.বি.সি., তপশিলী ও প্রতিবন্ধী হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন। আরো বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে www.wbcsc.ac.in পরীক্ষার অ্যাডমিট কার্ড পরীক্ষা হওয়ার দু' সপ্তাহ আগে ডাউনলোড করতে পারবেন। এই পরীক্ষার বিজ্ঞপ্তি নং: 24/SET.

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ সেপ্টেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.wbcsconline.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। ফটো স্ক্যান করবেন ৪ থেকে ৪০ কে.বি.'র মধ্যে আর ফটোর মাপ হতে হবে ৩.৫×৪.৫ সেমির মধ্যে। সিগনেচার স্ক্যান করবেন ৪ থেকে ৩০ কে.বি.'র মধ্যে আর মাপ হতে হবে ৩.৫×১.৫ সেমির মধ্যে।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে Advertisement-এ গিয়ে ক্লিক করলে How to Apply পাবেন। তারপর Click here to apply online-এ গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন রেজিস্ট্রেশন নম্বর ও পাশওয়ার্ড নং ই-মেলে পাঠানো হবে। এবার পরীক্ষার ফী বাবদ ১,২০০ (ও.বি.সি., ই.ডব্লু.এস. হলে ৬০০, তপশিলী, প্রতিবন্ধী, ট্রান্সজেন্ডার হলে ৩০০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং বা, ই-চালানে জমা দেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। কলেজ সার্ভিস কমিশনের ঠিকানা : The West Bengal College Service Commission, ASANNA Building, Plot No. DG-10/1, Premises No. 13-0327, Action Area-1D, Rajarhat, New Town, Kolkata-156.

W.B. & Others
ANM, GNM
B.Sc. নার্সিং
D.Pharm, B.Pharm
M.Pharm, Paramedical
B.Ed., M.Ed., D.El.Ed, M.P.Ed.
B.Ed SC, ST, OBC 40% Gen - 50% No Age bar
8981214707 / 8420657379
13 years old institute
S.R. UDYOG চুঁচুড়া, হুগলী


## কেন্দ্রে কয়েকশো স্টেনো

১ পাতার পর

বেলায় ইংরিজি শর্টহ্যান্ড ও কম্পিউটার টাইপিংয়ে মিনিটে যথাক্রমে অন্তত ১০০টি ও ৪০টি শব্দ তোলার গতি থাকা দরকার। বয়স হতে হবে স্টেনোগ্রাফার গ্রেড-সি পদের বেলায় ১-১-২০২২'এর হিসাবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে আর স্টেনোগ্রাফার গ্রেড-ডি পদের বেলায় ১-১-২০২২'এর হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। পরিশ্রমের কাজে শারীরিক ও মানসিকভাবে সক্ষম ও সুস্থ হতে হবে। চাকরি হবে গ্রুপ-বি নন-গেজেটেড অফিসার পদে। মূল মাইনে পে ব্যান্ড অনুযায়ী। শূন্যপদের সংখ্যা পরে জানানো হবে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। '২০২২ সালের স্টেনোগ্রাফার (গ্রেড-সি ও গ্রেড-ডি) এরপর ৬ পাতায়

ছায়া প্রকাশনী
Infinite learning
সরকারি চাকরি পাওয়ার স্বপ্ন সফল করতে আজই পড়তে হবে
CHHAYA CAREER BOOKS for all Competitive Examinations




বাংলা ভাষায় Competitive English বই
MCQ Based ও Descriptive উভয় ধরনের পরীক্ষার জন্য




বাহুল্যবর্জিত Tabular Format-এ Exam Oriented তথ্য
Current Affairs-নির্ভর Latest Pattern-এর প্রশ্নের জন্য উপযোগী




সম্পূর্ণ Concept-এর সাথে পর্যাপ্ত MCQ ও সেগুলির Explanation
বোঝার ও মনে রাখার সুবিধার জন্য Tabular ও Info-graphic Format-এ উপস্থাপনা



Doubt Clearing আলোচনা ও Mind Map
Latest Question Trend অনুযায়ী সামগ্রিক তথ্য, সঙ্গে সাম্প্রতিক রায়, গুরুত্বপূর্ণ আইন, IPC ও CrPC-র ধারা



রাজ্য তথা সর্বভারতীয় সব Competitive পরীক্ষার জন্য Detailed Study Material
মনে রাখার জন্য Info-Graphic ও Tabular Format-এ সামগ্রিক তথ্য



Latest Question Pattern অনুযায়ী সব ধরনের প্রশ্ন ও ব্যাখ্যাসহ সম্পূর্ণ সমাধান
প্রশ্ন বোঝা ও তার দ্রুত সমাধানের জন্য Easy Technique

# কল্যাণী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃত প্যারামেডিক্যাল কোর্স করে নিশ্চিত চাকরির সুযোগ

**নিজস্ব সংবাদদাতা** : কল্যাণী বিশ্ববিদ্যালয়ের **স্বীকৃত** ড. কে. আর. অধিকারী কলেজ অফ অপ্টোমেট্রি অ্যান্ড প্যারামেডিক্যাল টেকনোলজিতে সরকারি ও বেসরকারি চাকরির উপযোগী এই সব কোর্সে ভরতি চলছে : (1) ডিপ্লোমা ইন অপ্টোমেট্রিক্যাল সায়েন্স অ্যান্ড অফথ্যালমিক টেকনিক, (2) ডিপ্লোমা ইন ইলেক্ট্রো-কার্ডিওগ্রাফি অ্যান্ড পালমোনারি ফাংশন টেস্ট, (3) ডিপ্লোমা ইন ফিজিশিয়ান অ্যাসিস্ট্যান্ট অ্যান্ড এসেনসিয়াল ড্রাগ, (4) ডিপ্লোমা ইন ডেন্টাল টেকনোলজি অ্যান্ড ওর‍্যাল হাইজিন, (5) ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিক, (6) ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনিক, (7) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনিক। যোগ্যতা : বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ভর্তির জন্য আবেদন করতে পারেন। বিজ্ঞান ছাড়া অন্যান্য শাখার ছাত্রছাত্রীদের ক্ষেত্রে ১ বছরের ব্রিজ কোর্স (প্রি-অপ্টিমেট্রি ও প্রি-টেকনোলজি) পাশ করে ওইসব ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে পারবেন। কোর্সের মেয়াদ : ২ বছর ৬ মাস। (8) কন্ট্যাক্ট লেন্স প্র্যাক্টিসের অ্যাডভান্সড কোর্স। যোগ্যতা : যে কোনো শাখার গ্র্যাজুয়েট বা অপ্টোমেট্রি ডিপ্লোমা কোর্স পাশ। ১ বছরের কোর্স। এছাড়াও মাধ্যমিক যোগ্যতায় সার্টিফিকেট কোর্স পড়ানো হয় এইসব ট্রেডে : (1) সার্টিফিকেট ইন কমিউনিটি, (2) মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেনসিয়াল ড্রাগ, (3) সার্টিফিকেট ইন স্যানিটরি ইন্সপেকশন, (4) সার্টিফিকেট ইন বেসিক প্র্যাক্টিক্যাল নার্সিং। সীমিত কয়েকটি সীটে ভর্তির সুযোগ পাবেন। ভর্তির জন্য এখনই যোগাযোগ করুন এই ঠিকানায় — কল্যাণী ওয়েবল আই.টি. পার্ক, ফেজ-।। (পঃবঃ সরকার), কল্যাণী-ব্যারাকপুর এক্সপ্রেস ওয়ে (ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্টের উল্টোদিকে), বুদ্ধ পার্কের কাছে, কল্যাণী, নদিয়া। ফোন-9339218894, 9477425536, 8100149510.


**ITI-এ ভর্তি**

NCVT অনুমোদিত

TIIME-ITI-এ 2022 সেশনে ভর্তির জন্য যোগাযোগ করুন :

কোর্স : ইলেকট্রিশিয়ান, সার্ভেয়র ও আমিন সার্ভেয়র

9143234509, 9143237745


## ১৩ অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ৩১-৭-২০২২'এর হিসাবে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ২৪,৫০০-৯০,০০০ টাকা। শূন্যপদ : ইলেক্ট্রনিক্সে ১০টি (জেনাঃ ৬, ও.বি.সি. ২, তঃজাঃ ২)। মেকানিক্যালে ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। এই পদের বিজ্ঞপ্তি নং : 12949/GAD/EAT/01. প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এরপর হবে লিখিত পরীক্ষা। কবে কোথায় পরীক্ষা হবে তা পরে জানানো হবে। লিখিত পরীক্ষায় সফল হলে ইন্টারভিউ ও সার্টিফিকেট ভেরিফিকেশন। দরখাস্ত করবেন অনলাইনে, ৫ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.bel-india.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পরীক্ষা ফী বাবদ ২৯৫ টাকা অনলাইনে জমা দিতে হবে। তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।


**JIS UNIVERSITY**

**B.Ed** যোগ্যতা স্নাতক ও স্নাতকোত্তরে যে কোন বিষয়ে ন্যূনতম ৫০ শতাংশ নম্বর

আবেদন করুন www.jisuniversity.ac.in

অথবা সরাসরি যোগাযোগ করুনঃ

86977 43361 | 96609 06163

BENGAL COLLEGE OF ENGG. & TECHNOLOGY (BCET)
BENGAL COLLEGE OF PHARMACUTICAL SCS. & RESEARCH (BCPSR)

**VACANCY**

Institutions are Approved by AICTE, PCI New Delhi and Affiliated to MAKAUT, Kolkata

REQUIRED:

● PRINCIPAL. ● PROFESSOR.
● ASSOCIATE PROFESSOR. ● ASSISTANT PROFESSOR.

CSE, IT, MECHANICAL, CIVIL, ECE, ELECTRICAL, MATH, PHYSICS, CHEM, ENGLISH.

PHARMACEUTICS, PHARMACOLOGY, PHARMACOGNOSY, PHARMACEUTICAL CHEMISTRY

WALK-IN ONLINE INTERVIEW GOING ON

INTEREST CANDIDATES CAN SEND CV
E-mail: hr@bcetdgp.ac.in 9547181111
www.bcetdgp.ac.in
Sahid Sukumar Banerjee Sarani, Bidhannagar, Durgapur, West Bengal 713212

**CCPTR, Maulana Abul Kalam Azad University of Technology (MAKAUT)**

ADMISSION OPEN

**B.Sc. Agriculture Biotechnology**
Eligibility : 10+2 Science / Vocational

**BBA in Rural Management**
Eligibility : 10 + 2 (Any)




☛ Best Faculty ☛ Best Infra ☛ 100% Placement* ☛ Live Industrial Training ☛ Hostel Facility

**Gurukul Edutech Education & Research Foundation**
Langalberia LASKUS Campus, Kolkata- 700145, Near Narendrapur Ramakrishna Mission
M : 9804720425 / 7059918186 / 9051352337
Website- www.gurukulinstitute.org.in

JIS GROUP
Educational Initiatives

Accreditations, Affiliations & Approvals
UGC | AICTE | BCI | NCTE | MAKAUT
WBUHS | NAAC | NBA | NIRF | AIU

#EDUCATIONBEYONDORDINARY
37 INSTITUTIONS | 170 PROGRAMMES | 39000+ STUDENTS



**THERE'S ONE FOR EVERYONE**
DIVERSE CURRICULUM FROM JIS GROUP GEAR UP FOR YOUR ACADEMIC JOURNEY

**ADMISSIONS OPEN 2022**

SCHOLARSHIP AVAILABLE | 92% Placement in 2022 | 267+ Recruiters in 2022 | 3800+ Students Placed till JULY 2022

WEST BENGAL STUDENT CREDIT CARD SCHEME AVAILABLE

APPLY NOW www.jisgroup.org
90733 70470
93309 06153

2022 HIGHEST PACKAGE ₹27 LAKHS

COURSES OFFERED

**MANAGEMENT**
BBA | BBA-Digital Marketing
BBA-Hospital Management | MBA

**COMPUTER APPLICATION**
BCA | MCA

**LAW**
BBA-LLB Integrated | LLB | LLM

**AGRICULTURAL SCIENCE**
B.Tech (4 Years)
B.Sc (H) (4 Years) [As per ICAR Syllabus]

**PHARMACY**
BMLT

**SCIENCE**
**B.Sc (H)**
Data Science | Cyber Security
Biotechnology | Microbiology
Biochemistry | Geology

**M.Sc**
Physics | Chemistry | Biochemistry
Biotechnology | Microbiology
Applied Geology | Remote Sensing & GIS
Mathematics & Computing

**EDUCATION**
B.Ed

nirf
NIT & GNIPST have retained NIRF Rankings for the last 5 consecutive years (2017-2021) in Engineering and Pharmacy respectively.
JISCE has received NIRF Ranking for the 2nd consecutive year (2020 & 2021) in Engineering.
GNIT has received the NIRF Ranking for the first time (2021) in Engineering.

NAAC GRADE "A"
JISCE being the 1st Institute under JIS Group to receive NAAC Grade "A" for the 3rd consecutive cycle.
NIT has escalated its momentum & have received NAAC Grade "A" Accreditation for the 2nd cycle.

7 Sarat Bose Road, Kolkata - 700 020

OUR INSTITUTIONS
**JIS UNIVERSITY** 86977 43361/62 | www.jisuniversity.ac.in
**JIS COLLEGE OF ENGINEERING** 86977 43363 | www.jiscollege.ac.in
**NARULA INSTITUTE OF TECHNOLOGY** 89024 96651 | www.nit.ac.in
**GURU NANAK INSTITUTE OF TECHNOLOGY** 90733 22523 | www.gnit.ac.in
**GURU NANAK INSTITUTE OF PHARMACEUTICAL SCIENCE & TECHNOLOGY** 89024 96653 | www.gnipst.ac.in
**ASANSOL ENGINEERING COLLEGE** 90736 83912 | www.aecwb.edu.in

SCAN ME

## বর্ডার রোডস অর্গানাইজেশনে

১ পাতার পর

বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। শূন্যপদ : ১৪টি (জেনা: ৬, ও.বি.সি. ৫, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ১)।

**পোস্ট কোড 03: সুপারভাইজর স্টোর্স।** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা মেটেরিয়াল ম্যানেজমেন্ট বা, ইনভেন্টরি কন্ট্রোল কিংবা স্টোর্স কীপিংয়ের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ১৩টি (জেনা: ৭, ও.বি.সি. ৪, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

**পোস্ট কোড 04: সুপারভাইজর সিপার।** সায়েন্স শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ৯টি (জেনা: ৪, ও.বি.সি. ২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

**পোস্ট কোড 06: অপারেটর (কমিউনিকেশন)।** মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ওয়্যারলেস অপারেটর বা, রেডিও মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ৩৫টি (ও.বি.সি. ১৯, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ৪)।

**পোস্ট কোড 07: ইলেক্ট্রিশিয়ান।** মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে অটো ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ৩০টি (ও.বি.সি. ১৬, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ৩)।

**পোস্ট কোড 08: ওয়েল্ডার।** মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ২৪টি (জেনা: ১২, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ২)।

**পোস্ট নং 9: মাল্টি স্কিল্ড ওয়ার্কার (ব্লাক স্মিথ)।** মাধ্যমিক পাশরা আই.টি.আই., আই.টি.সি. বা, এন.সি.টি.ভি.টি. থেকে ব্লাক স্মিথ, ফোর্জ টেকনোলজি, হিট ট্রান্সফার টেকনোলজি, শীট মেটাল ওয়ার্কার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ১৮,০০০-৫৬,৯০০ টাকা। শূন্যপদ : ২২টি (জেনাঃ ৯, ও.বি.সি. ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ২)।

**পোস্ট নং 10: মাল্টি স্কিল্ড ওয়ার্কার (কুক)।** মাধ্যমিক পাশরা রান্নার কাজে দক্ষতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ১৮,০০০-৫৬,৯০০ টাকা। শূন্যপদ : ৮২টি (জেনাঃ ২, ও.বি.সি. ৬৬, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১৩)।

ওপরের সব পদের বেলায় তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. প্রার্থীরা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর আর বিভাগীয় কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৫ সেমি, ফুলিয়ে ৮০ সেমি আর অন্তত ৫০কেজি ওজন। সিকিম, ত্রিপুরা-সহ উত্তর পূর্বাঞ্চল ও দার্জিলিং জেলার পার্বত্য এলাকার বাসিন্দারা লম্বায় ৫ সেমি ও ওজনে ২.৫ কেজি ছাড় পাবেন। দৃষ্টিশক্তি হতে হবে ভালো চোখে ৬/১২ ও খারাপ চোখে ৬/৩৬ আর কাছের বেলায় ভালো চোখে ০.৬ বা, J2 ও খারাপ চোখে 1 বা, J6. ড্রাইভার পদের বেলায় চশমা ছাড়া দু'চোখে ৬/১২, ভালো চোখে ৬/৬ কিংবা খারাপ চোখে ৬/৩৬। কাছের বেলায় চশমা ছাড়া ভালো চোখে ০.৬ বা, J2 ও খারাপ চোখে 1 বা, J6. মহিলারা কোনো পদেই আবেদনের যোগ্য নন। বিজ্ঞপ্তি নং : 03/2022.

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে শারীরিক সক্ষমতার পরীক্ষা, লিখিত পরীক্ষা ও প্রাক্টিক্যাল টেস্ট বা, ট্রেড টেস্ট হবে। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ, ডেসক্রিপ্টিভ কিংবা অবুজেক্টিব ও ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল নলেজ, জেনারেল ইংলিশ, জেনারেল অ্যারিথমেটিক, অ্যানালিটিক্যাল অ্যান্ড কোয়ান্টিটেটিভ স্কিল। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। সময় থাকবে ১ থেকে ৩ ঘন্টা।

সফল হলে ইন্টারভিউ। সব প্রার্থীকেই শারীরিক সক্ষমতার পরীক্ষায় সফল হতে হবে। এই পরীক্ষায় ১০ মিনিটে ১ মাইল দৌড়তে হবে। 'জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার ফোর্সে' কর্মরত বা, প্রাক্তন সমরকর্মীর ছেলেরা ১৫%, এন.সি.সি.'র 'সি' সার্টিফিকেট কোর্স পাশ হলে ১০%, এন.সি.সি.'র 'বি' সার্টিফিকেট কোর্স পাশ হলে ৫%, 'জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার ফোর্সে' কর্মরতদের বেলায় ১৫%, প্রাক্তন সমরকর্মীর ছেলেরা ৩% ও মেধাবী খেলোয়াড়রা ৫% অতিরিক্ত নম্বর পাবেন।

দরখাস্তের ফর্ম-সহ বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.bro.nic.in পূরণ-করা দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ওয়েবসাইটে পাবেন।

## কেন্দ্রে কয়েকশো স্টেনো

৪ পাতার পর

এক্সামিনেশন'এর মাধ্যমে। প্রথমে কম্পিউটার বেসড পরীক্ষা হবে নভেম্বরে। পরীক্ষার তারিখ পরে জানানো হবে। পরীক্ষা হবে পূর্ব-ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা (কোড ৪৪১০), শিলিগুড়ি (৪৪১৫), পোর্ট ব্লেয়ার (৪৮০২), গ্যাংটক (৪০০১), কটক (৪৬০৫), সম্বলপুর, (৪৬০৯), দিসপুর (গুয়াহাটি) (৫১০৫), শিলচর (৫১১১), আগরতলা (৫৬০১), শিলঙ (৫৪০১), ইম্ফল (৫৫০১), আইজল (৫৭০১), ইটানগর (৪০১), ডিব্রুগড় (৪২৫), গোয়ালপাড়া (৫১০৪), কোহিমা (৫৩০২), পটনা (৩২০৬), ভুবনেশ্বর (৪৬০৪) ও রাঁচি (৪২০৫)। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এই ৩টি পার্টে — (ক) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (খ) জেনারেল অ্যাওয়ারনেস -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (গ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন - ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে।

সফল হলে স্কিল টেস্ট। গ্রেড-সি স্টেনো পদের বেলায় মিনিটে ১০০টি শব্দ তোলার গতিতে ১০ মিনিটের স্টেনো টেস্ট হবে। তারপর ওই ম্যাটার মিনিটে ৪০টি শব্দ তোলার গতিতে কম্পিউটারে টাইপ করতে হবে।

গ্রেড-ডি স্টেনো পদের বেলায় মিনিটে ৮০টি শব্দ তোলার গতিতে ১০ মিনিটের স্টেনো টেস্ট হবে। তারপর ওই ম্যাটার মিনিটে ৫০টি শব্দ তোলার গতিতে কম্পিউটারে টাইপ করতে হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৫ সেপ্টেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ssconline.nic.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন ৬ সেপ্টেম্বরের মধ্যে। এছাড়াও স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় চালানের মাধ্যমে জমা দিতে পারবেন, ৬ সেপ্টেম্বরের মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। তপশিলী, মহিলা ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। ফর্ম পূরণে কোনো ভুল হয়ে থাকলে তা সংশোধন করতে পারবেন ৭ সেপ্টেম্বরের মধ্যে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


D.Pharmacy | B.Pharmacy
Eligibility : HS Sc. (PCB/M with 50% Marks) I PCI Approved

Arts এবং Commerce-এর ছেলে-মেয়েদের আর চিন্তা নেই ! এখন সরকারি স্বীকৃত মুক্ত বিদ্যালয় থেকে Science নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করে কম খরচে সহজে ফার্মেসি কোর্স করার সুবর্ণ সুযোগ !!

পশ্চিমবঙ্গ | ব্যাঙ্গালোর | অন্ধ্রপ্রদেশ | রাজস্থান | ওড়িশা | দিল্লি | আসাম | উত্তরপ্রদেশ

আগে আসুন-জানুন-বুঝুন, তারপর ভর্তি হন। কম খরচে বেশী লাভ করতে যাবেন না, আর নতুন নতুন ব্যাঙের ছাতার মত গজিয়ে ওঠা সেন্টারে ভর্তি হবেন না। তাহলে টাকা এবং সময় দুটোই নষ্ট হবে আপনার - ধন্যবাদ

GNM নার্সিং | B.Sc নার্সিং | PARAMEDICAL
B.Ed I M.Ed | D.El.Ed I B.P.Ed | LLB I LLM
BA I B.Sc I B.Com | MA I M.Sc I M.Com | লাইব্রেরী সায়েন্স
BBA I MBA | BCA I MCA | B.Tech I M.Tech
HOTEL MANAGEMENT HOSPITAL MANAGEMENT | M.Sc. MICROBIOLOGY M.Sc. BIO-TECHNOLOGY | মাধ্যমিক (NIOS/RMV) উচ্চমাধ্যমিক (NIOS/RMV)
POLYTECHNIC (CIVIL/MECHANICAL/ELECTRICAL) | ITI ফিটার ITI ইলেক্ট্রিশিয়ান | B.Sc. AGRICULTURE M.Sc. AGRICULTURE

For Admission & Franchise
8392029714
9932587694

NIBEDITA INSTITUTE AND MANAGEMENT
GOVT. OF W.B. REG. NO.- IV-1903-00021/2021
An ISO 9001 : 2015 Certified Institute I www.nibeditainstituteandmanagement.com
হেড অফিস ঃ দুর্গাবাড়ি মোড়, ময়নাগুড়ি, জলপাইগুড়ি - ৭৩৫২২৪

# MAKAUT ও গুরুকুলের যৌথ উদ্যোগে চাকুরিমুখী B.Sc. Agriculture Biotechnology ডিগ্রি কোর্সে ভর্তি চলছে

**নিজস্ব প্রতিনিধি** : উচ্চমাধ্যমিক রেজাল্ট বেরিয়ে যাওয়ার সাথে সাথে ছাত্রছাত্রী ও অভিভাবকরা চিন্তিত যে কী নিয়ে গ্রাজুয়েশন করলে সুনিশ্চিত কেরিয়ার পাওয়া যাবে, কোথায় ভর্তি হবে? CCPTR (MAKAUT), গুরুকুল এর যৌথ উদ্যোগে সায়েন্স (Bio / Pue) / ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্রছাত্রীদের জন্য শুরু করেছে কর্মসংস্থানমুখী কোর্স বি.এসসি এগ্রিকালচার বায়োটেকনোলজি ডিগ্রি কোর্স। ভারতবর্ষের অর্থনীতি ও সমস্ত ক্ষেত্রের মুখ্য স্তম্ভ হল কৃষি ও বায়োটেকনোলজি। ভারতবর্ষের ৭০% এমপ্লয়মেন্ট কৃষি ও বায়োটেকনোলজি কেন্দ্রীক। বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় এর প্রাক্তন ডিন Prof. R. K. Ghosh ও IAS অফিসার ও প্রাক্তন মুখ্যসচিব শ্রী রায় জানালেন, 'Agriculture Biotechnology' সেক্টরে কাজ জানা প্রশিক্ষিতদের বিপুল চাহিদা সরকারি ও বেসরকারি এবং বৈদিশিক মাল্টি ন্যাশনাল সংস্থায়। এদের চাকুরি খুঁজতে হয় না, চাকুরি এদের খুঁজে নেয়। এই কোর্স করে তাই সহজেই শিক্ষার্থী চাকুরির সুযোগ পেতে পারে সরকারি ও বেসরকারি কৃষি ও বায়োটেকনোলজি সংস্থা, ব্যাঙ্ক, মাল্টি ন্যাশনাল সার, সীড, পেস্টি সাইড সংস্থা, রিসার্চ ল্যাবে ম্যানেজার, অ্যানালিস্ট, প্রোডাক্ট রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অফিসার বা সুপারভাইজর এবং অন্যান্য নানা পদে। গুরুকুলের কলকাতা ক্যাম্পাসে রয়েছে নিজস্ব অত্যাধুনিক ফার্ম, অত্যাধুনিক বায়োটেকনোলজি ও জেনেটিক্সের ল্যাব। কোর্সের প্রথম থেকেই ক্যাম্পাসে থিওরি ও প্র্যাক্টিক্যালের সঙ্গে সঙ্গে এগ্রিকালচার ও বায়োটেকনোলজি সম্পর্কিত শিল্পক্ষেত্রে হাতে-কলমে প্রশিক্ষণের মাধ্যমে ছাত্রছাত্রীদের জব রেডি করে তোলে। রয়েছে নিখরচায় সফট স্কিল, স্পোকেন ইংলিশ ও ইন্টারভিউ সেশন। সীমিত আসনে ভরতির জন্য এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানায়- গুরুকুল এডুটেক এডুকেশন অ্যান্ড রিসার্চ ফাউন্ডেশন, লাঙলবেড়িয়া, LASKUS ক্যাম্পাস, কলকাতা (নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে), ফোন- ৯৮০৪৭২০৪২৫, ৭০৫৯৯১৮১৮৬, ৯০৫১৩৫২৩৩৭, ওয়েবসাইট- www. gurukulinstitute.org.in


PARAMEDICAL COLLEGE DURGAPUR
BMLT Medical Laboratory Technology
HOSPITAL MANAGEMENT | OPTOMETRY
PHYSIOTHERAPY | NUTRITION B.SC & M.SC
93337-09950 | www.paramedicalcollege.org info@paramedicalcollege.org | ADMISSION 2022
Hellen Keller Sarani, Sector - 2A Bidhannagar, Durgapur - 713212, WB



প্রগতি ITI-এ ভর্তি
বহরমপুর ও কৃষ্ণনগরে
NCVT অনুমোদিত বহরমপুর প্রগতি ITI ও কৃষ্ণনগর প্রগতি ITI-এ ২০২২ সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তির জন্য যোগাযোগ করুন:
কোর্স : ইলেক্ট্রিশিয়ান ও ফিটার
বহরমপুর : 9434900500
কৃষ্ণনগর : 9434900700



উচ্চ মাধ্যমিকের পর কোনো প্রবেশিকা পরীক্ষা ছাড়াই কর্মমুখী ডিগ্রি কোর্সে ভর্তির সুযোগ

ক্লাস XII এর পরে উচ্চশিক্ষায় রয়েছে core engineering এর কিছু বিষয় যা গড়ে দিতে পারে এক সুনিশ্চিত ভবিষ্যৎ। ভারতবর্ষ আজ গাড়ি উৎপাদনে বিশ্বে চতুর্থ স্থানাধিকারী এবং প্রায় ৩ কোটি ৭০ লক্ষ জনসমষ্টি এই শিল্পের সাথে যুক্ত। বর্তমানে পরিবেশ দূষণ রোধে BS VI Norm এর প্রণয়নে গাড়ি প্রযুক্তিতে এসেছে বড় পরিবর্তন এবং দ্রুত জনপ্রিয় হচ্ছে পরিবেশ বান্ধব Electric Vehicles। উন্নতমানের গাড়িতে আজ পরিলক্ষিত হচ্ছে Artificial Intelligence, Machine Learning, IoT- এর মতো প্রযুক্তির ব্যবহার। এই সব নতুন প্রযুক্তিতে প্রশিক্ষিত Automobile Engineer এর রয়েছে প্রচুর চাকরির সুযোগ। MCKV Institute of Engineering একটি NAAC-A মূল্যায়িত Autonomous College। এখানে শুধুমাত্র AICTE স্বীকৃত ও MAKAUT অনুমোদিত কোর্সে পাঠদান করা হয়ে থাকে। Automobile Engineering এ, 4years BTech কোর্সটি বিশেষভাবে উল্লেখযোগ্য। BS VI Technology, Electric Vehicle, design Software প্রভৃতি আধুনিক প্রযুক্তিতে প্রশিক্ষণের জন্য এই বিভাগের ল্যাবরেটরিগুলি Volvo Eicher Commercial Vehicles, Bosch Limited, BMW India, Hyundai Motors, Logiczap NextGen Technologies, Dassault Systems এর মতো সুপরিচিত অটোমোবাইল সংস্থার সাথে সংযুক্ত। কোর্স শেষে পড়ুয়ারা তাই সহজেই নামী অটোমোবাইল সংস্থায় Design, Manufacturing, Service, Sales প্রভৃতি ক্ষেত্রে চাকুরী পেয়ে থাকে। বর্তমানে এই বিভাগে আরো দুটি ৩ বছরের কর্মমুখী শিক্ষাক্রম BVOC in Automobile Servicing এবং BVOC in Automotive Manufacturing Technology চালু হয়েছে। Science, Arts এবং Commerce নিয়ে ক্লাস XII অথবা ITI পাশ করার পর এই কোর্সগুলিতে ভর্তি হওয়া যায় কোনো প্রবেশিকা পরীক্ষা ছাড়াই। পাঠক্রম শেষে রয়েছে অটোমোবাইল সংস্থায় Service/Floor Supervisor, Marketing Officer, Quality Engineer, Designer প্রভৃতি পদে নিশ্চিত চাকরির সুযোগ।

MCKVIE-তে রয়েছে 4years BTech in Mechanical Engineering এর কোর্স। পরিবর্তিত পাঠক্রমে সংযোজিত হয়েছে Mechatronics, 3d Printing Technology, এবং Robotics এর মতো বিষয়। উচ্চমানের ল্যাবরেটরির সুযোগসুবিধার সাথে এই বিভাগের Centre of Excellence in 3d printing পড়ুয়াদের দেবে এই প্রযুক্তিতে হাতে কলমে শিক্ষালাভ ও চাকরির সুযোগ। MCKVIE তাই হতেই পারে আপনার স্বপ্নের ঠিকানা।

MCKV INSTITUTE OF ENGINEERING | 243, G. T. Road (N), Liluah, Howrah, M : 90070 17339, www.mckvie.edu.in



JOB WITH FREE STUDY IN GERMANY
BUILD NURSING CAREER
•B.Sc. Nursing
•GNM Nursing
•Healthcare Management
with Handsome Salary
STUDY FREE CONSULTANCY
9903456783 / 9748242777
9/1, Justice Chandra Madhab Road, Kolkata- 700 020
www.studyfreeconsultancy.in Email: studyfreeconsultancy@gmail.com



কেরিয়ার গড়ে উঠুক
প্রকৃতির হাতে, প্রযুক্তির সাথে
JIS GROUP Educational Initiatives
ভর্তি চলছে ২০২২ - ২০২৩
উচ্চমাধ্যমিক উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য JIS-এর পাঠ্যক্রমে এক অভিনব সংযোজন। কৃষি প্রযুক্তি বিজ্ঞানের মাধ্যমে ভবিষ্যত উজ্জ্বল করার এক সুবর্ন সুযোগ।
JIS COLLEGE OF ENGINEERING
B. Tech (এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং) (4 বছর) [AICTE দ্বারা স্বীকৃত এবং MAKAUT - এর সাথে সংযুক্ত]
87773 41448 | 84209 34826
যোগ্যতা: পদার্থবিদ্যা, রসায়ন, গণিত / WBJEE/CEE-AMPAI-WB-22 সহ উচ্চমাধ্যমিক পাশ
Upto 100% Scholarship Available
JIS UNIVERSITY
School of Agricultural Sciences
B.Sc কৃষি বিজ্ঞান (অনার্স) (4 বছর) [ICAR সিলেবাস অনুযায়ী]
62913 20657 | 72783 57829
যোগ্যতা: বিজ্ঞান ও ভোকেশনাল এগ্রিকালচার কোর্সের সাথে উচ্চমাধ্যমিক পাশ
Accreditations Affiliations & Approvals
UGC | AICTE
PLACEMENT TRAINING FROM DAY 1
Block A, Phase-III Kalyani - 741235
APPLY NOW www.jisgroup.org



১৭ আগস্ট থেকে শুরু হওয়া
রেলের গ্রুপ-ডি
পরীক্ষায় সিলেবাসভিত্তিক 'Common' প্রশ্নোত্তর পেতে
WBCS Main 2022 (আগস্ট / সেপ্টেম্বর)
এছাড়াও পাবেন
রাজ্য পুলিশের কনস্টেবল, সাব-ইন্সপেক্টর, SSC CHSL, CGL সহ সব ধরনের পরীক্ষার Up-to-date স্টাডি মেটেরিয়াল পেতে আজই কিনুন
সাফল্য সাধারণ জ্ঞান | সাফল্য
Appointment & Career News
যোগাযোগ করুন : 9830624170

# আই.সি.ডি.এস সুপারভাইজার ইন্টারভিউ : প্রস্তুতির টিপস

**পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের আই.সি.ডি.এস সুপারভাইজার পদের ইন্টারভিউ শুরু হয়েছে। এই ইন্টারভিউ চলবে নভেম্বর-ডিসেম্বর পর্যন্ত। কবে কাদের ইন্টারভিউ তা ওয়েবসাইটে জানতে পারবেন। ৫০ নম্বরের এই ইন্টারভিউয়ে কোন কোন দিক থেকে কেমন প্রশ্ন করা হতে-পারে তা নিয়ে বিস্তারিত ভাবে আলোচনা করলেন রাজ্য সরকারের পণ্য ও শুল্ক দফতরের অ্যাসিস্ট্যান্ট কমিশনার সামিম সরকার।**



কোনো চাকরির পরীক্ষার শেষ বা অন্তিম পর্ব হল ইন্টারভিউ বা পার্সোন্যালিটি টেস্ট। লিখিত পরীক্ষার দীর্ঘ ক্লান্তিকর যাত্রা শেষে ইন্টারভিউয়ের চৌকাঠে পৌছাতে হয়। ইন্টারভিউয়ে সফল হওয়ার অর্থ কাঙ্খিত লক্ষ্যে পৌছে যাওয়া। এখানে ব্যর্থতার অর্থ, তীরে এসে তরী ডোবা। তিল তিল করে গড়ে তোলা স্বপ্নের সলিল সমাধি। শুরু করতে হয় আবার শুন্য থেকে। তাই অত্যন্ত গুরুত্ব সহকারে এই পর্বটিকে গ্রহণ করতে হবে। প্রস্তুতিতে বিন্দুমাত্র অবহেলা করা যাবে না। আইসিডিএস-এর সুপারভাইজারের ইন্টারভিউ দেওয়ার সুযোগ জীবনে বারবার আসবে না। কারণ, এই পরীক্ষাটি বহু বছর পর হল, ভবিষ্যতে আবার হবে কিনা তার নিশ্চয়তা নেই। তাই একবারেই সুযোগকে কাজে লাগাতে হবে, করতে হবে কাঙ্খিত স্বপ্নপূরণ। নিষ্ঠা সহকারে যদি ভালো গাইডের তত্ত্বাবধানে প্রস্তুতি নেওয়া যায় তবে সাফল্য আসবেই আসবে।

ব্যক্তিত্বের বিকাশের জন্য প্রস্তুতি নেওয়া দরকার। ব্যক্তিত্ব এমন একটি জিনিস, যার মাধ্যমে 'তুমি প্রকৃত কী' তা-ই প্রকাশ পায়। আর রাতারাতি নিজেকে বদলে ফেলাও যায় না। মানুষের চরিত্রে বসে যাওয়া স্বভাব, আদব-কায়দা বদলে ফেলার জন্য যেমন সচেতনভাবে সক্রিয় থাকতে হয়, যে কেউ তার বুদ্ধিমত্তাকে আরও তীক্ষ্ণ, আরও ঝকঝকে করতে সক্ষম সঠিক অনুশীলনের মাধ্যমে, যা আসলে তার ব্যক্তিত্বের বৈশিষ্ট্যগুলিকে আরও সুচারুভাবে ফুটিয়ে তুলে থাকে। এর জন্য অবশ্য যথাযথভাবে প্রস্তুতি নিতে হয়। কিসের জন্য ইন্টারভিউ আর বোর্ড কর্তাদের চাহিদাই বা কি - এটি বুঝে নিতে পারলে অর্ধেক যুদ্ধ জয় করা যায়।

ইন্টারভিউ প্রস্তুতির জন্য প্রার্থীকে দু'ধরনের প্রস্তুতি নিতে হবে- ইন্টেলেকচ্যুয়াল ও বিহেভিয়ারাল। ইন্টারভিউ বোর্ড ফেস করার আগে প্রার্থীর উচিত সবথেকে আগে নিজের বায়োডাটাকে খুব ভালোভাবে ঝালিয়ে যাওয়া। তাছাড়া কারেন্ট অ্যাফেয়ার্স, কাজের অভিজ্ঞতা, হবি - ইত্যাদি বিষয়গুলির ওপর স্বচ্ছ ধারণা তৈরি করে নিতে হবে। এইসব ইন্টেলেকচ্যুয়াল ব্যাপারের পাশাপাশি নিজের ব্যবহার তথা অ্যাপিয়ারেন্স, বডি ল্যাঙ্গুয়েজ ও কমিউনিকেশন স্কিলের উন্নতি সাধনের বন্দোবস্ত করতে হবে।

## সরকারি প্রকল্প

**কন্যাশ্রী :** (দফতরের নাম : নারী ও শিশু উন্নয়ন ও সমাজ কল্যাণ দফতর।) **প্রকল্পের উদ্দেশ্য :** মূলত কন্যা সন্তানদের বাল্যবিবাহ প্রতিরোধ। এই প্রকল্পে অষ্টম থেকে দ্বাদশ শ্রেণির (বয়স ১৩-১৯ বছর) অবিবাহিতা ছাত্রীদের বার্ষিক ৭৫০ টাকা বৃত্তি (কে-১) এবং ২৫,০০০ টাকার এককালীন অনুদান (কে-২) দেওয়া হয়। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় ২০১৩ সালের ১ অক্টোবর এই প্রকল্প চালু হয়। এই প্রকল্পের নামকরণ ও লোগোর নকশা তৈরি করেছেন মুখ্যমন্ত্রী নিজে। 'কন্যাশ্রী'র মেয়েদের নানা প্রশিক্ষণ দেওয়া ও তাদের পণ্য বিক্রিরও ব্যবস্থা হচ্ছে। বাঁকুড়ার মুকুটমনিপুরে 'সুকন্যা' নামে তাদের একটি স্থায়ী বিপণি দেওয়া হয়েছে। 'রাষ্ট্রপুঞ্জ' কন্যাশ্রী প্রকল্পকে বিশ্বসেরা প্রকল্পের শিরোপা দিয়েছে। ২০১৭ সালে ৬২টি দেশের ৫৫২টি 'সোশ্যাল সেক্টর স্কিম'এর মধ্যে বিশ্বসেরা জন পরিষেবা পুরস্কারের স্বীকৃতি দিয়েছে।

**সবলা :** (দফতরের নাম : নারী ও শিশু উন্নয়ন ও সমাজ কল্যাণ।) **প্রকল্পের উদ্দেশ্য :** কিশোরীদের স্বাস্থ্য ও কর্মসংস্থানগত উন্নতি ঘটিয়ে তাদের ক্ষমতায়ন বাড়ানো। এই প্রকল্পের মাধ্যমে অঙ্গনওয়াড়ি কেন্দ্রের তৈরি খাবার সরবরাহের মাধ্যমে অপুষ্টি দূর, স্বাস্থ্য, পরিবার ও শিশু সুরক্ষা ও যত্নের ব্যাপরে সচেতনতা তৈরি করা হচ্ছে কিশোরীদের মধ্যে। রাজ্যের ৭টি জেলায় 'কন্যাশ্রী' প্রকল্পের সঙ্গে সমন্বয় তৈরি করে এই প্রকল্প চলছে। গৃহকর্মে ও জীবনের নানাক্ষেত্রে তাদের দক্ষতা বৃদ্ধির পাশাপাশি বৃত্তিমুখী প্রশিক্ষণ ও বিদ্যালয়- বহির্ভূত কিশোরীদের লেখাপড়ার ব্যবস্থা করার কাজ চলছে এই প্রকল্পে। তাঁদের 'কিশোরী কার্ড' নামে একটি কার্ড দেওয়া হচ্ছে, যেখানে তাদের স্বাস্থ্য সংক্রান্ত সব তথ্য দেওয়া থাকবে।

**কিশোরী শক্তি যোজনা :** (দফতরের নাম নারী ও শিশু উন্নয়ন ও সমাজ কল্যাণ দফতর।) **প্রকল্পের উদ্দেশ্য :** 'সবলা' প্রকল্পের অধীন ৭টি জেলার বাইরে যে জেলাগুলি আছে, সেখানে ১১ থেকে ১৮ বছর বয়সি কিশোরীদের পুষ্টি, স্বাস্থ্য ও উন্নয়নগত অবস্থানের উন্নতির জন্য চালু আছে সবলার অনুরূপ এই প্রকল্প। সমাজের উৎপাদনশীল সদস্য হিসাবে তাদের গড়ে তুলতে সাহায্য করাই এই প্রকল্পের উদ্দেশ্য। **কারা আবেদন করতে পারবেন :** ওইসব জেলার ১১ থেকে ১৮ বছর বয়সি কিশোরীরা এই সুযোগ পাবে।

**মুক্তির আলো :** (দফতরের নাম : নারী ও শিশু উন্নয়ন ও সমাজ কল্যাণ দফতর।) **প্রকল্পের উদ্দেশ্য :** বিভিন্ন কারণে অনেক অল্পবয়সি মেয়ের স্থান হয় যৌনপল্লিতে অর্থাৎ রেডলাইট এরিয়াতে। বহু ক্ষেত্রে তারা অন্য রাজ্যে বা দেশে পাচার হয়ে যায়। সবথেকে দুর্ভাগ্য, উদ্ধারের পরেও তাঁদের সমাজে ঠাঁই মেলে না। এই প্রথম সরকারি উদ্যোগে ও সম্পূর্ণ আর্থিক অনুদানে স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের মাধ্যমে যৌনকর্মীদের ও এই দুর্ভাগা নারী ও বালিকাদের পুনরুদ্ধারের পর কাউন্সেলিং ও বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দিয়ে আর্থিকভাবে স্বনির্ভর করে পুনর্বাসনেব ব্যবস্থা করা হচ্ছে মুক্তির আলো প্রকল্পে।

প্রশিক্ষণ চলার সময় তাদের থাকা-খাওয়া, কাউন্সেলিং-এর সঙ্গে মাসিক ভাতারও বন্দোবস্ত করেছে সরকার। প্রশিক্ষণ শেষে ইচ্ছুক শিক্ষানবিশদের স্বাবলম্বনের জন্য এই প্রকল্প থেকে এককালীন মূলধনও দেওয়া হয়। পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এই প্রকল্পের নামকরণ ও শুভ সূচনা করেন ২০১৫ সালের ৪ সেপ্টেম্বর। মুক্তির আলো প্রকল্পে ব্লক প্রিন্টিং ও স্পাইস গ্রাইন্ডিং -এর উপর প্রশিক্ষণ দেওয়া হয়েছে ও 'ক্যাফেটেরিয়া ম্যানেজমেন্ট' ও 'টায়ার টিউবের পুনর্ব্যবহার'-এর ওপর প্রশিক্ষিত করা হয়েছে। **কারা প্রশিক্ষণ নিতে পারবেন :** নারী পাচারের শিকার মহিলা ও বালিকারা, যৌনকর্মী ও তাঁদের কন্যাসন্তানরা। **কারা আবেদন করতে পারবেন :** যৌন এলাকায় কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান, যারা এই পরিষেবা দিতে আগ্রহী।

**মিশন ইন্দ্রধনুষ :** ভারত সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের মাধ্যমে ২০১৪ সালের ২৫ ডিসেম্বর শুরু হয়। এর আগে, ১৯৭৮ সালে সম্প্রসারিত টিকাকরণ কর্মসূচির সূচনা করা হয়, যা পরে ১৯৮৫ সালে 'সর্বজনীন টিকাকরণ কর্মসূচি' নামে পরিচিত হয়। মিশন ইন্দ্রধনুষ আসলে রামধনুর ৭টি রঙের মতোই সাতটি রোগকে প্রতিরোধ করার উদ্দেশ্যে টিকা দেওয়ার ব্যবস্থা করা হয়। (i) ডিপথেরিয়া, (ii) হুপিং কাশি, (iii) টিটেনাস, (iv) পোলিও, (v) টিবি, (vi) হাম, (vii) হেপাটাইটিস -বি। প্রথম দফায় শুরু হয়েছিল ২০১টি অতি গুরুত্বপূর্ণ জেলায়। তার মধ্যে ৪২টি জেলা উত্তর প্রদেশ, বিহার, মধ্য প্রদেশ ও রাজস্থানে অবস্থিত।

### টিকা
#### গর্ভবতী মহিলাদের জন্য

| টিকা | টিকাকরণের সময় | টিকাকরণ মাধ্যম |
|---|---|---|
| টিডি -1 | গর্ভধারণের প্রথম অবস্থায় | পেশির ভিতরে |
| টিডি-2 | প্রথম ডোজের 40 সপ্তাহ পরে | পেশির ভিতরে |
| টিডিবুস্টার | গর্ভাবস্থায় ২টি টিডি নিলে তার পরবর্তী ৩ বছরের মধ্যে | |

### টিকা
#### সদ্যোজাতের ক্ষেত্রে

| টিকা | টিকাকরণের সময় | টিকাকরণ মাধ্যম |
|---|---|---|
| BCG | জন্মের সময় বা 1 বছরের মধ্যে যত তাড়াতাড়ি সম্ভব | ত্বকের ভিতর |
| হেপাটাইটিস-B (জন্মকালীন) | জন্মের সময় অথবা প্রথম ২৪ ঘন্টার মধ্যে যত শীঘ্র সম্ভব | পেশিতে |
| OPV-O | জন্মের সময় অথবা প্রথম ১৫ দিনের মধ্যে | মুখে |
| OPV-1, 2, 3 | 6 সপ্তাহ, 10 সপ্তাহ, 14 সপ্তাহ | মুখে |
| পনাভ্যালন্ট 1,2 ও 3 | 6 সপ্তাহ, 10 সপ্তাহ, 14 সপ্তাহ | পেশিতে |
| রোটাভাইরাস | 6 সপ্তাহ, 10 সপ্তাহ, 14 সপ্তাহ | পেশিতে |
| IPV | 6 ও 14 সপ্তাহ আংশিক পরিমাণ দু'বার | ত্বকের ভিতর |
| হাম | 9 মাস সম্পূর্ণ হওয়ার পর থেকে 12 মাস | চামড়ার ভিতর ফ্যাট স্তরে |
| হেপাটাইটিস -B, 1, 2, 3 | 6, 10, 14 সপ্তাহ | পেশির ভিতর |
| Vitamin A | হামের টিকার সঙ্গে | মুখে |
| DPT বুস্টার | 16-24 মাস | পেশির ভিতর |
| হাম-দ্বিতীয়বার | 16-24 মাস | ত্বক শিখনস্থ ফ্যাট অঞ্চলে |
| OPV বুস্টার | 16-24 মাস | মুখে |
| জাপানি এনকেফ্যালাইটিস-১ | ৯ মাস সম্পূর্ণ হওয়ার পর ১২ মাস | ত্বক শিখনস্থ ফ্যাট অঞ্চলে |
| জাপানি এনকেফ্যালাইটিস-২ | 16-24 মাস | ত্বক শিখনস্থ ফ্যাট অঞ্চলে |
| টিডি | 10 বছর এবং 16 বছর | পেশিতে |

## আই.সি.ডি.এস ইন্টারভিউয়ের সম্ভাব্য প্রশ্ন

- তোমার পরিচয় দাও।
- আই.সি.ডি.এস শুধু গ্রামের এলাকাতে হয়? শহরের কোথায় হয়?
- তুমি কি নিজেকে আই.সি.ডি.এস সুপারভাইজর পদের চাকরির জন্য যোগ্য বলে মনে কর?
- আই.সি.ডি.এস বাচ্চাদের কী ধরনের পুষ্টিকর খাবার দেয়?
- পুষ্টিহীন বাচ্চা তুমি বুঝবে কী করে?
- সিস্টার নিবেদিতা সম্পর্কে কিছু জানো? তাঁর আসল নাম কী ও নারী শিক্ষায় তাঁর অবদান কী ছিল?
- গর্ভবতী মায়ের কিভাবে যত্ন নেওয়া উচিত?
- আই.সি.ডি.এস-এ শুধু মেয়েরা আছে, ছেলেরা নেই কেন?
- দূরে কোনো আই.সি.ডি.এস সেন্টারে চাকরি পেলে তুমি যাবে সেখানে? কোনো অসুবিধা হবে না তোমার?
- আই.সি.ডি.এস-এ তোমাকে ফিল্ড ওয়ার্ক অর্থাৎ কতগুলি সেন্টারের দায়িত্ব তোমাকে দেওয়া হবে?
- অশোক স্তম্ভ কী? এটি নিয়ে সম্প্রতি বিতর্ক কেন হচ্ছে?
- সিস্টার নিবেদিতার স্বাধীনতা সংগ্রামে কোনো অবদান আছে?
- এমন দু'জন নারীর নাম করো, যাঁরা নোবেল শান্তি পুরস্কার পেয়েছেন?
- 'বাচ্ছপান বাঁচাও' আন্দোলনটি কে শুরু করেন? এটির উদ্দেশ্য কী?
- চাকরিতে যোগ দিয়ে তুমি প্রথমে কী করবে?
- আই.সি.ডি.এস কোন ডিপার্টমেন্টের মধ্যেপড়ে? এই ডিপার্টমেন্টের ভারপ্রাপ্ত মন্ত্রী কে?
- এমন আর কোনো ডিপার্টমেন্ট আছে কি, যারা আই.সি.ডি.এস-এর সঙ্গে যুক্ত?
- তিনজন মুসলিম নারীর নামে বলো, যাঁরা 'শিক্ষা' নিয়ে কাজ করছেন?
- ২০২২ সালে 'কমনওয়েলথ গেমস'এ ভারত ক'টি সোনার পদক পেয়েছে?
- গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের প্রধানকে কী বলে? এগুলিতে কতগুলি উপ-সমিতি আছে, কী কী?
- আই.সি.ডি.এস সেন্টারে অন্নপ্রাশন হয় কী? কত বছরের বাচ্চাদের অন্নপ্রাশন হয়? (কর্মচারীদের পরিষেবা প্রসঙ্গে)।
- পশ্চিমবঙ্গে ০-৬ বছরের শিশুর পরিসংখ্যান কত?
- বার্মিংহাম কমনওয়েলথ গেমসে মহিলাদের স্থান কেমন?
- সম্প্রতি অনুষ্ঠিত কমনওয়েলথ গেমস কত তম? এবারে গেমসে পদক তালিকায় ভারতের স্থান কত?
- ভারতের পদক সংখ্যা বল। সোনার পদক পাওয়া মহিলাদের নাম বলো?
- আই.সি.ডি.এস সেন্টারের উন্নতিতে তোমার কী পরামর্শ আছে?
- তোমার গ্র্যাজুয়েশনের বিষয়কে আইসিডিএস সেন্টারে কিভাবে কাজে লাগাবে?
- গ্র্যাজুয়েশন ও মাস্টার্স অনেকদিন আগে করেছেন, তারপর কী করছিলেন?
- আইসিডিএস সেন্টারে যেসব সমস্যা আছে, তা আপনি কিভাবে সমাধান করবেন?
- আপনার সাবডিভিশনের মধ্যে ক'টি আই.সি.ডি.এস সেন্টার আছে?
- সাইকেল চালাতে পারো? তোমার সেন্টার গ্রামে হলে কিভাবে যাবে?
- আই.সি.ডি.এস সেন্টারে কতবছর পর্যন্ত বাচ্চাদের শিক্ষা দেওয়া হয়? সেই শিক্ষাটির নাম কী?
- আই.সি.ডি.এস সেন্টারে যে খাবার দেওয়া হয়, তাকে কী বলা হয়? সাপ্লিমেন্টারি কেন বলা হয়? কম্পলিমেন্টারি কেন বলা হয় না?
- ব্যালেন্স ডায়েট কাকে বলে? ব্যালেন্স ডায়েটে কার্বোহাইড্রেট ও ফ্যাটের শতকরা পরিমাণ কত থাকে?
- আমাদের শরীরে কতগুলি সিস্টেম ও হাড় আছে?
- মাইক্রো এলিমেন্ট ও ম্যাক্রো এলিমেন্ট বলতে কী বোঝ? মাইক্রো এলিমেন্টের নাম বলো।
- বি.এড./ ডি. এল.এড করেছো, তাও স্কুলে চাকরিতে না গিয়ে আই.সি.ডি.এস চাকরিতে কেন?
- তোমার সেন্টারে ২.৫ বছরের একটি বাচ্চা নেতিয়ে পড়ে আছে, হাঁটতে পারে না, তার মাকে তুমি কী পরামর্শ দেবে?
- ম্যালনিউট্রিশনজনিত রোগের নাম বলো।
- রিকেট রোগের বাংলা কী?
- পি.এস.সি অফিসে ইন্টারভিউ দিতে এসেছো, এই অফিসের ঠিকানা কী।
- এস.পি. মুখার্জীর পুরো নাম বলো। তিনি কে ছিলেন?
- অবসর সময়ে কী করতে ভালোলাগে? হবি ও পাস টাইমের মধ্যে পার্থক্য কী?
- কবিতা ও আবৃত্তির মধ্যে পার্থক্য বলো।
- শিক্ষাব্যবস্থার সঙ্গে যুক্ত কিছু প্রকল্পের নাম বলো।
- ছয় মাস বয়স পর্যন্ত শিশুকে মাতৃদুগ্ধ পান করানো হয় কেন?
- নারীদের উন্নয়নের প্রতি অবদান আছে, এমন কয়েকজন ব্যক্তির নাম বলো।
- আই.এম.আর, এম.এম.আর নাম শুনেছেন কখনও? এদের পুরো নাম কী?

☞ এরপর ১০ পাতায়

# BNG'র নবীনবরণ উৎসব



*BNG'র নবীনবরণ উৎসবে সংস্থার চেয়ারম্যান ও প্রিন্সিপ্যাল বুধাদিত্য পাল ও সি.ই.ও মীনাক্ষি পাল*

**সৈকত হালদার, কলকাতা :** কলকাতার হোটেল ম্যানেজমেন্ট প্রশিক্ষণের অন্যতম প্রতিষ্ঠান বিএনজি হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউটের পক্ষ থেকে নবীনদের স্বাগত জানাতে ১৯ আগস্ট মৌলালী যুব কেন্দ্রের স্বামী বিবেকানন্দ অডিটোরিয়ামে নবীনবরণ উৎসবের আয়োজন করা হয়। স্বাগত ভাষণে সংস্থার চেয়ারম্যান ও অধ্যক্ষ বুধাদিত্য পাল জানান, 'এই মুহূর্তে চাকরির সবথেকে বেশি সুযোগ হসপিটালিটি ও ট্যুরিজম সেক্টরে। প্রতিবছর এই প্রতিষ্ঠান থেকে হোটেল ম্যানেজমেন্টের কোর্স করে সফল ছাত্রছাত্রীরা দেশে-বিদেশে হোটেল ও পর্যটন সেক্টরে কাজ করছেন।' তিনি নতুনদের প্রতি জানান, লক্ষ্য স্থির রেখে কঠোর পরিশ্রম করলে সাফল্য অবশ্যম্ভাবী। এছাড়াও এই উৎসবে ছিলেন নামি হোটেলের এইচ.আর ও ট্রেনিং হেড, পর্যটন দফতরের আধিকারিক, শিক্ষক ও পেশাদাররা। সংবর্ধনা দেওয়া হয় নামি হোটেলের আধিকারিক ও নানা ক্ষেত্রের এইসব বিশিষ্টদের— প্রিয়া ভট্টাচার্য, সনিয়া সুরকার, মধুরিমা গুহ, সায়ক নন্দী, ঋষভ হালদার, শর্মিষ্ঠা সেনগুপ্ত, নিতি মজুমদার, সৌরভ গুপ্ত, সৌভিক রক্ষিত, প্রতীক মোহন, রেশমি পাল, সুজন চক্রবর্তী, দেবব্রত ভট্টাচার্য, প্রিয়াঙ্কা, রোহনীত আলুওয়ালিয়া, প্রিয়ঙ্ক শ, ঐশ্বর্যা পাল, সারদা রাধাকৃষ্ণণ, শমীন্দ্র শূর, সিস্টার প্রিয়াঙ্কা, রমেশ আগরওয়াল, সুদেশ পোদ্দার,অতিক্রম গুপ্ত, প্রমুখকে। হোটেলের আধিকারিক ও পেশাদাররা নতুন শিক্ষার্থীদের স্বাগত জানিয়ে বলেন, কেরিয়ার গড়ার জন্য হোটেল ম্যানেজমেন্ট কোর্সকে বেছে নেওয়া সঠিক সিদ্ধান্ত। এই পেশা খুব চ্যালেঞ্জিং ও উন্নতির অনেক সুযোগ রয়েছে। নিজেকে তিল তিল করে গড়ে তুলতে হবে। সেইসঙ্গে তাঁরা অভিভাবকদেরও সচেতন হতে বলেন।

নতুন শিক্ষার্থীরা একক ও সমবেত সঙ্গীত আর নাচে অংশ নিয়ে অতিথিদের মুগ্ধ করেন। এক কথায় শিক্ষক, অতিথি ও ছাত্রছাত্রীদের নিয়ে এ দিনের নবীনবরণ উৎসব ছিল চাঁদের হাট। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন বি.এন.জি হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউটের সি.ই.ও মীনাক্ষি পাল।

# বিনামূল্যে তপশিলী জাতি ও আদিবাসী ছাত্রছাত্রীদের JEE / NEET-এর কোচিং

পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগমের পরিচালনায় বিনা খরচে তপশিলী জাতি ও আদিবাসী ছাত্রছাত্রীদের JEE / NEET-এর কোচিং করানো হচ্ছে। বিজ্ঞান বিভাগে উচ্চমাধ্যমিক পাঠরত ও স্নাতক স্তরের প্রথম বর্ষে পাঠরত ছাত্রছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে মাধ্যমিক বা, সমতুল পরীক্ষায় তপশিলী জাতিদের ক্ষেত্রে ৬০% ও উপজাতি বা আদিবাসীদের ক্ষেত্রে ৫০% নম্বর থাকতে হবে। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৩,০০,০০০/- টাকার মধ্যে। প্রতিটি ছাত্রছাত্রীকে মাসিক ৩০০ টাকা স্টাইপেন্ড দেওয়া হবে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২৭ আগস্ট। আবেদনপত্র প্রশিক্ষণ কেন্দ্রে পাওয়া যাবে। এছাড়াও www.anagrasarkalyan.gov.in / www.wbbcdev.gov.in ওয়েবসাইটে পাওয়া যাবে। প্রকল্প রূপায়ণে আছে 'এন.সি.এস.এম'। জেলাভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্রগুলি হল : **(১) উত্তর ২৪ পরগনা** — বাগদা (হেলেঞ্চা হাই স্কুল, ফোন :৯০৬২৫০৮০২০), বারাসাত (নোয়াপাড়া রাসবিহারী ইনস্টিটিউশন ফর গার্লস, ফোন : ৭৯৮০৪৯১২১৩), ব্যারাকপুর (নৈহাটী নরেন্দ্র বিদ্যানিকেতন, ফোন : ৮৯১০১৯৪৮০২), বসিরহাট (ভবলা তন্ত্র এস আর হাই স্কুল, ফোন : ৯৫৪৭৬৯৩৩৬৫)। **(২) দক্ষিণ ২৪ পরগনা** — বারুইপুর (মদারাট পপুলার অ্যাকাডেমি, ফোন : ৯৬৭৪৪৬১২০৯), ডায়মন্ডহারবার (ভারত সেবাশ্রম সংঘ প্রণব বিদ্যাপীঠ এইচ.এস, ফোন : ৯৬১৪৪৫৯২৩৯)। **(৩) বাঁকুড়া** — বাঁকুড়া টাউন (বাঁকুড়া গার্লস হাই স্কুল, ফোন : ৮৪৩৬৯০৯৮২৭), খাতড়া (খাতড়া গার্লস হাই স্কুল, ফোন : ৯৯৩২৪৪১০৪৪)। **(৪) হাওড়া** — বাগনান (বাগনান গার্লস হাই স্কুল, ফোন : ৮৬৯৭৮০৩৫২০)। **(৫) ঝাড়গ্রাম** — ঝাড়গ্রাম (ঝাড়গ্রাম কুমুদকুমারী ইনস্টিটিউশন, ফোন : ৯৬৩৫২৩৮৭৩০। **(৬) পশ্চিম বর্ধমান** — দুর্গাপুর টাউন (দুর্গাপুর তারকনাথ হাই স্কুল, ফোন : ৯০৯১০৪৪৬২৪)। **(৭) পশ্চিম মেদিনীপুর** — মেদিনীপুর টাউন (কেরানিতলা শ্রী শ্রী মোহনানন্দ বিদ্যামন্দির, ফোন : ৯৮৩২১২৫০৮৭)। খড়গপুর (খড়গপুর ট্র্যাফিক হাই স্কুল, ফোন : ৬২৯৫৯৯৭০৮৩)। **(৮) পূর্ব মেদিনীপুর** — কন্টাই (কন্টাই কিশোরনগর শচীন্দ্র শিক্ষা সদন, ফোন : ৮২৫০৬৩৩৭৯৯)। খেজুরি (হেরিয়া শিবপ্রসাদ হাই স্কুল, ফোন : ৭৪০৭১৭১০২১)। **(৯) পুরুলিয়া** — মানবাজার (মানবাজার রাধামাধব ইনস্টিটিউশন, ফোন : ৯০৬৪৯১৬১১২। পুরুলিয়া টাউন (চিত্তরঞ্জন বয়েজ স্কুল, ফোন : ৮৬৭০৫৫৬১০৯)। **(১০) আলিপুরদুয়ার** — আলিপুরদুয়ার (আলিপুরদুয়ার হাই স্কুল, ফোন : ৯৪৩৪১৭৯৬৬৯। মাদারিহাট (মাদারিহাট হাই স্কুল, ফোন : ৯৪৩৪১৭৯৬৬৯)। **(১১) বীরভূম** — সিউড়ি (বীরভূম জেলা হাই স্কুল, ফোন : ৯৮০০১৮৯২৬৫)। **(১২) কোচবিহার** — কোচবিহার টাউন (কোচবিহার জেনকিন্স স্কুল, ফোন : ৯৬৭৯০৭৮১৬৯)। **(১৩) দক্ষিণ দিনাজপুর** — বালুরঘাট টাউন (বালুরঘাট হাই স্কুল, ফোন : ৯৯৩২৯২৩৫৩৪)। **(১৪) দার্জিলিং** — শিলিগুড়ি টাউন (শিলিগুড়ি বয়েজ হাই স্কুল, ফোন : ৮৯১৮৬৩৯৭৪২)। দার্জিলিং টাউন (মাইনোরিটি মিটিং হল, অফিস অফ দ্য ডি.এম, ফোন : ৮২৫০৪৯৬০২৭)। **(১৫) হুগলি** — তারকেশ্বর (তারকেশ্বর গার্লস প্রাইমারি স্কুল, ফোন : ৯৭৩২৬২৮৭৩৯)। **(১৬) জলপাইগুড়ি** — জলপাইগুড়ি টাউন (জলপাইগুড়ি হায়ার সেকেন্ডারি স্কুল, ফোন : ৮৩৯১৯৩৫৭১১)। মালবাজার (মালবাজার আদর্শ বিদ্যাপীঠ, ফোন : ৯৮৩২০৮৬৭৪১)। **(১৭) কালিম্পং** — কালিম্পং (জুবিলি স্কুল, ফোন : ৮০০১৩৭৭২৪৯)। **(১৮) মালদা** — মালদা টাউন (মালদা বিভূতিভূষণ হাই স্কুল, ফোন : ৭৭৯৭৯১৯৫৮০)। চাঁচল (চাঁচল সিদ্ধেশ্বরী ইনস্টিটিউশন, ফোন : ৯৬৭৯৬৪১৮৪৬)। **(১৯) নদিয়া** — কৃষ্ণনগর (কৃষ্ণনগর এ.ভি হাই স্কুল, ফোন : ৯৬১৪৮৯৪০৯১)। কল্যাণী (ইউনিভার্সিটি এক্সপেরিমেন্টাল হাই স্কুল, ফোন : ৯৯০৩৭৪০০৭৫)। **(২০) পূর্ব বর্ধমান** — ইস্ট বর্ধমান (কৃষ্ণপুর হাইস্কুল, ফোন : ৮৯১৮৯৪৩২৩৪)। **(২১) উত্তর দিনাজপুর** — রায়গঞ্জ (সুদর্শনপুর দ্বারিকাপ্রসাদ উচ্চ বিদ্যাচক্র, ফোন : ৮৪৩৬৫১০০০৬)। **(২২) মুর্শিদাবাদ** — জঙ্গিপুর (জঙ্গিপুর হাই স্কুল, ফোন : ৭০০১৫৯৫৯২৮)। **(২৩) কলকাতা** — কলকাতা (যোধপুর পার্ক বয়েজ স্কুল, ফোন : ৬২৯১৬৯১৫৬৩)।


PMIT GROUP OF COLLEGES

ভর্তির শেষ সুযোগ
SESSION 22-23

100% চাকরীর সহায়তা

প্যারামেডিক্যাল
MAKAUT অনুমোদিত
BMLT
(B. SC IN MEDICAL LAB TECHNOLOGY)
B.OPT
(BACHELOR OF OPTOMETRY)
RADIOLOGY & IMAGING TECHNOLOGY

নার্সিং
WBNC | INC
GNM
(10+2 Any Stream)
B.Sc NURSING
(10+2 Science)

ফার্মেসী
PCI | MAKAUT | WBSCT & VE & SD
D.PHARM
DIPLOMA IN PHARMACY
(10+2 SCIENCE)
B.PHARM
BACHELOR IN PHARMACY
(10+2 Science)

CAMPUS AT KOLKATA

8335088888
care@pmitcolleges.org
www.pmitcolleges.org

## সেনাবাহিনীতে মহিলা 'অগ্নিবীর'

১ পাতার পর

পাবেন। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২ সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন থাকতে হবে। সেনাবাহিনীতে কর্মরত সৈনিক বা, প্রাক্তন সমরকর্মীর মেয়েরা উচ্চতায় ২ সেমি, ওজনে ২ কেজি ও মেধাবী খেলোয়াড়রা উচ্চতায় ২ সেমি আর ওজনে ৫ কেজি ছাড় পাবেন।

'অগ্নিবীর'দের ৪ বছরের জন্য নিয়োগ করা হবে। চাকরি হবে চুক্তিতে। শুরুতে ৬ মাসের মিলিটারি ট্রেনিং। ট্রেনিং চলার সময় স্টাইপেন্ড পাবেন।

প্রথম বছর মাইনে পাবেন মাসে ৩০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২১,০০০ টাকা। বাকি ৯,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ ৯,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

দ্বিতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৩,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৩,১০০ টাকা। বাকি ৯,৯০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ ৯,৯০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

তৃতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৬,৫০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৫,৫৫০ টাকা। বাকি ১০,৯৫০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ ১০,৯৫০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

চতুর্থ বছর মাইনে পাবেন মাসে ৪০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৮,০০০ টাকা। বাকি ১২,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ ১২,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

এছাড়াও অগ্নিবীরদের নন-কনট্রিবিউটরি স্কিমে ৪৮ লাখ টাকার জীবন বিমা করিয়ে দেওয়া হবে। মৃত্যুকালীন দুর্ঘটনা হলে প্রায় ১ কোটি টাকা দেওয়া হবে। শরীরের ৭৫% ক্ষতি হলে ২৫ লাখ আর ৫০% ক্ষতি হলে ১৫ লাখ টাকা পাবেন। সেইসঙ্গে রিস্ক, হার্ডশিপ, রেশন, পোশাক, ভ্রমণ ভাতা দেওয়া হবে। এছাড়াও বছরে ৩০ দিন ছুটি থাকবে। সেইসঙ্গে মেডিক্যাল লিভ-ও পাওয়া যাবে।

৪ বছর চাকরি করার পর ২৫% প্রার্থীকে পরীক্ষা দিয়ে ১৫ বছরের চাকরির জন্য কেন্দ্রীয় সরকারের স্থায়ী পদে নিয়োগ করা হবে জুনিয়র কমিশন্ড অফিসার বা, অন্য র‍্যাঙ্কে। তখন রেগুলার কর্মীর মতো পেনশনও পাবেন। বাকি ৭৫% কর্মীকে 'অগ্নিবীর স্কিল সার্টিফিকেট' দিয়ে চাকরি থেকে ছুটি দেওয়া হবে। তখন নিজের প্রাপ্য অগ্নিবীর করপাস ফান্ডের টাকা আর সরকারের দেওয়া করপাস ফান্ডের টাকা মিলিয়ে (সুদ-সহ) মোট প্রায় ১১ লাখ ৭১ হাজার টাকা এককালীন (এই প্যাকেজের নাম দেওয়া হয়েছে 'সেবা নিধি') দেওয়া হবে যা, আয়করে ছাড় দেওয়া হবে। এই সার্টিফিকেট দিয়ে অন্য কোনো সংস্থায় চাকরি পেতে পারেন কিংবা দ্বিতীয়বার কেরিয়ার তৈরির জন্য ব্যবসা করতে ঋণ পেতে পারেন। কোনো গ্র্যাচুইটি ও পেনশন নেই।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে শারীরিক সক্ষমতার পরীক্ষা, শরীরের মাপজোখ ও যাবতীয় প্রমাণপত্র পরীক্ষা করা হবে।

১০০ নম্বরের শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে — : ১.৬ (১ মাইল) কিমি দৌড়। ৭ মিনিট ৩০ সেকেন্ডে সম্পূর্ণ করলে গ্রুপ-। আর ৮ মিনিটে সম্পূর্ণ করলে গ্রুপ-।। হিসাবে বিবেচিত হবেন। (২) ১০ ফুট লং জাম্প, (৩) ৩ ফুট হাই জাম্প। শারীরিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে ডাক্তারি পরীক্ষা হবে। তারপর 'কমন এন্ট্রান্স টেস্ট'।

প্রাক্তন সমরকর্মীর মেয়ে ও প্রাক্তন সমরকর্মীরা আর খেলোয়াড়রা ২০, এন.সি.সি.'র 'বি' সার্টিফিকেট কোর্স পাশ হলে ১০, 'এ' সার্টিফিকেট কোর্স পাশ হলে ৫ নম্বর বোনাস হিসাবে পাবেন। এন.সি.সি.'র 'সি' সার্টিফিকেট কোর্স পাশ হলে লিখিত পরীক্ষা দিতে হবে না।

আন্তর্জাতিক স্তরের খেলোয়াড়রা ২০ নম্বর, রাজ্য স্তরের খেলোয়াড়রা ১৫ নম্বর, জেলা স্তরের খেলোয়াড়রা প্রথম বা; দ্বিতীয় পর্যায়ে খেলাধুলা করে থাকলে সরাসরি ১০ নম্বর, বিশ্ববিদ্যালয় স্তরের প্রথম ও দ্বিতীয় পর্যায়ের খেলোয়াড়রা ৫ নম্বর পাবেন।

প্রার্থীদের প্রথমে নাম রেজিস্ট্রেশন করতে হবে, ৭ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. ও বৈধ মোবাইল নম্বর থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার আর অন্যান্য প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করে নেবেন ১৬ নভেম্বরের পর থেকে।

র‍্যালির দিন সঙ্গে নিয়ে যাবেন নিচের এইসব প্রমাণপত্রের মূল ও গেজেটেড অফিসারের প্রত্যয়িত করা ৩ কপি জেরক্স :

(১) মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট ও অন্যান্য কোনো যোগ্যতা থাকলে তার রেজিস্ট্রেশন সার্টিফিকেট, অ্যাডমিট কার্ড, মার্কশীট ও বোর্ড সার্টিফিকেট,

(২) ক্লাস এইট পাশ কিংবা মাধ্যমিকে অকৃতকার্য হলে বা, মাধ্যমিক পাশ হলে ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অফ স্কুল ও ডিস্ট্রিক্ট এডুকেশন অফিসারের কাউন্টার সাইন করা স্কুল লিভিং বা, 'স্কুল ট্রান্সফার সার্টিফিকেট'।

(৩) গ্রাম সরপঞ্চ, গ্রাম প্রধান বা, চেয়ারম্যানের দেওয়া গোল স্ট্যাম্প (ডেজিগনেশন-সহ) মারা লেটার হেডে ৬ মাসের পুরনো ক্যারেক্টার সার্টিফিকেট (ফটো সাঁটা থাকতে হবে) (২১ বছরের কম বয়স হলে ওই ক্যারেক্টার সার্টিফিকেটে 'He is Unmarried' কথাটি লেখা থাকতে হবে),

(৪) নন-বেঙ্গলী প্রার্থীরা জেলাশাসক, অতিরিক্ত জেলাশাসক বা, এস.ডি.ও.'র দেওয়া বাসিন্দা / নেটিভেটি সার্টিফিকেট,

(৫) জেলাশাসক/ অতিরিক্ত জেলাশাসক; এস.ডি.এম., এস.ডি.ও.'র দেওয়া ১ বছরের পুরনো স্থায়ী বাসিন্দা সার্টিফিকেট ( Permanent Residential Certificate) (নিজের পাশপোর্ট মাপের প্রত্যয়িত করা ফটো সাঁটা থাকতে হবে) (ওই সার্টিফিকেটে সই ও গোল স্ট্যাম্প এমনভাবে মারবেন, যার কিছু অংশ ফটোর ওপর ও কিছু অংশ সার্টিফিকেটের ওপর পরে) (নির্দিষ্ট ফর্ম্যাটে ওই সার্টিফিকেট আর্মি বা, ডিফেন্সের উদ্দেশ্যে ব্যবহৃত হবে ও তার সিরিয়াল নং থাকতে হবে)।

(৬) তপশিলী উপজাতি (আদিবাসী)'রা দেবেন জেলা শাসক/ অতিরিক্ত জেলাশাসক, এস.ডি.এম., এস.ডি.ও.'র দেওয়া কাস্ট সার্টিফিকেট।

(৭) তিন মাসের মধ্যে তোলা ও প্রত্যয়িত ছাড়া ২০ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (ফটোর ব্যাকগ্রাউন্ড সাদা হতে হবে)।

(৮) এন.সি.সি.'র 'এ', 'বি' বা, 'সি' সার্টিফিকেট, (৯) রাজ্য বা, জাতীয় পর্যায়ে খেলাধূলায় প্রথম বা, দ্বিতীয় স্থানাধিকারীর সার্টিফিকেট, (১০) সেনাবাহিনীতে কর্মরত বা, প্রাক্তন সমরকর্মীদের আত্মীয়-স্বজন ইত্যাদির দেওয়া রিলেশন সার্টিফিকেট ও ডিসচার্জ সার্টিফিকেট।

(৯) নন-জুডিশিয়াল ১০ টাকার স্ট্যাম্প পেপারে নোটারিকে দিয়ে অ্যাটেস্টেড করিয়ে নেবেন।

(১০) সিঙ্গল ব্যাঙ্ক অ্যাকাউন্ট, প্যান কার্ড, আধার কার্ড। (১১) ই-অ্যাডমিট কার্ডের প্রিন্ট আউট।

## আই.সি.ডি.এস সুপারভাইজার

৮ পাতার পর

- আপনি শহর বা মফঃস্বলে বড় হয়েছেন, প্রত্যন্ত গ্রাম ও উপজাতি-অধ্যুষিত এলাকায় পোস্টিং হলে কিভাবে কাজ করবেন?
- স্টান্ট শিশু (Stunt Children) বলতে কী বোঝ?
- রেফারেল সার্ভিস বলতে কী বোঝায়?
- সেন্টারে রান্না করা খাবারে আরশোলা/ টিকটিকি পড়ে আছে, তুমি সেই মুহূর্তে কী করবে?
- সেন্টারে কোনো বাচ্চা অসুস্থ হয়ে পড়লে তোমার পদক্ষেপ কী হবে?
- আই.সি.ডি.এস সেন্টারে কি কিচেন গার্ডেন করা উচিত?
- সম্প্রতি পশ্চিমবঙ্গে কোন কোন জেলা ভাগ হচ্ছে?
- জেলা ভাগ হওয়াতে ক্ষতি হল না লাভ হল?
- মহিলাদের সুরক্ষার জন্য কী কী আইন আছে?
- আই.সি.ডি.এস সেন্টারে বাচ্চাদের গ্রোথ ঠিকমতো হচ্ছে, তুমি বুঝবে কী করে?
- জেনারেল সার্ভিস বলতে কী বোঝায়?
- বিগত এক মাসে / সপ্তাহে রাজ্য / জাতীয় / আন্তর্জাতিক স্তরে তিনটি করে উল্লেখযোগ্য ঘটনা বল।
- তোমার জেলার দর্শনীয় স্থান কী কী? আর্ট ও কালচারের বর্ণনা দাও।
- তোমার জেলার শিল্প / সাহিত্য / কৃষি / খনিজ সম্পদ সম্পর্কে জানাও।
- তোমার জেলাকে কেন ভাগ করা হল / হয়েছে? তাতে কী লাভ হবে / হয়েছে?
- তোমার জেলার বিধানসভা ও লোকসভার আসন সংখ্যা কত?
- তুমি কোন খবরের কাগজ পড়? ইংরিজি কোনো পেপার পড় কি? পেপারগুলির সম্পাদক কে?
- ইন্টারভিউয়ের দিন বা এক সপ্তাহের মধ্যে কোনো গুরুত্বপূর্ণ দিন সম্পর্কে মতামত।
- তোমার ব্লক, মহকুমা ও জেলার জনসংখ্যা, শিক্ষার হার, নারী শিক্ষার হার, লিঙ্গানুপাত, শিশুমৃত্যুর হার কত? পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এগুলি কত কত?
- আইসিডিএস কোন দফতরের মধ্যে পড়ে?
- আইসিডিএস-এর পুরো নাম বলো।
- কোনো অঙ্গনওয়াড়ি দেখেছ কি? সেখানে তুমি কী দেখলে?
- আইসিডিএস প্রকল্পের উদ্দেশ্য কী? কী কী পরিষেবা এখানে দেওয়া হয়।
- আইসিডিএস, সিডিপিও, ডব্লুসিডি-কে বাংলায় কী বলে?
- প্রাক প্রাথমিক শিক্ষা কী?
- আইসিডিএস প্রথম কবে চালু হয়? কেন চালু করা হয়? ক'টি প্রজেক্ট ছিল।
- আইসিডিএস পশ্চিমবঙ্গে কোথায় কোথায় চালু হয়েছিল?
- শিশু আলয় কী? কবে শুরু হয়? এর সম্পর্কে বিশদে বলো।

# সাধারণ জ্ঞান

### সাধারণ বিজ্ঞান

১। পিভিসি পলিমারের মনোমার কী — ভিনাইল ক্লোরাইড।

২। বিসিজি টীকা কোন রোগের প্রতিষেধক — যক্ষ্মা।

৩। 'ভিসন ২০২০' কার লেখা — ড. আবুল পাকির জয়নুলাব্দিন আব্দুল কালাম।

৪। ভারতে জীবাশ্মবিদ্যার জনক কাকে বলে — বীরবল সাহনী।

৫। কোনো 'ই-মেইল ঠিকানা' আসলে কী — আলফা নিউমেরিক ডাটা।

৬। বাড়ির বৈদ্যুতিক বর্তনীতে ফিউজ তার কীভাবে সংযোগ থাকে — মেইনলাইনে শ্রেণি সমবায়ে।

৭। জলের ক্লোরিনেশন করা হয় কেন — জলে উপস্থিত সব জীবাণুকে ধ্বংস করার জন্য।

৮। পাতন প্রক্রিয়ার দু'টি ধাপ কী কী — বাষ্পীভবন ও ঘনীভবন।

৯। জল ও বেঞ্জিনের মিশ্রণকে কোন পদ্ধতিতে আলাদা করা যাবে — আংশিক পাতন পদ্ধতির মাধ্যমে।

১০। 'বোসন কণা' কোন বিজ্ঞানীর সঙ্গে



জড়িত — সত্যেন্দ্রনাথ বোস।

### ইতিহাস

১১। বিম্বিসারের পুত্র অজাতশত্রু কাকে বিবাহ করেন — প্রসেনজিতের কন্যা ভজীরা কুমারী।

১২। অশোক 'মানব জাতির প্রথম ধর্মগুরু' - একথা কে বলেন — ভিনসেন্ট স্মিথ।

১৩। প্রাচীন বাংলার সর্বশ্রেষ্ঠ সম্রাট ধর্মপালের প্রধানমন্ত্রী কে ছিলেন — গর্গ নামে এক ব্রাহ্মণ।

১৪। কোন স্তম্ভ লিপি থেকে দেবপালের কৃতিত্ব জানা যায় — বাদাল স্তম্ভ লিপি।

১৫। গৌতমবুদ্ধের জন্মস্থান কোথায় — কপিলা বস্তুর কাছে লুম্বিনী উদ্যান।

১৬। গৌতমবুদ্ধের প্রথম গুরু কে ছিলেন — আলারাকালামা।

১৭। হর্ষবর্ধন কত বছর বয়সে থানেশ্বরের



পুষ্যভূতী বংশের সিংহাসনে বসেন — ১৬ বছর।

১৮। বল্লাল সেনের পুত্র লক্ষ্মণ সেন যখন সিংহাসনে বসেন, তখন বাংলার রাজধানী কোথায় ছিল — নবদ্বীপ।

১৯। কত সালে সেন বংশের অবসান ঘটে — ১২৬০।

২০। কে 'মহামল্ল' নামে পরিচিত ছিলেন — প্রথম নরসিংহ বর্মন।

### ভূগোল

২১। আখ কোন জলবায়ু অঞ্চলের ফসল — ক্রান্তীয় ও উপক্রান্তীয়।

২২। ভারতে ব্যবহৃত দু'টি উচ্চফলনশীল তুলো বীজের নাম লেখ — সুজাতা ও ভারতী।

২৩। কোন তিনটি অপ্রধান দানাশস্যকে একসঙ্গে 'মিলেট' বলে — জোয়ার, বাজরা ও রাগি।

২৪। ভারতে কোন ধরণের গমের চাষ বেশি হয় — শীতকালীন লাল গম।

২৫। মরু উদ্ভিদের একটি বৈশিষ্ট্য কী — কাঁটাযুক্ত হয়।

২৬। যেখানে বছরে ২০০ সেন্টিমিটারের বেশি বৃষ্টিপাত হয়, সেখানে কী ধরণের বনভূমি জন্মায় — চিরহরিৎ।

২৭। কোন ধরণের গাছে ঠেসমূল থাকে — ম্যানগ্রোভ অরণ্যে।

২৮। কৃষির সঙ্গে বনপ্রতিপালনকে কী বলে — কৃষি বনসৃজন।

২৯। উত্তর ভারতের সমভূমি অঞ্চলে নদী উপত্যকার পুরনো পলিমাটিকে কী বলে — ভাঙ্গর।

৩০। 'ভুর মাটি' কোথায় দেখতে পাওয়া যায় — গঙ্গা সমভূমিতে।

### সাম্প্রতিক ঘটনা

৩১। ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন সম্প্রতি কাকে 'উইনস্টন চার্চিল লিডারশিপ পুরস্কার' দিয়েছেন — ইউক্রেনের প্রেসিডেন্ট ভ্লাদিমির জেলেনস্কি।

৩২। ভারতের প্রথম দেশীয় বিমানবাহী যুদ্ধজাহাজটির নাম কী — আইএনএস বিক্রান্ত।

৩৩। কোন মহাসাগরের ওপর সম্প্রতি এক রহস্যময় লাল আভা দেখা গেছে — আতলান্তিক মহাসাগর।

৩৪। ভারতের প্রথম রাজ্য হিসাবে, কারা সম্প্রতি 'সেমিকন্ডাক্টর নীতি ২০২২-'২৭' ঘোষণা করল — গুজরাত।

৩৫। রাজ্যের স্কুল পড়ুয়াদের জন্য, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'মুখ্যমন্ত্রীর ব্রেকফাস্ট প্রকল্প' চালু করার সিদ্ধান্ত নিল — তামিলনাড়ু সরকার।

৩৬। ভারতের কোন রাজ্যের পুলিশ সম্প্রতি মর্যাদাপূর্ণ 'প্রেসিডেন্টস কালার' পেল — তামিলনাড়ু পুলিশ।

৩৭। সম্প্রতি ২৪ ঘন্টারও কম সময়ে ঘূর্ণন সম্পূর্ণ করে নতুন রেকর্ড গড়ল পৃথিবী। কোন দিনটিতে এই রেকর্ড গড়েছে পৃথিবী — ২৯ জুলাই (এদিন ২৪ ঘন্টার থেকে ১.৫৯ মিলিসেকেন্ড কম সময়ে নিজের কক্ষপথ প্রদক্ষিণ করে নিজেরই গড়া সবথেকে ছোট দিনের রেকর্ড ভেঙে ফেলল পৃথিবী)।

৩৮। সম্প্রতি জাপানের কোন আগ্নেয়গিরি থেকে অগ্ন্যুৎপাত হচ্ছে — সাকুরাজিমা আগ্নেয়গিরি।

সঙ্কলক : পলি দেওয়ান

TV9 বাংলা চ্যানেল দ্বারা Academic 2022 Excellence Award 2021-2022 ও Education Conclave Award 2022 'Uttaran' প্রাপ্ত প্রতিষ্ঠান

# বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার

An ISO 9001 : 2015 Certified, Govt.. Regn. No [MAS-1/471, L-76204], Maslandapur, North 24 Parganas



# ANM & GNM

এ ভর্তি চলছে

- ক্লাস শুরু 1st September থেকে, ক্লাস চলবে Exam পর্যন্ত।
- 20টি Mock Test নেওয়া হবে Exam এর আগে।
- বিজ্ঞপ্তি বেরোনোর পর সময় পাবেন না, তাই এখন থেকেই প্রস্তুতি নিন।

6500+ Students
শংকর দার কোচিং
জীবন যুদ্ধে থাকবো পাশে
২৪ বছর

গত বছর 90% এর বেশি Common ছিল

এখানে অভিজ্ঞ শিক্ষক দ্বারা ক্লাস করানো হয়

Cont. 9091003392, 9733894444

TV9 বাংলা চ্যানেল দ্বারা Academic 2022 Excellence Award 2021-2022 ও Education Conclave Award 2022 'Uttaran' প্রাপ্ত প্রতিষ্ঠান

# বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার

An ISO 9001 : 2015 Certified, Govt.. Regn. No [MAS-1/471, L-76204], Maslandapur, North 24 Parganas



# WBCS (Prelims + Main)

## বারাসাত শাখায়

ক্লাস শুরু সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে।
ক্লাস করাবেন WBCS Expert রা।

বিস্তারিত জানতে বা Councelling এর জন্য ফোন করুন এই নম্বরে- 9091003392

TV9 বাংলা চ্যানেল দ্বারা Academic 2022 Excellence Award 2021-2022 ও Education Conclave Award 2022 'Uttaran' প্রাপ্ত প্রতিষ্ঠান

# বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার

An ISO 9001 : 2015 Certified, Govt.. Regn. No [MAS-1/471, L-76204], Maslandapur, North 24 Parganas

জীবন যুদ্ধে থাকবো পাশে শংকর দার কোচিং ২৪ বছর

An Iustitute with 6500+ Students

এক ঝাঁক অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা মণ্ডলীর তত্বাবধানে চলছে আমাদের এই বৃহৎ পরিবার। জীবন যুদ্ধে সফল হতে আপনিও আমাদের পরিবারের সাথে সামিল হন। ভবিষ্যৎ আপনার, তাই সিদ্ধান্ত নেওয়ার দায়িত্বও আপনার। কোথায় ভর্তি হলে সঠিক গাইডেন্স পাবেন, সেটা ভাবুন তারপর ভর্তি হন।

## সেনাবাহিনীর অগ্নিবীর

প্রকল্পে ব্যারাকপুর, বহরমপুর, শিলিগুড়ি, কলকাতা র‍্যালির ভর্তি চলছে। Medical Fit এর পরেও ভর্তি হতে পারেন।

## SSC GD 2023

এর শূন্যপদ 84405, বিজ্ঞপ্তি বেরোনোর পর সময় পাবেন না। ক্লাস শুরু হয়ে গেছে। ইংরেজি, হিন্দি উভয় মাধ্যমে ক্লাস চলছে। আজই ভর্তির জন্য যোগাযোগ করুন।

## BSF Tradesman

হিন্দি ও ইংরাজিতে ক্লাস চলছে।

## Primary TET

ভর্তি চলছে। কোর্স ফি — 6,000/-

## CGL, CHSL

এর ক্লাস শুরু এর ক্লাস শুরু 10ই সেপ্টেম্বর ক্লাস করাবেন বিভিন্ন বিষয়ে অভিজ্ঞ Expert-রা। ক্লাস শুধুমাত্র হেড অফিসে হবে। ভর্তির জন্য ফোন করুন এই নম্বরে – 9091003392

আসন্ন শূন্যপদ

পশ্চিমবঙ্গ পুলিশ কনস্টেবল, WBP SI, আবগারি ASI, আবগারি কন্সটেবল, মহিলা কন্সটেবল, রাজ্য খাদ্যদপ্তর,Railway Protection Force, Primary TET, SLST ইত্যাদি সব বিষয়ে ভর্তি চলছে

বারুইপুর ব্রাঞ্চে ফিজিক্যাল এর ব্যবস্থা আছে

## বারাসাত শাখার স্থান পরিবর্তন

বারাসাত ১২ নং রেলগেট এর পাশে নন্দন প্লাজা এর ৩য় তল (Lords রেস্টুরেন্টের বিপরীতে ডঃ লাল প্যাথ ল্যাব এর উপরে) আগামী 1লা সেপ্টেম্বর 2022 থেকে এই ঠিকানায় ক্লাস হবে।

বর্তমানে সরকারী চাকরী পেতে হলে প্রয়োজন সঠিক প্রস্তুতি, নিয়মিত মক-টেস্ট। তাই দেরী না করে এখনই ভর্তির জন্য যোগাযোগ করুন

প্রতি পরীক্ষার আগে প্রচুর মকটেস্ট নেওয়া হয়।

হেড অফিসে Physical ও ক্যারাটে শিক্ষণের ব্যবস্থা আছে।

দূরাবর্তী ছাত্র ও ছাত্রীদের থাকা ও খাওয়ার জন্য হেড অফিসে রয়েছে নিজস্ব 4টি হোস্টেল।

পুলিশ ও সেনাবাহিনীতে সবচেয়ে বেশি চাকরী পায় এই প্রতিষ্ঠান থেকে

প্রতিটি শাখায় প্রয়োজন হলে আগে Demo Class করুন তারপর ভর্তি হন।

এছাড়া ভর্তি চলছে: স্কুল সার্ভিস SLST | BSF Tradesman | NAVY | SSC MTS | Upcoming WBP | WBP SI | সেনাবাহিনী | SSC আর্টবাহিনী | AIRFORCE X & Y | Railway Gr-D | WBP (MAIN) | Coast Guard | কলকাতা পুলিশ | স্কুল সার্ভিস গ্রুপ C ও D | R.P.F | Primary TET

**হেড অফিস** (সপ্তাহে ৭ দিনই খোলা)
মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা (শিয়ালদহ থেকে বনগাঁ লোকালে মছলন্দপুর স্টেশন সংলগ্ন জাগরণী সংঘের সন্নিকটে)
Admission Helpline 9733894444, 9547004388

**বারাসাত শাখা** (শুক্রবার বন্ধ)
বারাসাত ১২ নং রেলগেট এর পাশে নন্দন প্লাজা এর ৩য় তল (Lords রেস্টুরেন্টের বিপরীতে ডঃ লাল প্যাথ ল্যাব এর উপরে)
Admission Helpline 9635428886

**বাঁকুড়া শাখা**
কাটজুড়িডাঙ্গা, বাঁকুড়া (বাসস্ট্যান্ডের সন্নিকটে স্বপ্নবী ক্লাবের দোতলায়)
Admission Helpline 8001693133

**সিমলাপাল শাখা**
ঠিকানা : সিমলাপাল স্কুল মোড়, MLA অফিসের ৩য় তল।
Admission Helpline 7001867319


**তমলুক শাখা**
ঠিকানা : নিমতৌড়ি তমলুক, পূর্ব মেদিনীপুর নিমতৌড়ি বাসস্ট্যান্ডে নেমে তমলুকের দিকে কুলবেড়িয়া স্টপেজ। অনুরাধ Xerox এর উপরে।
Admission Helpline 8328770363

**বসিরহাট শাখা**
ভ্যাবলা রেলস্টেশন সংলগ্ন পাটকেল বাজার খোলার আগে সামাদ ডাক্তারের বাড়ির দোতলায়
Admission Helpline 9647303005

**বারুইপুর শাখা**
ঠিকানা : বারুইপুর রেল গেট ও কোর্টের মাঝখানে প্রমীলা হাউস, ৩য় তল, মহানাম বস্ত্রালয়ের পাশে
Admission Helpline 7557050701


**খড়গপুর শাখা**
ঠিকানা : মাদপুর বিডিও অফিস থেকে ২ মিনিট হাঁটা পথ এবং মাদপুর রেলস্টেশন থেকে উত্তরে ৫ মিনিট, পশ্চিম মেদিনীপুর
Admission Helpline 8695183411

# রেলের গ্রুপ 'ডি'



রেলের গ্রুপ-ডি পদের প্রথম ফেজ'এর অনলাইন টেস্ট হয়েছে ১৭ আগস্ট থেকে ২৫ আগস্ট পর্যন্ত। দ্বিতীয় ফেজ'এর পরীক্ষা হবে ২৬ আগস্ট থেকে ৮ সেপ্টেম্বর পর্যন্ত। এই পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল সায়েন্স - ২৫ নম্বর, (২) অঙ্ক - ২৫ নম্বর, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩০ নম্বর, (৪) জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স - ২০ নম্বর। সময় থাকবে মোট দেড় ঘণ্টা। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যেমন ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১০০টি প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন রাজ্য সরকারের মূল্যায়ণ পর্বদে কর্মরত **নুরুল ইসলাম।**

1. সমুদ্রে সাদা ধোঁয়া তৈরির জন্য কোন যৌগটি দায়ী?
(a) $H_2S$ (b) $PH_3$ (C) $CO_2$ (D) $NH_3$
2. নিচের কোনটি দিয়ে মনস্থিক বাসনপত্র কাটিং করা হয়?
(a) টেফলন (b) হীরা (c) গ্রাফাইট (d) লোহা
3. রাবার গাছের নরম রাবার নিচের কোন যৌগের সাহায্যে বিক্রিয়া করে শক্ত রাবার তৈরি হয়?
(a) S (b) Mn (c) Hg (d) Mg
4. রাবার লবণ'এর সঙ্কেত কী?
(a) $K_2SO_4Al_2(SO)_4$, $24H_2O$ (b) $MgSO_4$, $7H_2O$ (c) $Na_2SO_4$, $10H_2O$ (d) $Na_2CO_3$, $10H_2O$
5. ত্রিমাত্রিক চলচ্চিত্র দেখার চশমাতে নিচের কোনটি ব্যবহৃত হয়?
(a) স্টেরয়েড (b) অ্যানেরয়েড (c) পোলারয়েড (d) অ্যাসোলেড
6. সেনাবাহিনীকে কখনো সেতুতে মার্চ করতে দেওয়া হয় না। এর কারণ কী?
(a) অনুনাদ (b) পর্যায়বৃত্ত বল (c) তীক্ষ্ণতা (d) কোনোটিই নয়
7. বর্তমানে বাল্বের ফিলামেন্ট টাংস্টেন, আয়রণ ও ম্যাঙ্গানিজের মিশ্র ধাতু দিয়ে তৈরি হয়। এই সঙ্কর ধাতুটির নাম কী?
(a) ক্রোমিয়াম (b) ভ্যানাডিয়াম (c) মলিবডিনাম (d) উলফ্রেমাইট
8. এক ফ্যাদম = কত ফুট?
(a) 5 (b) 6 (c) 10 (d) 12
9. 'শিবসমুদ্রম' জলপ্রপাতটি কোন নদীর ওপর তৈরি হয়েছে?
(a) কৃষ্ণা (b) কাবেরী (c) নর্মদা (d) ব্রহ্মপুত্র
10. 'সংগ্রামই জীবন, সংগ্রামহীনতা মৃত্যু' — একথা কে বলেছেন?
(a) মহাত্মা গান্ধী (b) মাও সে তুং (c) সুভাষচন্দ্র বসু (d) স্বামী বিবেকানন্দ
11. কোন ট্রেনটি 11টি রাজ্যের মধ্যে দিয়ে চলাচল করে?
(a) কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস (b) হিমসাগর এক্সপ্রেস (c) জালিয়ানওয়ালা বাগ এক্সপ্রেস (d) অমরাবতী সুপারফাস্ট এক্সপ্রেস
12. লজ্জাবতী পাতার চলন কী প্রকারের চলন?
(a) নিকটিন্যাস্টি (b) হাইপোন্যাস্টি (c) সিসমোন্যাস্টি (d) কেমোন্যাস্টি
13. কোনটি শৈবাল ও ছত্রাকের সমন্বয়ে গঠিত?
(a) লাইকেন (b) কোরালয়েড মূল (c) VAM (d) মাইকোরাইজা
14. নিচের কোন অস্থিটি মানুষের হাতে পাওয়া যায় না?
(a) রেডিয়াস (b) আলনা (c) হিউমেরাস (d) ফিমার
15. 'মায়োপিয়া' বা, দূরবদ্ধ দৃষ্টি দূর করতে কোন লেন্স ব্যবহার করা হয়?
(a) অবতল (b) সমতল (c) সম অবতল (d) উত্তল
16. ABS বা, অ্যালকালাইন বেঞ্জিন সালফোনেট কোন ব্যবহার্য উপাদানে পাওয়া যায়?
(a) খাবার সোডা (b) ডিটারজেন্ট (c) অজৈব সার (d) কীটনাশক
17. 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র নির্দেশিকা অনুযায়ী, পানীয় জলে আর্সেনিকের নিরাপদ মাত্রা কত?
(a) 0.01 মিলিগ্রাম / লিটার (b) 1 মিলিগ্রাম / লিটার (c) 0.0001 মিলিগ্রাম / লিটার (d) 0.1 মিলিগ্রাম / লিটার
18. বিজয়নগর রাজ্যের ধ্বংসাবশেষ কোন নদীর তীরে দেখতে পাওয়া যায়?
(a) তুঙ্গভদ্রা (b) মিসিসিপি (c) গোদাবরী (d) মহানদী
19. নিচের কোন স্টিল প্ল্যান্ট স্টেনলেস স্টিল উৎপাদনের জন্য বিখ্যাত?
(a) সালেম (b) দুর্গাপুর (c) ভিলাই (d) রৌরকেল্লা
20. ভারতের জাতীয় সড়ক নং 3 (National Highway No. 3) কোন দু'টি শহরকে যুক্ত করেছে?
(a) কলকাতা ও অমৃতসর (b) আগ্রা ও মুম্বই (c) চেন্নাই ও নিউ দিল্লি (d) দিল্লি ও মুম্বই
21. রেলওয়ে প্যাসেঞ্জার কোচ ভারতের কোথায় তৈরি হয়?
(a) চিত্তরঞ্জন (b) জামালপুর (c) পেরাম্বুর (d) বারাণসী
22. মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডার মধ্যে সীমানা রেখা কী নামে পরিচিত?
(a) ডুরান্ড রেখা (b) 38th Parallel (c) ম্যাকমোহন রেখা (d) 49th Parallel
23. ভারতের কোথায় সবথেকে বেশি কাজুবাদাম তৈরি হয়?
(a) কেরালা (b) গুজরাত (c) কর্ণাটক (d) জম্মু ও কাশ্মীর
24. ভারতের প্রথম পর্যটক রেল 'প্যালেস অন হুইলস' কোথা থেকে কোথায় চলেছিল?
(a) হাওড়া থেকে নিউদিল্লি (b) দিল্লি থেকে জয়পুর (c) দিল্লি থেকে হাওড়া (d) শিলিগুড়ি থেকে দার্জিলিং
25. নিচের পর্বতগুলির মধ্যে কোনটি আগ্নেয় পর্বত নয়?
(a) ভিসুভিয়াস (b) সিয়েরা নেভাদা (c) ফুজিয়ামা (d) কাসকেড
26. 'কংগ্রেস সমাজতান্ত্রিক দল' কবে গঠিত হয়েছিল?
(a) 1922 (b) 1936 (c) 1939 (d) 1934
27. সম্রাট হুমায়ুন দিল্লিতে 'দিনপানাহ' নামে এক নতুন শহর প্রতিষ্ঠা করেন। সেই শহরের ধ্বংসাবশেষ বর্তমান দিল্লির কোথায় দেখতে পাওয়া যায়?
(a) শাহীবাবাদ (b) গাজিয়াবাদ (c) লালকেল্লা (d) পুরানা কেল্লা
28. 'Citizen and Society : Selected Writings' – বইটির লেখক কে?
(a) মহম্মদ হামিদ আনসারি (b) ওরহান পামুক (c) নীরদ চন্দ্র চৌধুরী (d) মহম্মদ ইউনুস
29. কে প্রথম ভারতের জাতীয় আয় নির্ধারণ করেছিলেন?
(a) জওহরলাল নেহরু (b) প্রশান্তচন্দ্র মহালনবীশ (c) সর্দার বল্লভভাই প্যাটেল (d) দাদাভাই নৌরজি
30. বেশিরভাগ হিন্দু ধর্মগ্রন্থগুলিকে সংস্কৃত থেকে পারসি ভাষায় অনুবাদ করার জন্য নিচের কোন শাসক আদেশ দিয়েছিলেন?
(a) আলা-উদ-দ্বীন খিলজি (b) গিয়াস-উদ-দ্বীন তুঘলক (c) ফিরোজ শাহ তুঘলক (d) মহম্মদ বিন তুঘলক
31. ওড়িশার বিখ্যাত 'সূর্যমন্দির'কত সালে 'ইউনেস্কো'র মাধ্যমে 'ওয়ার্ল্ড হেরিটেজ সাইট'এর তকমা পেয়েছিল?
(a) 1983 (b) 1984 (c) 1985 (d) 1986
32. ভারতীয় সংবিধানের কততম ধারায় 'কেন্দ্রীয় অর্থবিলের সংজ্ঞা' পাওয়া যায়?
(a) 72তম (b) 108তম (c) 110তম (d) 120তম
33. 'বিশ্ব সংবাদ মাধ্যম স্বতন্ত্রতা দিবস' কবে পালিত হয়?
(a) মে, 3 (b) মে, 17 (c) জুন, 5 (a) জুলাই, 11
34. 'নিবলিক' শব্দটি কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) হকি (b) বক্সিং (c) গল্ফ (d) বেসবল
35. নিচের কোন ব্যক্তির শততম জন্মবার্ষিকী উপলক্ষ্যে 1989 সালে 'শতাব্দী এক্সপ্রেস' ট্রেন চালু হয়েছিল?
(a) স্বামী বিবেকানন্দ (b) মহাত্মা গান্ধী (c) জওহরলাল নেহরু (d) রবীন্দ্রনাথ ঠাকুর
36. 2022 সালে কোন দেশের পুরুষ হকি দল 'Hero FIH Hockey5s Lausanne' জিতল?
(a) নেদারল্যান্ডস (b) পোল্যান্ড (c) আয়ারল্যান্ড (d) ভারত
37. সরকারি বাস ভাড়ায় মহিলাদের 50% ছাড় দিতে ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'নারী কো নমন' প্রকল্প চালু করল?
(a) মধ্য প্রদেশ (b) পঞ্জাব (c) কেরালা (d) হিমাচল প্রদেশ
38. 2023 সালে ভারতের কোন রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল 'জি-20 সম্মেলন' আয়োজন করবে?
(a) কর্ণাটক (b) মহারাষ্ট্র (c) দিল্লি (d) জম্মু-কাশ্মীর
39. 2022 সালে কে 'মিস ইন্ডিয়া ওয়ার্ল্ডওয়াইড'এর শিরোপা পেয়েছেন?
(a) শ্রুতিকা মানে (b) বৈদেহি ডংরে (c) খুশি প্যাটেল (d) সরগম কৌশল
40. কোন দেশ 2024 সালের পর 'আন্তর্জাতিক মহাকাশ স্টেশন' ত্যাগ করবে?
(a) কানাডা (b) রাশিয়া (c) জাপান (d) মার্কিন যুক্তরাষ্ট্র
41. A, B-এর বোন, C, B-এর মা, D, C-এর বাবা, তাহলে A ও D-এর মধ্যে সম্পর্ক কী?
(a) পিতামহ (b) পিতামহী (c) পৌত্র (d) পৌত্রী
42. যদি 'L' মানে '+', 'M' মানে '–', N মানে 'X', P মানে '÷' হয়, তাহলে 14N10L56P2M8 = ?
(a) 160 (b) 216 (c) 248 (d) 251
43. নিচের সিরিজের শেষ সংখ্যাটি কী হবে?
117, 389, 525, 593, 627, ?
(a) 643 (b) 659 (c) 753 (d) 644
44. নিচের ফাঁকা স্থানটি পূরণ করুন।





(a) 678 (b) 769 (c) 824 (d) 937
45. $(Cos\theta + sec\theta) = \frac{5}{2}$ হয়, তাহলে $(Cos^2\theta + sec^2\theta)$ = কত?
(a) $\frac{33}{4}$ (b) $\frac{21}{4}$ (c) $\frac{29}{4}$ (d) $\frac{17}{4}$
46. ফাঁকা স্থানটিতে সঠিক সংখ্যা বসিয়ে পূরণ করুন।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 3 | 8 | 10 | 2 | ? | 1 |
| 6 | 56 | 90 | 2 | 20 | 0 |

(a) 0 (b) 3 (c) 5 (d) 7
47. একজন দোকানদার একজোড়া সানগ্লাস 25% লাভে বিক্রি করে। যদি সে 25% কম দামে কিনতো ও 10 টাকা কমে বিক্রি করত তাহলে সে সানগ্লাস জোড়ার দামের 40% লাভ করত। সানগ্লাস জোড়ার ক্রয়মূল্য কত টাকা?
(a) 25 (b) 50 (c) 60 (d) 75
48. বরফ গলিয়ে জলে পরিণত করলে আয়তন 10% কমে যায়। জল জমিয়ে বরফে পরিণত করলে আয়তন কত বাড়বে?
(a) 10% (b) 11% (c) $11\frac{1}{9}$% (d) 12%
49. নিচের শব্দগুলিকে ইংরিজি অভিধান অনুযায়ী সাজান —
(I) Independent (II) Indefinable (III) Incumbent (IV) Indifference (V) Indispensable
(a) III, II, I, IV, V (b) V, II, III, IV, I (c) II, I, III, IV, V (d) I, II, III, IV, V
50. শান্তনু বাড়ি থেকে মোটর সাইকেলে উত্তর দিকে যাত্রা শুরু করে 12 কিলোমিটার গেল, তারপর সে বাঁদিকে ঘুরে 16 কিলোমিটার গেল। আবার বাঁদিকে ঘুরে 24 কিলোমিটার পথ গিয়ে রেল স্টেশন পৌছল। শান্তনুর বাড়ির ঠিক কোনদিকে রেল স্টেশন অবস্থিত?
(a) দক্ষিণ-পূর্ব দিকে (b) দক্ষিণ-পশ্চিম দিকে (c) উত্তর-পূর্ব দিকে (d) উত্তর-পশ্চিম দিকে
51. 30 দিনের কোনো একটি মাসের প্রথম দিন মঙ্গলবার। ওই মাসের শেষদিন কী বার হবে?
(a) সোমবার (b) মঙ্গলবার (c) বুধবার (d) বৃহস্পতিবার
52. $\frac{1}{5}((3.65 \times 3.65) - (1.35 \times 1.35))$-এর সরলতম মান কত?
(a) 2.3 (b) 2.5 (c) 4 (d) 4.5
53. একটি লোক টাকায় 20টি ও টাকায় 30টি দামে সমানসংখ্যক কমলালেবু কিনে সেগুলিকে একসঙ্গে টাকায় 25টি দামে বিক্রি করলে তার শতকরা কত লাভ বা, ক্ষতি হবে?
(a) 3% ক্ষতি (b) 4% লাভ (c) 4% ক্ষতি (d) 2% লাভ
54. একটি বৃত্তের পরিধি ও ব্যাসার্ধের পার্থক্য 74 সেন্টিমিটার হলে, ক্ষেত্রফল কত?
(a) 154 বর্গসেন্টিমিটার (b) 308 বর্গসেন্টিমিটার (c) 462 বর্গসেন্টিমিটার (d) 616 বর্গসেন্টিমিটার
55. একজন লোক ঘন্টায় 3 কিলোমিটার বেগে 18 কিলোমিটার, ঘন্টায় 4 কিলোমিটার বেগে 12 কিলোমিটার ও ঘন্টায় 2 কিলোমিটার বেগে 6 কিলোমিটার অতিক্রম করে। তার গড় বেগ (কিলোমিটার/ঘন্টা) কত?
(a) 3 (b) 4 (c) 5 (d) 6
56. 2টি কলম ও 3টি পেন্সিলের দাম 64 টাকা 50 পয়সা, এ'রকম 3টি কলম ও 2টি পেন্সিলের দাম 93 টাকা। 1টি কলম ও 4টি পেন্সিলের মোট দাম কত টাকা হবে?
(a) 32 (b) 34 (c) 36 (d) 38
57. কিছু টাকা সরল সুদে বিনিয়োগ করলে 2 বছরে সুদে-আসলে 825 টাকা হয়, ও একই হারে বিনিয়োগ করলে 4 বছরে সুদে-আসলে 900 টাকা হয়। সুদের বাৎসরিক হার কত?
(a) 5% (b) 6% (c) 4% (d) 8%
58. একটি ঘড়িতে যখন 10.30 মিনিট, তখন মিনিটের কাঁটা দক্ষিণদিকে ও ঘন্টার কাঁটা ঠিক উত্তর-পশ্চিম দিকে অবস্থান করে। তাহলে ঘড়িতে ঠিক ক'টা বাজলে মিনিটের কাঁটা দক্ষিণ দিকে ও ঘন্টার কাঁটা ঠিক দক্ষিণ-পূর্ব দিকে অবস্থান করবে?
(a) 12.30 (b) 3.30 (c) 5.30 (d) 4.30
59. নিচের কোন জোড়াটি ভুল।
(a) অরনিথোলজিস্ট-পাখি (b) ওশানোলজিস্ট-সমুদ্র (c) পেডোলজিস্ট-মাটি (d) সারপেন্টোলজিস্ট-মাছ
60. জয়ন্তর বয়স সুমন্তর অর্ধেক। সুমন্ত আর সুমন সমবয়সী। সুজনের বয়স এখন 32 বছর ও জয়ন্তর থেকে 4 বছর বেশি। তাহলে সুমন্তর ও সুমনের বয়স কত বছর?
(a) 18 (b) 16 (c) 15 (d) 14
61. নিচের ছবিটিতে কতগুলি ত্রিভুজ আছে?



(a) 28 (b) 30 (c) 24 (d) 18
62. নিচের কোনটি আলাদা?
(a) ইন্দ্রধনুষ (b) উজ্জ্বলা (c) প্রসাদ (d) আনন্দধারা
63. ভুল বা, বেমানান শব্দটি নির্বাচন করুন —
36, 54, 18, 27, 9, 18.5, 4.5
(a) 54 (b) 18.5 (c) 27 (d) 9
64. 'BRAKE' শব্দটির অক্ষরগুলি বর্ণানুক্রমে সাজালে কতগুলি অক্ষরের স্থান অপরিবর্তিত থাকবে?
(a) একটি (b) তিনটি (c) দু'টি (d) কোনোটিই নয়
65. ক্লাব সদস্যদের মধ্যে কিছু মহিলা ডাক্তার আছেন। নিচের কোন চিত্রটি সেটি নির্দেশ করছে?
M = সদস্য, F = মহিলা, D = ডাক্তার




66. (P+Q)-এর অর্থ P হয় Q-এর ভাই। (P×Q)-এর অর্থ

# রেলের গ্রুপ ‘ডি’

P হয় Q-এর পিতা, (P–Q)-এর অর্থ P হয় Q-এর বোন। তবে নিচের কোনটির অর্থ S হল T-এর ভাইঝি?

(a) T × M + S – K (b) K – S × M + T (c) T + M × S – K (d) T × S + M – K

67. যদি 123 = 14 ও 323 = 22 হয়, তবে 624 = ?

(a) 60 (b) 72 (c) 56 (d) 55

68. 'LSRHAMA' শব্দটির অক্ষরগুলি উল্টোপাল্টে সাজানো আছে। অক্ষরগুলি ঠিকভাবে সাজালে একটি ডিফেন্সের পদের নাম হয়। শব্দটির শেষ অক্ষর কোনটি?

(a) L (b) H (c) R (d) S

69. 'ANTHROPOMORPHISM' শব্দটির প্রথম চারটি বর্ণকে বিপরীতক্রমে দূরবর্তী চারটি বর্ণকে বিপরীতক্রমে সাজালে বাঁদিক থেকে দ্বাদশ বর্ণ কোনটি হবে?

(a) R (b) P (c) H (d) M

70. Statements : সব মানুষ হয় মেরুদণ্ডী জীব।
কিছু স্তন্যপায়ী মেরুদণ্ডী জীব।

Conclusions : I. সব মানুষ হয় স্তন্যপায়ী
II. সব স্তন্যপায়ী হয় মানুষ
III. কিছু মেরুদণ্ডী হয় স্তন্যপায়ী
IV. সব মেরুদণ্ডী হয় মানুষ।

(a) কোনোটিই সঠিক নয় (b) I ও II সঠিক (c) III সঠিক (d) সবক'টি সঠিক

71. একটি অর্থপূর্ণ যৌক্তিক ক্রমানুসারে নিচের শব্দগুলি সাজান ও বিকল্পগুলি থেকে উপযুক্ত সংখ্যা ক্রম নির্বাচন করুন।


I. ডাক্তার II. ঔষধ III. হসপিটাল IV. রোগ নির্ণয় V. আরোগ্য লাভ VI. জ্বর

(a) VI, I, III, II, IV, V (b) VI, III, I, IV, II, V (c) V, II, IV, III, I VI (d) VI, III, IV, I, II, V

72. কোনো একটি নির্দিষ্ট যুক্তি অনুযায়ী Mr. Ted Tins একজন Dentist, Mr. Terry Case একজন Secretary, Mr. Peter Cran একজন Carpenter তাহলে ওই যুক্তি অনুযায়ী Mr. Sam Neals কী করেন?

(a) Watchman (b) Engineer (c) Social Worker (d) Salesman

73. একটি পাশার চারটি আলাদা অবস্থান নিচে দেখানো হল। পাশাটির 3-এর বিপরীতে কোন সংখ্যাটি আছে?




(a) 2 (b) 4 (c) 1 (d) 5

74. ভুল সংখ্যাটি নির্বাচন করুন।

46080, 3840, 384, 48, 24, 2, 1

(a) 384 (b) 48 (c) 24 (d) 2

75. একটি ট্যাঙ্কে 200 লিটার জল ধরে, বর্তমানে ট্যাঙ্কটি 60% ভরতি আছে। কিছু পরিমাণ জল ট্যাঙ্ক থেকে বের করার ফলে ট্যাঙ্কটি 35% ভরতি থাকল। কত লিটার জল বের করা হল?

(a) 30 (b) 40 (c) 45 (d) 50

76. একটি ট্রেন বৈদ্যুতিক খুঁটিকে অতিক্রম করে 8 সেকেন্ডে ও 264 মিটার লম্বা একটি সেতুকে অতিক্রম করে 20 সেকেন্ডে। তাহলে ট্রেনের দৈর্ঘ্য কত মিটার?

(a) 180 (b) 176 (c) 164 (d)158

77. দু'টি মিশ্রণে দার্জিলিং চা ও অসম চা-এর অনুপাত যথাক্রমে 4 : 7 ও 2 : 5. এই দু'প্রকার মিশ্রণ কী অনুপাতে মেশালে নতুন মিশ্রণে দার্জিলিং চা ও অসম চা-এর অনুপাত হবে 6 : 13?

(a) 22 : 35 (b) 26 : 35 (c) 35 : 78 (d) 13 : 22

78. A 45,000 টাকা বিনিয়োগ করে একটি ব্যবসা শুরু করল ও B পরে 54,000 টাকা বিনিয়োগ করে ব্যবসায় যোগ দিল। এক বছর পরে তাদের লভ্যাংশের অনুপাত 2:1 হলে, B কত মাস পরে ব্যবসায় যোগ দিয়েছিল?

(a) 1 (b) 5 (c) 6 (d) 7

79. একটি লম্ব প্রিজমের পার্শ্বতলগুলির ক্ষেত্রফল 80 বর্গসেন্টিমিটার। যদি প্রিজমটির ভূমি 4 সেন্টিমিটার বাহুবিশিষ্ট একটি বর্গক্ষেত্র হয়, তবে প্রিজমটির উচ্চতা কত সেন্টিমিটার?

(a) 4 (b) 5 (c) 6 (d) 7

80. একটি পাত্রে $3\frac{1}{3}$ % দুধ আছে ও অন্য পাত্রে $5\frac{1}{5}$ % দুধ আছে। ওই দু'টি পাত্র থেকে যথাক্রমে 3 ও 5 অংশে দুধ তৃতীয় পাত্রে ঢাললে, তৃতীয় পাত্রে দুধের পরিমাণ কত হবে?

(a) $4\frac{1}{2}$% (b) $7\frac{1}{2}$% (c) $4\frac{1}{3}$% (d) $7\frac{1}{3}$%

81. একটি চোর দুপুর 1টার সময় একটি গাড়ি চুরি করে ঘণ্টায় 45 কিলোমিটার গতিবেগে পালাতে শুরু করে। দুপুর 2টার সময় চুরির ব্যাপার প্রকাশ পেলে পুলিশ তৎক্ষণাৎ ঘণ্টায় 54 কিলোমিটার গতিবেগে তার পিছনে ধাওয়া করলে তবে পুলিশ চোরটিকে ক'টার সময় ধরতে পারবে?

(a) বিকাল 5টা (b) বিকাল 3টা (c) সন্ধ্যা 7টা (d) কোনোটিই নয়

82. পরপর দু'টি ধনাত্মক পূর্ণসংখ্যার বর্গের সমষ্টি হল 1060. সংখ্যাদু'টি নির্ণয় করুন।

(a) 12 ও 14 (b) 20 ও 22 (c) 22 ও 24 (d) 15 ও 18

83. সবথেকে বড় কোন সংখ্যা দিয়ে 964, 1238 ও 1400 কে ভাগ করলে যথাক্রমে 41, 31 ও 51 ভাগশেষ থাকবে?

(a) 61 (b) 71 (c) 73 (d) 81

84. $\frac{3}{4}+\frac{5}{36}+\frac{7}{144}+......+\frac{17}{5184}+\frac{19}{8100}$ = কত?

(a) 0.9 (b) 0.95 (c) 0.99 (d) 1.91

85. যদি P ও Q-এর মাসিক গড় আয় 6,000 টাকা হয়, Q ও R -এর মাসিক গড় আয় হয় 5,250 টাকা ও P আর R-এর মাসিক গড় আয় হয় 5,500 টাকা, তাহলে P-এর মাসিক আয় কত টাকা?

(a) 3,500 (b) 4,500 (c) 6,250 (d) 4,800

86. দু'টি সংখ্যার যোগফল 75, সংখ্যা দু'টির অন্তর 25, তাহলে সংখ্যা দু'টির গুণফল কত?

(a) 1350 (b) 1250 (c) 125 (d) 1000

87. যদি $4^a = 5, 5^b = 6, 6^c = 7, 7^d = 8$ হয়, তাহলে abcd-এর মান নির্ণয় করুন।

(a) 1 (b) $\frac{3}{2}$ (c) 2 (d) $\frac{5}{2}$

88. বিজয় ও সুশীল একটি কাজ করতে পারে যথাক্রমে 15 ও 10 দিনে। তারা একসঙ্গে একটি কাজ করতে শুরু করে। কিন্তু বিজয় কয়েকদিন পর কাজটি ছেড়ে চলে যায়। তখন সুশীল বাকি কাজটি শেষ করে 5 দিনে। তাহলে কতদিন পর বিজয় কাজ ছেড়ে চলে গিয়েছিল?

(a) 5 (b) 3 (c) 4 (d) 6

89. A ও B দু'টি নল দিয়ে একটি ট্যাঙ্ক যথাক্রমে 15 ঘণ্টা ও 20 ঘণ্টায় ভরতি হয়। তৃতীয় একটি নল C দিয়ে 25 ঘণ্টায় ট্যাঙ্কটি খালি হয়। তিনটি নল একসঙ্গে খুলে দেওয়ার 10 ঘণ্টা পর C নলটি বন্ধ করে দেওয়া হল। তাহলে এখন ট্যাঙ্কটি সম্পূর্ণ ভরতি হতে কত ঘণ্টা সময় লাগবে?

(a) 12 (b) 13 (c) 16 (d) 18

90. একজন মানুষ স্রোতের অভিমুখে নৌচালনা করে একটি নির্দিষ্ট দূরত্ব অতিক্রম করতে যে সময় নেয়, সেই একই দূরত্ব স্রোতের বিপরীতে অতিক্রম করতে তার 2.2 গুণ বেশি সময় লাগে। যদি সে স্রোতের অভিমুখে 55 কিলোমিটার যায় 2 ঘণ্টা 30 মিনিটে, তবে স্থির জলে নৌকার বেগ কত?

(a) 40 কিলোমিটার/ঘণ্টা (b) 8 কিলোমিটার/ঘণ্টা (c) 16 কিলোমিটার/ঘণ্টা (d) 24 কিলোমিটার/ঘণ্টা

91. একটি ঘড়ি 3,500 টাকা নগদ বা, 1,000 টাকা ক্যাশ ডাউন পেমেন্ট ও বাকি তিনটি সমান সহজ কিস্তিতে বিক্রি করা হয়। যদি $12\frac{1}{2}$ % বার্ষিক চক্রবৃদ্ধি সুদের হার হয়, তাহলে কিস্তির পরিমাণ কত টাকা?

(a) 1000.35 (b) 1049.85 (c) 1050.65 (d) 1100.45

92. একটি 15 মিটার উঁচু টাওয়ারের শীর্ষটি একটি বৈদ্যুতিক খুঁটির নিচের সঙ্গে 60 ডিগ্রি উন্নতি কোণ ও খুঁটিটির শীর্ষের সঙ্গে 30 ডিগ্রি উন্নতি কোণ তৈরি করে। বৈদ্যুতিক খুঁটিটির উচ্চতা কত মিটার?

(a) 5 (b) 8 (c) 10 (d) 12

93. কলকাতা থেকে প্রতি 30 মিনিট অন্তর দীঘাগামী বাস ছাড়ে। এক বাস কর্মচারী এক যাত্রীকে বললেন 10 মিনিট আগে একটি বাস ছেড়ে গেছে ও পরবর্তী বাস সকাল 9.35 মিনিটে ছাড়বে। তবে কখন ওই বাস কর্মচারী যাত্রীকে এই খবর দিয়েছিল?

(a) সকাল 9.10 (b) সকাল 8.55 (c) সকাল 9.06 (d) সকাল 9.15

94. একটি শ্রেণিতে 'A' বামদিক থেকে 11তম অবস্থানে ও 'B' ডানদিকে থেকে 10তম অবস্থানে আছে। যদি 'A' ও 'B' নিজেদের মধ্যে স্থান পরিবর্তন করে তবে 'A' বামদিক থেকে 18তম অবস্থানে চলে আসে। 'A' ও 'B' ছাড়া ওই শ্রেণিতে ক'জন ব্যক্তি আছে?

(a) 27 (b) 26 (c) 25 (d) 24

95. ঘড়িতে 9.30 সময় হলে ঘড়ির কাঁটা দু'টির মধ্যে কোণ কত ডিগ্রি হবে?

(a) 75 (b) 80 (c) 90 (d) 105

96. মান নির্ণয় করুন —

$\left(64x^3 + 27a^{-3}\right)^{-\frac{2}{3}}$ = কত?

(a) $\frac{9ax}{16}$ (b) $\frac{9}{16ax}$ (c) $\frac{9}{16a^2x^2}$ (d) $\frac{3}{4}x^{-2}a^{-2}$

97. বিকল্পের যে কোনো একটিতে দেওয়া শব্দের সংখ্যা মাত্র একটি সেট দিয়ে প্রতিনিধিত্ব করা হয়। বিকল্পগুলিতে প্রদত্ত সংখ্যার সেটগুলি নিচে বর্ণিত দু'টি ম্যাট্রিক্স হিসাবে দু'টি বর্ণমালা দিয়ে উপস্থাপিত হয়। ম্যাট্রিক্স-I'এ কলাম ও সারিগুলির সংখ্যা 0 থেকে 4 ও ম্যাট্রিক্স-IIতে 5 থেকে 9 পর্যন্ত গণনা করা হয়েছে, এই ম্যাট্রিক্সগুলির একটি অক্ষর তার সারিতে প্রথম ও তার কলামের পরে উপস্থাপন করা যেতে পারে, যেমন 'A' হতে পারে 00, 33 ইত্যাদি দিয়ে প্রতিনিধিত্ব করা হয় ও 'B' 59, 65 ইত্যাদি দিয়ে প্রতিনিধিত্ব করা যেতে পারে। 'SKILLED' শব্দটির জন্য সেটটি চিহ্নিত করুন।

ম্যাট্রিক্স-I

| | 0 | 1 | 2 | 3 | 4 |
|---|---|---|---|---|---|
| 0 | A | E | S | N | A |
| 1 | T | A | D | S | M |
| 2 | N | S | A | D | M |
| 3 | S | E | N | A | T |
| 4 | T | S | M | N | N |

ম্যাট্রিক্স-II

| | 5 | 6 | 7 | 8 | 9 |
|---|---|---|---|---|---|
| 5 | R | E | K | O | B |
| 6 | B | F | G | L | 0 |
| 7 | A | H | H | V | L |
| 8 | I | O | B | N | G |
| 9 | G | X | O | Q | J |

(a) 41, 57, 85, 68, 79, 56, 23 (b) 41, 67, 85, 68, 79, 56, 23 (c) 41, 47, 85, 69, 69, 56, 23 (d) 41, 57, 68, 88, 79, 56, 23

98. BOY-কে সাঙ্কেতিকভাবে ZPC লেখা হলে, GIRL-কে লেখা হবে কোনটি?

(a) HMSJ (b) PSMEX (c) SJHM (d) MSJH

99. 3, 4 ও 5 সেন্টিমিটার আকারের তিনটি ছোট ঘনককে গলিয়ে প্রাপ্ত উপাদান থেকে একটি বড় ঘনক তৈরি করা হল। ছোট ঘনকগুলির মোট পৃষ্ঠতলের ক্ষেত্রফলের সঙ্গে বড় ঘনকটির পৃষ্ঠতলের ক্ষেত্রফলের অনুপাত কত?

(a) 2 :1 (b) 3 : 2 (c) 25 : 18 (d) 27 : 20

100. 24 জন পুরুষ একটি নির্দিষ্ট কাজ 18 দিনে শেষ করতে পারে। 30 জন মহিলা ওই একই কাজ শেষ করতে সময় নেয় 12 দিন। 16 জন পুরুষ ও 24 জন মহিলা একসঙ্গে ওই কাজটি শেষ করতে কত দিন সময় নেবে?

(a) $5\frac{1}{4}$ (b) $9\frac{1}{7}$ (c) $9\frac{9}{14}$ (d) $8\frac{8}{7}$

## উত্তর

1(b). 2(a). 3(a). 4(c). 5(c). 6(a). 7(d). 8(b). 9(b). 10(d). 11(b). 12(c). 13(a). 14(d). 15(d). 16(b). 17(c). 18(a). 19(a). 20(b). 21(c). 22(d). 23(c). 24(b). 25(b). 26(d). 27(d). 28(a). 29(d). 30(b). 31(b). 32(c). 33(a). 34(c). 35(c). 36(d). 37(d). 38(d). 39(c). 40(b). 41(d). 42(a). 43(d). 44(a). 45(d). 46(c). 47(b). 48(c). 49(a). 50(b). 51(c). 52(a). 53(b). 54(d). 55(a). 56(c). 57(a). 58(d). 59(d). 60(d). 61(c). 62(d). 63(b). 64(a). 65(c). 66(c). 67(c). 68(a). 69(b). 70(c). 71(b). 72(d). 73(b). 74(c). 75(d). 76(b). 77(a). 78(d). 79(b). 80(a). 81(c). 82(c). 83(b). 84(c). 85(c). 86(b). 87(b). 88(b). 89(a). 90(c). 91(b). 92(c). 93(d). 94(c). 95(d). 96(c). 97(a). 98(d). 99(c). 100(c).

## ৩৬ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য : মাধ্যমিক পাশরা এ.আই.সি.টি.ই.'র অনুমোদিত আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স, কার্পেন্টার, ওয়েল্ডার, ফিটার, টার্নার, মেশিনিস্ট, ইলেক্ট্রিশিয়ান, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার অ্যান্ড সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট, কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্ক মেন্টেন্যান্স ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৩৬টি। ইলেক্ট্রনিক্স-৭টি, কার্পেন্টার-১, ওয়েল্ডার-১, ফিটার-১, টার্নার-১, মেশিনিস্ট-১, ইলেক্ট্রিশিয়ান-১, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট-১৫, স্টেনোগ্রাফার অ্যান্ড সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট-৪, কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্ক মেন্টেন্যান্স-২। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৭,০০০ টাকা। ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের পাশ প্রার্থীরা আবেদনের যোগ্য।

প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে। সার্টিফিকেট ভেরিফিকেশনের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল ও ফর্মের কপি নিয়ে যাবেন। আগ্রহী প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে, ৩ সেপ্টেম্বরের মধ্যে। নাম নথিভুক্ত করবেন এই ওয়েবসাইটে : http://apprenticeshipindia.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। এবার ডি.আর.ডি.ও.-তে দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.drdo.gov.in আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটেই পাবেন।

## পুলিশে চাকরির

■ পশ্চিমবঙ্গ পুলিশের ওয়্যারলেস অপারেটর পদের মেন পরীক্ষা দিয়েছি ১৫ জুন। ফল কবে বেরোবে? ইন্টারভিউ কবে থেকে শুরু হবে? — অভিক কুন্ডু, নৈহাটী, উত্তর ২৪ পরগনা।

■■ মেন পরীক্ষার উত্তরপত্র আপলোড করা হয়েছে। ফল পুজোর আগেই বেরোবে। ইন্টারভিউ হবে পুজোর পর।

■ কলকাতা পুলিশের কনস্টেবল পদের যে বিজ্ঞপ্তি বেরিয়েছে, তাতে আগে লিখিত পরীক্ষা হবে না, আগে মাঠ পরীক্ষা হবে? কবে পরীক্ষা হবে? — তিতিক্ষা পাড়িয়া।

■■ আগে লিখিত পরীক্ষা হবে। এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

■ পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর পদের মেন পরীক্ষার ফল কবে বেরোবে? — বিক্রম দাস, নৈহাটী, উত্তর ২৪ পরগনা।

■■ পুজোর আগেই ফল বেরোনোর সম্ভাবনা আছে।

## স্কুল সার্ভিসের

■ বাংলা বিষয়ে মাস্টার ডিগ্রি করছি। নবম থেকে দ্বাদশ শ্রেণির যে বিজ্ঞপ্তি বেরোবে তাতে দরখাস্ত করতে পারব কি? — সুপ্রিয় ঘোষ, রাজামাটি, সোনামুখী, বাঁকুড়া।

■■ যে কোনো শাখার গ্র্যাজুয়েট /অনার্স গ্র্যাজুয়েট / পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% (তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি. সম্প্রদায় আর প্রতিবন্ধী প্রার্থী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে সংশ্লিষ্ট বিষয়ের জন্য নবম ও দশম শ্রেণিতে আবেদন করতে পারেন।

■ ডি.এল.এড. কোর্স পাশরা আপার প্রাইমারির জন্য দরখাস্ত করতে পারবে কি? — রেশমি মন্ডল, ভাবনীপুর, পুরাতন বনগাঁও, উত্তর ২৪ পরগনা।

■■ হ্যাঁ, পারবেন।

■ উচ্চ মাধ্যমিক স্কুলে লাইব্রেরিয়ান পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? — সৌরভ দাস, বাবুরহাট, কোচবিহার।

■■ যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। ডিগ্রি কোর্স ও লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশ হতে হবে স্বীকৃত কোনো প্রতিষ্ঠানের রেগুলার / এক্সটার্নাল / প্রাইভেট /ডাকযোগে /করেসপন্ডেন্স কোর্সের মাধ্যমে। বয়স হতে হবে ২০ থেকে ৪০ বছরের মধ্যে।

■ স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে ক্লার্ক ও গ্রুপ-ডি পদের জন্য যে লোক নেওয়া হয়, তাতে কেমন শিক্ষাগত যোগ্যতা ও বয়স থাকা দরকার? — অর্পিতা দাস, বসিরহাট, উত্তর ২৪ পরগনা। তপন দাস, হুগলি। প্রীতম বস্তি, জাগুলিয়া, নদিয়া।

■■ ক্লাস এইট পাশ ছেলেমেয়েরা 'গ্রুপ-ডি' পদের জন্য আবেদন করতে পারেন। মাধ্যমিক বা, স্কুল ফাইনাল কিংবা সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা ক্লার্ক পদের জন্য আবেদন করতে পারেন। ক্লার্ক পদের বেলায় কম্পিউটারে মিনিটে অন্তত ২০টি ইংরিজি শব্দ তোলার গতিতে টাইপিং দক্ষতা দেখা হবে। যাঁরা কম্পিউটার টাইপিং জানেন না, তাঁরাও দরখাস্ত করে ওই টাইপিং যোগ্যতা অর্জন করতে পারেন। সব ক্ষেত্রেই বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। ওপরের ২ পদের বেলায়ই তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, প্রতিবন্ধীরা ৮ বছর আর প্রাক্তন সমরকর্মীরা ৫ বছর আর সরকার পোষিত জুনিয়র হাই /হাই /হায়ার সেকেন্ডারি স্কুলের নন-টিচিং কর্মীরা ৫৫ বছর বয়স পর্যন্ত বয়সে ছাড় পাবেন।

## অন্যান্য চাকরির

■ পশ্চিমবঙ্গে খাদ্য দফতরে নতুন শূন্যপদের বিজ্ঞপ্তি বেরিয়েছে কি? — মিনহাজুল আরেফিন।

■■ না, বেরোয়নি।

■ নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েট ও পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সের সার্টিফিকেট পি.এস.সি.-সহ সব সরকারি সংস্থায় চাকরির জন্য যোগ্য কি? — কৃষ্ণ দণ্ডপাঠ, বাগনান, হাওড়া। প্রদীপ নারায়ণ গায়েন, দাসপুর, পশ্চিম মেদিনীপুর।

■■ হ্যাঁ, নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের সব সার্টিফিকেটই সরকারি সংস্থায় চাকরির জন্য যোগ্য।

## কলেজ সার্ভিসের

■ কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে কলেজে ক্লার্ক পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে — অয়ন মুখার্জী, পাঁচফুবী, মুর্শিদাবাদ।

■■ বিজ্ঞপ্তি খুব তাড়াতাড়ি বেরোনোর সম্ভাবনা আছে।

■ কলেজ সার্ভিস কমিশনের 'সেট' পরীক্ষার দরখাস্ত নেওয়া কবে থেকে শুরু হবে? — মনিকা তরফদার, হাবড়া, উত্তর ২৪ পরগনা।

■■ কলেজ সার্ভিস কমিশনের ২৪তম 'সেট' পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। বিস্তারিত তথ্য এই সংখ্যার প্রথম পৃষ্ঠায় দেওয়া হয়েছে।

## রেলে চাকরির

■ রেল পুলিশের কনস্টেবল পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? বয়স, শিক্ষাগত যোগ্যতা কি থাকা দরকার? প্রার্থী বাছাই পদ্ধতি জানাবেন। —রাজিবুল মোল্লা, রামপুর, সন্দেশখালি, উত্তর ২৪ পরগনা। বিধান মাহাতো, বেলপাহাড়ী, ঝাড়গ্রাম।

■■ মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ১৮ থেকে ২৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৫ সেমি., বুকের ছাতি না-ফুলিয়ে অন্তত ৮০ সেমি. আর ফুলিয়ে ৮৫ সেমি। তপশিলীরা লম্বায় ৫ সেমি., বুকের ছাতিতে ৩.৮ সেমি ছাড় পাবেন। মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ (তঃ জাঃ ও তঃউঃজাঃ হলে ১৫২, গোর্খা হলে ১৫৫) সেমি। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন কম্পিউটার বেসড টেস্ট (CBT), শারীরিক সক্ষমতার পরীক্ষা, শারীরিক মাপজোখের পরীক্ষা ও সার্টিফিকেট ভেরিফিকেশন হবে। অনলাইন পরীক্ষায় ৯০ মিনিটের ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস -৫০টি প্রশ্ন, (২) অ্যারিথমেটিক -৩৫টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩৫টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় ছেলেদের বেলায় থাকবে এইসব বিষয় : (১) ৫ মিনিট ৪৫ সেকেন্ডে ১,৬০০ মিটার দৌড়, (২) ৪ ফুট হাই-জাম্প, (৩) ১৪ ফুট লং জাম্প। মেয়েদের বেলায় থাকবে (১) ৩ মিনিট ৪০ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়, (২) ৩ ফুট হাই-জাম্প, (৩) ৯ ফুট লং জাম্প। বিজ্ঞপ্তি বেরোনোর কোনো খবর নেই।

■ রেলে টিকিট কালেক্টর পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা ও বয়স থাকা দরকার? প্রার্থী বাছাই পরীক্ষায় কী কী বিষয় থাকবে? কত নম্বরের পরীক্ষা হয়? ইন্টারভিউ হয় কি? — তপন পাইন, বারাসাত, উত্তর ২৪ পরগনা।

■■ মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা টিকিট ক্লার্ক পদের জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার B-2. বেসিক পে ২১,৭০০ টাকা। প্রথম পর্যায়ের জন্য দু'টি পর্যায়ের অনলাইন সি.বি.টি. টেস্ট হয়। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (২) অঙ্ক- ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং -৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে। দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টে ১২০ নম্বরের ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (২) অঙ্ক - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা হবে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের স্থানীয় ভাষায়, ইংরিজি, হিন্দি ও উর্দুতে। কলকাতা, শিলিগুড়ি, মালদহ, রাঁচি ও গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডের পরীক্ষায় প্রশ্ন হবে বাংলায়। সফল হলে সার্টিফিকেট ভেরিফিকেশন আর ডাক্তারি পরীক্ষা হবে।

## পি.এস.সি.'র

■ ২০২৩ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলি. পরীক্ষা কবে হতে পারে? — সায়ন্তন ভট্টাচার্য্য, আলিপুরদুয়ার।

■■ পরীক্ষা হবে সম্ভবত মে মাস নাগাদ।

■ আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের দ্বিতীয় পর্যায়ের ইন্টারভিউয়ের তালিকা বেরিয়েছে কি? — পল্লবী দাস, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।

■■ আই.সি.ডি.এস.-এর দ্বিতীয় পর্যায়ে ও.বি.সি. -এ আর ও.বি.সি.-বি ক্যাটেগরির ইন্টারভিউয়ের তালিকা বেরিয়েছে। ইন্টারভিউ চলবে ২১ সেপ্টেম্বর পর্যন্ত।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| দিল্লির সাব-অর্ডিনেটে শিক্ষক, ম্যানেজার, অ্যাটেন্ড্যান্ট | গ্র্যাজুয়েট মাস্টার ডিগ্রি | ৫০২ | ২৭-৮-২২ | http://dsssbonline.nic.in |
| জিওলজিক্যাল সার্ভেতে ড্রাইভার | মাধ্যমিক ও ড্রাইভিং | ৬৪ | ১২-৯-২২ | www.gsi.gov.in |
| ইন্দো তিব্বত সীমান্ত পুলিশে অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট | গ্র্যাজুয়েট | ১১ | ৯-৯-২২ | www.recruitment.itbpolice.nic.in |
| বহরমপুরে আর্মির র‍্যালি ১৬-২৪ নভেম্বর | এইট পাশ মাধ্যমিক, HS | - | ৩-৯-২২ | joinindianarmy.nic.in |
| হেডকোয়ার্টার্স আন্দামান-নিকোবর কম্যান্ডে ট্রেডসম্যান | আই.টি.আই. | ১১২ | ৬-৯-২২ | http://arecruitment.andaman.gov.in |
| আই.টি.বি.পি.-তে কনস্টেবল | আই.টি.আই. | ১০৮ | ১৭-৯-২২ | www.recruitment.itbpolice.nic.in |
| কেন্দ্রীয় সরকারে কয়েকশো জুনিয়র ইঞ্জিনিয়ার | ডিগ্রি ও ডিপ্লোমা | - | ২-৯-২২ | http://ssc.nic.in |
| কোস্ট গার্ডে অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট | গ্র্যাজুয়েট | ৭১ | ৭-৯-২২ | www.joinindiancoastguard.cdac.in |
| বর্ডার সিকিউরিটি ফোর্সে হেড কনস্টেবল, সাব ইন্সপেক্টর | উচ্চমাধ্যমিক | ৩২৩ | ৬-৯-২২ | http://rectt.bsf.gov.in |
| নেভিতে অফিসার | উচ্চমাধ্যমিক. | ৩৬ | ২৮-৮-২২ | www.joinindiannavy.gov.in |
| ন্যাশনাল হাইওয়ে অথরিটিতে ইয়ং প্রফেশনাল | আইনের গ্র্যাজুয়েট | ৫০ | ৯-৯-২২ | www.nhai.gov.in |
| সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সে সাব-ইন্সপেক্টর | আই.টি.আই. | ৪,৩০০ | ৩০-৮-২২ | www.ssc.nic.in |
| সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সে সাব-ইন্সপেক্টর | আই.টি.আই. | ৪,৩০০ | ৩০-৮-২২ | www.ssc.nic.in |
| ন্যালকোর গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার | গ্র্যাজুয়েট | ১৮৯ | ১১-৯-২২ | www.nalcoindia.com |
| আই.টি.বি.পি.-তে কনস্টেবল | মাধ্যমিক | ৫২ | ২৭-৯-২২ | www.recruitment.itbpolice.nic.in |
| কলকাতায় আর্মির র‍্যালি | এইট পাশ মাধ্যমিক,HS | - | ৬-৯-২২ | joinindianarmy.nic.in |

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

এখন থেকে নতুন ভাবে
WBCS / IAS
পাশ করতে গেলে লাগবেই...
Appointment & Career News
রাজ্য ও কেন্দ্রীয় সরকারের সিভিল সার্ভিস পরীক্ষায় গত ২ বছরে চাকরি পাওয়া আধিকারিকদের পরীক্ষা প্রস্তুতি, টিপস, স্টাডি মেটেরিয়াল, পরীক্ষা হলের স্ট্র্যাটেজি সহ একগুচ্ছ প্রতিবেদন নিয়ে বেরোল
ঘরে বসে সরাসরি পেতে যোগাযোগ করুন : 9830624170

# পশ্চিমবঙ্গ সরকার

## অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন বিভাগ

# রাজ্যের তপশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত ছাত্র-ছাত্রীদের বিনা মূল্যে JEE / WB JEE / NEET - 2023 এর কোচিং

**দ্বাদশ শ্রেণী (Class XII) বিজ্ঞান বিভাগ এবং স্নাতক স্তরের প্রথম বর্ষে পাঠরত ছাত্র-ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে।**

**আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ : ২৭/০৮/২০২২**

**আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা :**

1. মাধ্যমিক / সমতুল পরীক্ষায় অন্তত ৬০% (SC) / ৫০% (ST) নম্বর প্রয়োজন। 2. পরিবারের বার্ষিক আয় অনুর্দ্ধ : ৩,০০,০০০/- ।

**300 টাকা মাসিক স্টাইপেন্ড দেওয়া হবে।**

**জেলাভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্র**

| Sl. No | District | Location | Address | Contact No |
|---|---|---|---|---|
| 1 | 24 Parganas (North) | Bagdah | Helencha High School | 9062508020 |
| 2 | 24 Parganas (North) | Barasat | Noapara Rashbihari Institution For Girls | 7980491213 |
| 3 | 24 Parganas (North) | Barrackpore | Naihati Narendra Vidyaniketan | 8910194802 |
| 4 | 24 Parganas (North) | Bashirhat | Bhabla Tantra S R High School | 9547693365 |
| 5 | 24 Parganas (South) | Baruipur | Madarat Popular Academy | 9674461209 |
| 6 | 24 Parganas (South) | Diamond Harbour | Bharat Sevashram Sangha Pranab Vidyapith HS | 9614459239 |
| 7 | Bankura | Bankura Town | Bankura Girl's High School | 8436909827 |
| 8 | Bankura | Khatra | Khatra Girl's High School | 9932441044 |
| 9 | Howrah | Bagnan | Bagnan Girl's High School | 8697803520 |
| 10 | Jhargram | Jhargram | Jhargram Kumudkumari Institution | 9635238730 |
| 11 | Paschim Bardhaman | Durgapur Town | Durgapur TarakNath High School | 9091044624 |
| 12 | Pashchim Medinipur | Medinipore Town | Keranitola Shree Shree Mohanananda Vidyamandir | 9832125087 |
| 13 | Pashchim Medinipur | Kharagpur | Kharagpur Traffic High School | 6295997083 |
| 14 | Purba Medinipur | Contai | Contai Kishorenagar Sachindra SikshaSadan | 8250633799 |
| 15 | Purba Medinipur | Khejuri | Heria Sibaprasad High School | 7407171021 |
| 16 | Purulia | Manbazar | Manbazar Radhamadhab Institution | 9064916112 |
| 17 | Purulia | Purulia Town | Chittaranjan Boy's School | 8670556109 |
| 18 | Alipurduar | Alipurduar | Alipurduar High School | 9434179669 |
| 19 | Alipurduar | Madarihat | Madarihat High School | 9434179669 |
| 20 | Birbhum | Suri | Birbhum Zilla High School | 9800189265 |
| 21 | Coochbehar | Coochbehar Town | Coochbehar Jenkins School | 9679078169 |
| 22 | Dakshin Dinajpur | Balurghat Town | Balurghat High School | 9932923534 |
| 23 | Darjeeling | Siliguri Town | Siliguri Boy's High School | 8918639742 |
| 24 | Darjeeling | Darjeeling Town | Minority Meeting Hall, Office of the DM | 8250496027 |
| 25 | Hooghly | Tarakeshwar | Tarakeswar Girls Primary School | 9732628739 |
| 26 | Jalpaiguri | Jalpaiguri Town | Jalpaiguri Higher Secondary School | 8391935711 |
| 27 | Jalpaiguri | Malbazar | Malbazar Adarsha Vidyapith | 9832086741 |
| 28 | Kalimpong | Kalimpong | Jubilee School | 8001377249 |
| 29 | Malda | Malda Town | Malda Bibhutibhusan High School | 7797919580 |
| 30 | Malda | Chanchal | Chanchal Sidheswari Institution | 9679641846 |
| 31 | Nadia | Krishnanagar | Krishnagar AV High School | 9614894091 |
| 32 | Nadia | Kalyani | University Experimental High School | 9903740075 |
| 33 | Purba Bardhaman | East Burdwan | Krishnapur High School | 8918943234 |
| 34 | Uttar Dinajpur | Raiganj | Sudarsanpur Dwarika Prasad Uchcha Vidyachakra | 8436510006 |
| 35 | Murshidabad | Jangipur | Jangipur High School | 7001595928 |
| 36 | Kolkata | Kolkata | Jodhpur Park Boy's School | 6291691563 |

আবেদনপত্র প্রশিক্ষণ কেন্দ্রে পাওয়া যাবে। এছাড়াও www.anagrasarkalyan.gov.in / www.wbbcdev.gov.in Website - এ পাওয়া যাবে।
05/08/2022 থেকে 27/08/2022 তারিখের মধ্যে আবেদনপত্র নির্দিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে জমা করতে হবে।
অথবা Online এ আবেদনের জন্য www.wbbcdev.gov.in দেখুন।

প্রশিক্ষণ রূপায়ণে ncsm

**Head Office:**
166/A Canal South Road,
Beliaghata, Kolkata - 700105

বিশদ জানতে যোগাযোগ করুন:
9903740075
9433444999

কি ভাবছেন !! কম খরচে কোর্স করবেন ? কোথায় করবেন ? আপনার সমাধান আছে আমাদের কাছে !

এবার নিজের "BOSS" নিজেই হন...

কম খরচে ফার্মেসি কোর্স করে Retail বা Wholesale ওষুধের দোকান খুলুন

D.Pharmacy | B.Pharmacy

HS Sc. (PCB/M with 50% Marks) | PCI Approved

FOR ADMISSION 7003323135

প্যারামেডিক্যাল কোর্স ঃ

- ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি (CCT)
- ডায়ালিসিস টেকনিশিয়ান (DT)
- অপারেশন থিয়েটার টেকনোলজি (OTT)
- রেডিওগ্রাফি | ফিজিওথেরাপি | অপটোমেট্রি
- মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি (MLT)
- রেডিওথেরাপি টেকনোলজি (RT)
- ল্যাব টেকনিশিয়ান | ইসিজি টেকনোলজি



FOR ADMISSION 9088945055

আপনি কি মাধ্যমিক / HS ফেল ?

আপনি কি HS Science নিয়ে পাশ করতে চান ?

NIOS

রবীন্দ্র মুক্ত বিদ্যালয় ও NIOS থেকে একচান্সে পাশ করুন

100% Pass Assistance, Admission Guide, Study Materials & Online Coaching

FOR ADMISSION 7044064045

GNM নার্সিং

B.Sc নার্সিং

MBBS | BDS



FOR ADMISSION 7003323135



BA LLB

BBA LLB

B.Com LLB

LLB | LLM | Ph.D

FOR ADMISSION 9748023586

BA, MA, B.Sc, M.Sc

B.Com, M.Com, B.Lib

M.Lib, BSW, MSW

(Regular/Distance)

Ph.D (All Subjects)



FOR ADMISSION 6290233645



BBA, MBA, BCA, MCA

Hospital Management

Hotel Management

B.Tech, M.Tech

Ph.D (All Subjects)

FOR ADMISSION 8597596723

B.Ed | M.Ed | B.P.Ed | D.El.Ed

FOR ADMISSION 9748023586

ITI (Fitter & Electrician)

Polytechnic (Mechanical/Electrical Civil/Automobile)



FOR ADMISSION 6290233645

FOR FRANCHISE OPPORTUNITY 8334923405

HALDAR GROUP OF INSTITUTIONS

(WB GOVT. REG. NO: IV–1903–00118/2022)

An ISO 9001:2008 Certified Institute | www.haldargroup.org

হেড অফিস ঃ সোনারপুর, এইচ. সি. সরনী, কলকাতা - 700150

কর্পোরেট অফিস ঃ সোনারপুর, মিশন পল্লী মোড়, কলকাতা - 700150



Mr. Samar Haldar
Chairman & Director


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-8233. E-Mail : karmsang@gmail.com